ঈশ্বরের আরাধনার্থে নূতন সংগৃহীত

ধর্ম্ম গীত।

"ঈশ্বর তাবৎ পৃথিবীর রাজা, তাঁহার উদ্দেশে বিবেচনা করিয়া গান কর।" গীত ৪৭ ; ৭।

"আমাদের ঈশ্বরের উদ্দেশে গান করা উত্তম এবং তাঁহার প্রশংসা করা মনোহর ও উপযুক্ত।" গীত ১৪৭ ; ১

A

NEW SELECTION OF HYMNS

FOR

DIVINE WORSHIP.

CALCUTTA:

PRINTED FOR THE ASSOCIATED BAPTIST CHURCHES

IN BENGAL,

AT THE BAPTIST MISSION PRESS.

1846.

PREFACE.

The present collection of hymns has been prepared at the request of the Associated Baptist Churches in Bengal; a new Hymn Book having been long felt to be much needed.

In carrying out this design, all the hymns which were procurable, whether in print or in manuscript, amounting to several hundreds, have with much labour and care been examined, and the best of them, according to the compiler's judgment, selected for this work. To these have been added a number of hymns from his own pen, chiefly translations of English hymns or paraphrases of passages of Scripture.

The object of the compiler has been, principally, to present in the hymns given, as great a variety of subjects as possible; and also to render the hymn book equally and immediately useful to all the churches of the "Association." To effect the latter purpose, means were adopted which through the kindness of his brethren were successful, to ascertain what hymns were in actual use in the churches severally; and these, with the exception of some few hymns which were not thought worth retaining, will be found in the work. Hence each church will not only have most of its own hymns, but also almost all that have been in use throughout the denomination. And in respect to those hymns which are original, care has been taken to adapt them to tunes which are generally known, so that it is hoped, these

also will be available with a little effort, for use in the worship of God.

To facilitate the use of this hymn book, besides the usual indexes of first lines, and the subjects of the hymns, an index of those hymns which may be sung to the *same* tune, has been given. It does not classify all the hymns, nor indeed the larger proportion of them, for this was impracticable; many hymns are so constructed as to admit of being sung to one tune only: but the index will, if attended to, assist in bringing many hymns into use, which would otherwise remain unsung in our congregations. The practice so common in the singing of Bengálí hymns, of adapting but one hymn to a tune, and *vice versa*, should be got rid of as soon as possible, as it must greatly retard the general use of a hymn book. Few congregations, or individuals even, can learn more than a few tunes.

And now that the work confided to him by his brethren is brought to a close, the compiler would express the hope that it may prove acceptable to them, and to the Native Christian Churches generally; and that under the Divine blessing, many may be aided by its means most pleasantly and profitably to offer up to God, both in private and in public worship, acceptable sacrifices of thanksgiving through the Lord Jesus Christ. Amen.

G. P.

ভূমিকা।

অনেক দিনাবধি নানাকারণে নূতন ধর্ম্ম গীত পুস্তকের আবশ্যক হওয়াতে বঙ্গ দেশস্থ অবগাহিত মণ্ডলীর বার্ষিক সভার ইচ্ছা ক্রমে এই পুস্তকের সংগ্রহ কর্ত্তার প্রতি তৎকর্ম্ম নির্ব্বাহের ভারার্পণ হইলে সংগ্রহকর্ত্তা অনেক মনোযোগ ও পরিশ্রম পুরঃসর পূর্ব্বকালীন বহুসংখ্যক মুদ্রাঙ্কিত ও হস্ত লিখিত গীত পরীক্ষাপূর্ব্বক তন্মধ্যে আত্ম বিবেচনানুসারে উত্তম২ গীত মনোনীত করিয়া এবং ইংরাজি গীত অনুবাদ করিয়া ও ধর্ম্ম পুস্তকের কোন২ স্থানের বিশেষ২ ভাব লইয়া স্বয়ং গীত রচনা করিয়া উভয় গীত সংগ্রহপূর্ব্বক মুদ্রাঙ্কিত করাইলে এই পুস্তক প্রস্তুত হইল। আর এই পুস্তক মধ্যে ধর্ম্ম বিষয়ক নানাপ্রকরণ থাকে বিশেষতঃ এই পুস্তক সকল মণ্ডলীতে সহজে ব্যবহৃত হয় এই অভিপ্রায়েতে সংগ্রহকর্ত্তার বিশেষ উপায়দ্বারা প্রত্যেক মণ্ডলীর পূর্ব্বের ব্যবহৃত গীত সকল আনীত হইয়া তন্মধ্যে অপ্রযোজনীয় গীত ব্যতিরেকে সকল মণ্ডলী সংক্রান্ত গীত এই পুস্তকে দত্ত হইল। অতএব প্রত্যেক মণ্ডলী পরস্পর প্রায় সকল মণ্ডলীর ব্যবহৃত গীত এই পুস্তকেতে পাইতে পারিবেন, তদ্ভিন্ন নূতন রচিত যে২ গীত আছে বোধ হয় অত্যল্প শ্রম করিলে সে সকল গীতও গান করা দুষ্কর হইবে না।

সামান্যতঃ অন্য২ গীতপুস্তকে যেরূপ নির্ঘণ্ট পাওয়া যায়, তদপেক্ষা এই পুস্তকের এক বিশেষ নির্ঘণ্ট প্রস্তুত করা গেল।

তাহাতে মনোনিবেশ করিলে বিশেষতঃ সেই সকল গীত সংখ্যার মধ্যে যে কোন সংখ্যার গীতের স্বর অবগত থাকিলে তৎ শ্রেণীস্থ সংখ্যার তাবৎ গীত সহজেই গান করিতে পারিবে। যেহেতুক যে সমস্ত গীত এক স্বরেতে প্রস্তুত হইয়াছে সেই সকল গীতের সংখ্যা এক শ্রেণীর মধ্যে সঙ্কলিত হইয়াছে। কিন্তু গীত পুস্তকের সমুদয় গীত ঐ ধারানুসারে তন্নিঘণ্ট পত্রে লিখিত হয় নাই কেননা এক স্বরে একটি গীত মাত্রও রচিত হইয়াছে তত্তুল্য স্বরে অপর গীত নাই, এইরূপ অনেক গীত আছে, সুতরাং তদ্রূপ গীত উক্ত প্রকারে শ্রেণী বদ্ধ করা অসাধ্য।

অধিকন্তু এতদ্দেশে এক স্বরে একটি গীত রচিত ইহাই প্রায় প্রচলিত দেখা যায়, অতএব ইহা শোধন হইলে ভাল হয়, কেননা যত কাল পর্য্যন্ত এই প্রথা চলিত থাকিবে তত কাল অধিক গীত সত্বেও অল্প সংখ্যক গীত মাত্র গান করিতে পারিবে। কারণ অল্প স্বর বিনা অধিক প্রকার স্বর প্রায় অনেকেই শিখিতে পারে না, সুতরাং অল্প গীত ব্যতিরেকে অধিক গীত গাইতে পারে না।

সংগ্রহকর্ত্তার হস্তে সভাকর্তৃক উক্ত কর্ম্মের ভারার্পণ হইতে এই ক্ষণে তাহা সমাধা হওয়াতে তাঁহার মনে এই ভরসা জন্মে, যে উক্ত সভাতে এবং এতদ্দেশীয় অন্য ২ তাবৎ খ্রীষ্টীয়ান মণ্ডলীর নিকটে এই পুস্তক গ্রাহ্য হইয়া ঈশ্বরের আশীর্ব্বাদে তাঁহাদিগের প্রকাশিত ও অপ্রকাশিত ভজনা সময়ে প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা ঈশ্বরোদ্দেশে ধন্যবাদরূপ বলি উৎসর্গ করিতে সাহায্য প্রাপ্ত হইবেন। আমেন। জি. পি.

যে২ সংখ্যার গীত তুল্য স্বরে রচিত হইয়াছে তাহার নির্ঘণ্ট।

ইংরাজী স্বর।

L. M. ছয় দিনের কর্ম্ম হৈল শেষ, ৩২। ৩৫।২২২।
৩০৬।২৫১।

C. M. পরিত্রাণ কি আনন্দ রব, ৬।১৮৯।

S. M. হে প্রিয় সখাগণ, ১৫। ৩৭।১

7's. ধর্ম্মশাস্ত্রে যেই জন, ১।১০।১১।১৩।১৭ ৩৪।
৯৭। ১৪১। ১৫৩। ১৭১। ১৭৪।১৯৮। ১৭২।
১৭৩।১৭৬।১৮১।১৮৩।১৮৬।১৮৭। ৩০৪।

8. 7. প্রভু বাড়াও তোমার রাজ্য, ৪৬।৫৬।৮৯।১২৮।
১৪৮।১৫১।১৮১।১৭৫।১৮১।১৯৩। ৩০৫।
১৬২।১৬৩।২৫৭।২৫৬।২৪৭।

11's. হে জগতের স্বামি ত্রাণ কর এ নরে, ১৬১। ১৭১।
১৭৫।২৫৩।

বাঙ্গলা স্বর।

ওহে ঈশ্বর কৃপা করি কর মোরে পার, ২১৫। ৩। ৫২।
১০০। ১০১।১০৩।১৮৯।১৫১।১৫০।

যে জন আপন প্রাণ দিয়া পাপি উদ্ধারে, ২১। ২৪৩।
২৮৪।৫৭।

পাপির কারণ দয়াল যীশু, ১১২।৩১।

ধর্ম্মগীত।

ধর্ম্মপুস্তকের বিষয়।

THE SCRIPTURES.

১ (ধার্ম্মিক ও অধার্ম্মিকের গতি)

The Righteous and the Wicked, their way and end. Ps 1. 7's.

১ ধর্ম্মশাস্ত্রে যেই জন
দিবা নিশি রাখে মন,
তাহে নিত্য সন্তোষ পায়
ঈশ্বর কর্ত্তৃক ধন্য হয়।

২ পাপিগণের সকল পথ
না হয় তাহার অভিমত,
ত্যজি তাদের আলাপন
দূরে থাকে সর্ব্বক্ষণ।

৩ নদী তীরের বৃক্ষগণ
যেমন সদা ফলবান,
তাদের পত্র শুষ্ক নয়
তদ্রূপ সে জন ধন্য হয়।

৪ এ রূপ পাপির গতি নয়
তারা চালিত তুষের ন্যায়,
এতদর্থে বিচার দিন
নিশ্চয় হবে উপায় হীন।

৫ ঈশ্বর, পাপী পুণ্যবান,
তুল্য নাহি করেন জ্ঞান,
কভু পাপী স্বর্গালয়
ধার্ম্মিক সহ নাহি রয়। G. P.

---

২ (ধর্ম্মপুস্তকের উত্তমতা)

The excellency of the Scriptures.

১ দোষে ভারগ্রস্ত আর পায়্যা নানা ভয়,
লইতেছি ওহে প্রভো তোমাতে আশ্রয়।
তব শাস্ত্র বিনা অন্য স্থানে নাহি ত্রাণ,
প্রত্যাশাতে পূর্ণ হয়্যা করি দৃঢ় জ্ঞান॥

২ পিতৃদত্ত দয়াগ্রন্থ অতুল্য উপায়,
তাহা বিনা মম দুঃখ কে আর ঘুচায়।
তাহার প্রত্যেক পৃষ্ঠা সদৃশ দর্পণ,
তাহাতে সর্ব্বদা দেখি তারক বদন॥

৩ ধর্ম্মগ্রন্থে আছে বহু আশ্চর্য্য বিধান,
বহুমূল্য রত্নাকর ক্ষেত্রের সমান।
সেই রত্ন লাভে যত্ন করে যেই জন,
জ্ঞানিরূপে গণ্য হয় পায় ত্রাণ ধন॥

৪ পাপে কুপিপাসা যত জন্মে অনুক্ষণ,
ধর্ম্মগ্রন্থ নদীর জলে হয় নিবারণ।
তাহা উত্তম বৃক্ষযুক্ত স্বরূপ উদ্যান,
তার ফল যেই খায় পায় অমর প্রাণ॥

৫ মানব বুদ্ধিতে যাহা স্থির নাহি হয়,
ধর্ম্মপুস্তক ব্যক্ত করে তাহা সমুদয়।
তিমিরে আবৃত ভবে কথিত পুস্তক
অনন্তায়ুঃ দাতা আর পথ প্রদর্শক॥

৬ মহান্ ঈশ্বর তুমি নিজ বিধিমতে,
বিচালিত মম পদ রাখ সত্য পথে।
ইথে সুখকর তব পথেতে প্রস্থান
করিয়া পাইব আমি সুদুর্লভ প্রাণ॥ G. P.

---

৩ (ঈশ্বরের গুণ প্রকাশক বাক্য ও কর্ম্ম)

The Works and the Word of God.

অন্ধকারাবৃত আমরা হইলাম দীপ্যমান।
মৃত্যু শঙ্কায় প্রভুর কৃপায় আছি জীবমান ॥

১ ওহে ঈশ্বর, গ্রহচয় তোমার অতুল গৌরব কয়,
এবং তারা তেজো দ্বারা জানায় তোমার জ্ঞান।
কিন্তু তোমার ধর্ম্মশাস্ত্র যখন দেখে মম নেত্র,
তখন তব মহদ্গুণ অধিক প্রকাশমান্ ॥

২ শূন্যে সূর্য্যের গতি দীপ্তি প্রকাশ করে তোমার গুণ,
দিবা রাত্রি তোমার শক্তির স্পষ্ট দেয় প্রমাণ।
কিন্তু তব ধর্ম্মগ্রন্থ সত্য দয়ার সুবৃত্তান্ত
অতুল রূপে ব্যাখ্যা করে তাহার সর্ব্বস্থান ॥

৩ সূর্য্য চন্দ্র তারা রাশি কিরণ করে দিবা নিশি
তব যশ লইয়া ঘোষে নিত্য সর্ব্বধাম।
এতদ্রূপে তোমার বাণী স্বর্গ হইতে এ অবনী
দেশ বিদেশ ব্যাপ্ত হইয়া হইল ধাবমান ॥

৪ পৃথিবীতে সূর্য্য যেমন অবিরত করে ভ্রমণ
সর্ব্ব জনে দীপ্তি দিয়া করে মঙ্গল দান।
তেমন নিত্য যীশুর বাণী চলিত হইয়া এ ধরণী
সুখী করে সর্ব্বপ্রাণী প্রদানে সম্মান ॥

৫ ওহে যীশু দিবাকর ঘুচাও জগদন্ধকার,
স্বর্গহইতে আলো দিয়া কর দীপ্যমান।
তোমার নির্ম্মল বাক্য বিধি জ্ঞানী করে নিরবধি
যত লোকে গ্রাহ্য করে দিয়া মনে স্থান॥ G. P.

৪

(ধর্ম্মপুস্তক)

The Scriptures.

১ মহাপ্রভু মহাশ্চর্য্য তোমার সকলি কার্য্য
দেখি মনে জন্মায় সন্তোষ।
কিন্তু তব দয়া জ্ঞান বল বুদ্ধি যত গুণ
ধর্ম্মপুস্তকেতে সুপ্রকাশ॥

২ সূর্য্য চন্দ্রাদি নক্ষত্র সদা ভুমে স্বর্গক্ষেত্র
দেয় নিত্য নানা উপদেশ।
তোমার ধর্ম্মের বাক্য সুশিক্ষা দেয় প্রত্যক্ষ
কিসে মম স্বর্গেতে প্রবেশ॥

৩ ক্ষেত্র দিতেছে ভোজন কিন্তু তব ধর্ম্ম জ্ঞান
আত্মার ভোজনাদি জন্মায়।
তাহাতে সন্তোষ মন ধন গৌরব জীবন
অমরত্ব ফল উপজায়॥

৪ ইহাতে ধর্ম্মাজ্ঞা শিখি ইথে মম দোষ দেখি
মিলয়ে অপূর্ব্ব উপদেশ।

খ্রীষ্ট কিবা কর্ম্ম কৈলেন মম হেতু প্রাণ দিলেন
অতি প্রেম করিলেন প্রকাশ ॥

৫ তেঁই এই ধর্ম্ম বাণী আমি ভাল মনে জানি
শিরে থুয়্যা করিব আদর।
দিবসেতে করি গান রাত্রিতে শয়নে ধ্যান
মোর মন সদা তুষ্টি কর ॥ A. S.

৫

(ধর্ম্মগ্রন্থ)

The Scriptures.

১ ধর্ম্মগ্রন্থ ত্রাণোপায় মহাধন রত্নময়
প্রদত্ত ঈশ্বরকৃপায় হয় তাহে জ্ঞানোদয়।

২ পাপ করিতে নাহি দেয় যীশু খ্রীষ্টের প্রেম দেখায়
ত্রাণের পথ প্রবর্ত্তায় দোষিকে নির্দ্দোষ করায়।

৩ ধর্ম্ম আত্মার শিক্ষা দেয় দুঃখেতে শান্তি জন্মায়
সত্যে বিশ্বাস লওয়ায় পাপ ও মৃত্যুর সদুপায়।

৪ নরকের ভয় ঘুচায় স্বর্গের ভরসা জন্মায়
ধর্ম্মগ্রন্থ জ্ঞানময় পাঠে জ্ঞান রত্নোদয়। A. S.

সুসমাচার প্রচারের বিষয়।

THE GOSPEL.

(পরিত্রাণের বিষয়)

Salvation. C. M. Ashley.

১ পরিত্রাণ কি আনন্দ রব
তার শ্রবণ কেমন সুখ,
সে মনের পীড়ার ঔষধ সব
ও ঘুচায় সকল দুখ।

২ পাতকের বিষম পঙ্কেতে
ডুবিয়া মরিলাম,
হায়, খ্রীষ্টের কিবা কৃপাতে
পুনর্ব্বার বাঁচিলাম।

৩ পরিত্রাণের সুসমাচার
ভূমণ্ডল ব্যাপ্ত হউক,
সুমঙ্গলহেতু সবাকার
গান করুক সর্ব্বলোক।

৪ গৌরব সম্ভ্রম রাজ্য স্তুতি,
নিত্য হউক যীশুর প্রতি,
তিনি মোদের ত্রাণের পতি।
তাঁহার কর জয় জয় কার,
তাঁহার কর জয় জয় কার।। G. P.

---

৭ (যোবেল্ বর্ষ)

Jubilee, or the Acceptable year of the Lord.

উল্লাস কর হে ভ্রাতৃগণ,
হলো যোবেল্ বর্ষের আগমন।

১ শুন মন স্থির করি, বাজে সুসমাচার তূরী, মধুস্বরে,
দেখ দীনহীনের মুক্তির তরে যীশু দিলেন আপনার প্রাণ।

২ ওহে সহবন্দি ভাই, চল যীশুর কাছে যাই, ভক্তি ভাবে,
বিক্রীত যে অধিকার, পাব তাহা পুনর্ব্বার, বিনা ধনে,
শুন তূরী বাজে চতুর্দ্দিগে, হলো যোবেল্ বর্ষের আগমন।।

৩ পূর্ব্ব পশ্চিম দক্ষিণ দেশে আছি আমরা পাপের বশে,
অতি ক্লেশে,
ঈশ্বর হইয়া অবতার, সহিলেন পাপের ভার, নিজ দেহে,
এখন তাঁহার স্তুতি গাইয়া চল, করি পিতার গৃহেতে গমন।

৪ শিব আদি যত দেবতা, তারা নহে অস্মদ্ত্রাতা, সভে মিথ্যা;
হইয়া তাদের অনুগত দুঃখ পাইলাম শত ২, জীবন গেল,
যীশু না করিলে মুক্তি ওহে, তবে হারাইতাম সভে প্রাণ ॥

৫ দেশে ২ অশেষ পাপ, ভ্রান্তি দুঃখ অভিশাপ, যত আছে,
সে সমস্ত লুপ্ত কর, তব বাক্যে হে ঈশ্বর, অতি ত্বরায়,
তবে হবে নরের হিত সর্ব্বত্র, এবং তব গৌরব প্রকাশমান্ ॥

রা কৃ.

৮ (ধর্ম্মদিনোদয়)

The day spring from on High.

মানব রূপী হইলেন জ্যোতিরীশ্বর,
আইলেন নাশ করিতে অন্ধকার।

১ আদম হবা এই দুই জনা, তারা ঈশ্বর আজ্ঞা লঙ্ঘন
করিল পাইয়া মন্ত্রণা, ও ভাই সেই অবধি এই জগতে ব্যাপ্ত
হইল পাপ আঁধার ॥

২ তাদের বংশজাত সর্ব্বজন, এই যে পাপের পথে সদাই
মোরা করয়াছি ভ্রমণ, ও ভাই চায়্যা দেখ, ধর্ম্মসূর্য্য উদয়
আমাদের উপর।

৩ উঠ ২ ওহে বন্ধুগণ, এই যে নিদ্রা ঘোরে থাক কেন হয়্যা
অচেতন, ও ভাই শীঘ্রগতি চেতন হও পূর্ব্বদিকে দিবাকর।

৪ এখন নিশি পোহাইয়া গেল, এই যে খ্রীষ্ট বাণী সুসমাচার বাজি উঠিল, ও ভাই ঘুমাইয়া আর থেকো নাক, শুন তূরীর বাদ্য তাঁর।

৫ এখন শুন ওহে বন্ধুগণ, এই যে নিদ্রার বশে না থাকিয়া কার্য্যেতে দেও মন, ও ভাই অন্ধকার ত্যজ্য করো খ্রীষ্টের স্মরণ কর সার। কা মং.

৯ (ধর্ম্ম সূর্য্যোদয়)

The rising of the Sun of Righteousness.

কালনিশি পোহাইল প্রভু যীশুর আগমনে।

১ যীশু খ্রীষ্টের উদয়, অন্ধ লোক দৃষ্টি পায়,
আনন্দ মর্ত্ত্য ভুবনে।

২ দেব দর্প ব্যভিচার, তাপে হয় ছারখার,
ক্ষুব্ধ নিশাচর গণে।

৩ পাপ কুমুদ মুদিত, প্রেম কমল বিকসিত,
আমোদ হইল আঘ্রাণে।

৪ যারা ছিল তিমিরেতে, আর মৃত্যুর ছায়াতে,
আলো দেখিল নয়নে।

৫ যীশু নামে হৈল ভোর, ঘুচিল ঘুমের ঘোর,
চেতনময় জগজ্জনে।

ঈশ্বরের আরাধনার বিষয়।

THE WORSHIP OF GOD.

১০ (ভজনালয়ে নিমন্ত্রণ)

Invitation to the House of God. Ps. CXXII. *7's.*

১ যে সময়ে বন্ধুগণ
করে মোরে আহ্বান্,
প্রভুর গৃহে চল যাই
তাতে আমি আহ্লাদ্ পাই।

২ সিয়োন অতি রম্য স্থান
ঈশ্বর কর্তৃক সুনির্ম্মাণ,
কিবা তাহা শোভা পায়
হেরে সভার হর্ষ হয়।

৩ তথায় যীশু দায়ূদ্ সুত
সিংহাসনে আবির্ভূত
করেন সদা সুবিচার
তাহে হর্ষিত সাধু নর।

৪ যীশুর প্রিয় ভক্তগণ
করি তথায় আগমন,
মিলে করে আরাধন
ঈশ্বর সদা ধন্য হউন।

৫ সিয়োন প্রেমি যত জন
তাদের মঙ্গল সর্ব্বক্ষণ
ঈশ্বর করুণ ইহা চাই,
তাহা হইলে হর্ষ পাই॥ রা কৃ.

১১ (খ্রীষ্ট সবার স্তুত্য)

Christ worthy of universal Praise. National Air.

১ যীশু খ্রীষ্ট পরম নাম
সে সর্ব্ব গুণধাম
জগতের ত্রাণ।
কর তাঁর মহাস্তব
অতি আনন্দ রব
পাপি হে আইস সব,
গাও এই গান।

২ যিনি দেন আপন প্রাণ
করিতে পাপির ত্রাণ,
জয় ২ হউক তাঁর।

জগতের সর্ব্ব জন
যীশুর অতুল্য গুণ
গান কর সর্ব্বক্ষণ,
ভুল না আর।

৩ যীশুর অসীম প্রেম
দেখিয়া খণ্ডাও ভ্রম
জানিয়া সার।
মরিয়া পুনর্ব্বার
উঠিলেন ত্রাণকর,
নিশ্চয় দেখাইলেন তাঁর
শক্তি অপার।

৪ প্রকাশ হউক যীশুর নাম,
ব্যাপিয়া সর্ব্ব ধাম
কিবা গুণ তাঁর।
সুগন্ধ পুষ্পের ঘ্রাণ
যেমনে পূরায় স্থান
তেমন হে দয়াবান,
হও সুখকর। J. C.

১২ (ঈশ্বরের ভজনার্থে আহ্বান)

Exhortation to Public Worship. Ps. c. 7's.

১ ওহে জগৎ বাসি নর
কর প্রভুর জয় ২ কার,
হৈয়া প্রফুল্লিত মন
কর সদা আরাধন।

২ উচ্চৈঃস্বরে করি গান
হৈয়া সবে ধাবমান,
যথা তাঁহার নিকেতন
তথায় কর আগমন।

৩ প্রভু বটেন সত্যেশ্বর
তাঁহার সৃষ্ট সর্ব্বনর,
আমরা সবে তাঁহার লোক
তিনি আমাদের পালক।

৪ ধন্যবাদে তাঁহার পুর
প্রশংসাতে গৃহে তাঁর,
প্রবেশ করো সর্ব্ব জন
কর প্রভুর গুণ গান।

৫ ঈশ্বর শুভদাতা হন
তিনি সদা আশীস্ দেন,
তিনি হয়েন নির্ব্বিকার
তাঁহার বাক্য সারাৎসার। রা ক.

১৩ (ঈশ্বর ভজনার্থে উপদেশ)

Exhortation to serve God. Ps. XCV. *7's.*

১ সর্ব্বোপরি স্থিতি যাঁর
কেবল তিনি রাজেশ্বর,
ওহে সকল মানবগণ
কর তাঁহার আরাধন।

২ অতি গভীর মহার্ণব
নদী পর্ব্বত ভূমি সব,
তাঁহাহইতে সৃষ্ট হয়
এবং তাঁহার অধীন রয়।

৩ মানুষ পশু প্রভৃতি
প্রাণির করি উৎপত্তি,
তাদের প্রতি দিয়া মন
করেন সদা সুপালন।

৪ তাঁহার আজ্ঞা হেয়জ্ঞান
করিয়াছে মানবগণ,
তবু করেন উপায় দান
পাইবারে পরিত্রাণ।

৫ ইথে রাখ ধর্ম্মবোধ
নাহি বাড়াও তাঁহার ক্রোধ,

অদ্য কর অঙ্গীকার
তিনি আমাদের ঈশ্বর।

৬ পাছে ক্রোধে তুলি হাত
শপথ করি কহেন নাথ,
ওরে তুচ্ছকারি জন
শপ্ত থাক সর্ব্বক্ষণ। G. P.

১৪ (ঈশ্বরের অধিষ্ঠানার্থে প্রার্থনা)

Public Worship, or the presence of God desired among his people.

প্রভু আছি তোমার ঘরে
দীন হীনে সভা করে, ডাকে তোমায় হে কাতরে

১ তুমি করণ কারণ, নির্ব্বিকার নিরঞ্জন,
তুমি ঈশ্বর নন্দন, পূজনীয় স্বর্গপুরে।

২ পূজিতে তোমার চরণ, সভার নিতান্ত মনন,
আসি দেও হে দরশন, এই সভায় কৃপা করে।

৩ তোমার প্রসন্ন বদন, সভায় করাও হে দর্শন,
প্রফুল্ল হউক সভার মন, তোমার সৌন্দর্য্য হেরে।

৪ মোরা অতি অভাজন, না জানি ভজন সাধন,
করি কৃপা বরিষণ, দেহ ধর্ম্ম জ্ঞান সভারে।

৫ তব রাজ্যের আগমন, শীঘ্র হউক হে রাজন,
তোমার আজ্ঞাপালন, যেন করে জগৎ নরে।

১৫ (খ্রীষ্টধর্ম্ম অধিকারের জন্যে আনন্দ)

Christians rejoicing in their Privileges. S. M.

১ হে প্রিয় সখাগণ,
এক স্বরেতে সবাই
ঘেরিয়া প্রভুর সিংহাসন
আনন্দে স্তুতি গাই।

২ নিজ মনোদুঃখ সব
বিস্মৃত যেন হই,
করিও না এ অনুভব,
ধর্ম্মেতে সুখ নাই।

৩ নীরব থাকুক্ সে জন
যে ঈশ্বর জানে না,
কিন্তু তাঁর প্রিয় ভক্তগণ
করিবে ভজনা।

৪ স্বর্গের রাজাধিরাজ
করেন সর্ব্বাধিকার,
আকাশ কি স্থলে তাঁহার যে কায
সে অতি চমৎকার।

৫ ঐ মহৎ মহেশ্বর
আমাদের প্রিয় তাত,
সেবকদের মঙ্গল অনিবার
করেন সেই স্বর্গনাথ।

৬ যাইয়া প্রভুর স্থান
দেখিব তাঁহার মুখ,
নিত্য করি অমৃত পান
তেজিব পাপ আর দুখ।

৭ ঐ দিব্য অমর স্থান
পাইবার আশাতে,
হউক মম অতি সুখী মন
থাকি এই জগতে।

৮ ঈশ্বরের প্রিয় লোক
জগতে থাকিয়া,
দেখিতে পায়েন স্বর্গালোক
যিশুকে ভাবিয়া।

৯ সুখময় স্বর্গেতে
যাবৎ না উঠে যাই,
প্রত্যয়েতে এ জগতে
সুমঙ্গল তবু পাই।

১০ এক্ষণে নেত্রজল
নিবৃত্ত যেন হয়,
যিশুর পথে সাজিয়ে দল
আনন্দে চল যাই।

---

১৬ (মণ্ডলীর কারণ গীত)

For a Church Meeting

যীশু মণ্ডলীতে কর হে অধিষ্ঠান.
কৃপা কর গাই তব সুমঙ্গল গান।

১ মোরা হে পাপিষ্ঠ মূঢ়, অপবিত্র আশারূঢ়
আপন বাক্যের ফল করহ প্রদান

২ নিজ দাস দাসীগণে, দৃষ্টি কর সুনয়নে.
শিখাও যিশু সর্ব্ব জনে মঙ্গল আখ্যান।

৩ এখানে যতেক জন, গানাদি করে শ্রবণ,
সভাকারে দেহ যিশু ঈশ্বরীয় জ্ঞান।

৪ মোরা পামর নরছার, না ধরিও দোষ অপার,
কৃপাতে কৃতার্থ কর করুণানিধান।

৫ নাহি মোদের দৃঢ় ভক্তি, কেমনে পাইব মুক্তি
কাতর জনের উক্তি কর অবধান।

১৭ (প্রভুর ভোজন)

For a Church Meeting, or the Lord's Supper. 7's.

১ যথা যীশু বিদ্যমান
কিবা রম্য ধর্ম্মস্থান,
সেথা তিনি কৃপা ধন
সদা করেন বিতরণ।

২ হেথা জলস্রোতের ন্যায়
অসীম দয়া পাওয়া যায়,
তাহা ভোগে পাপিগণ
হৈয়া থাকে তৃপ্ত মন।

৩ তথায় আছে খাদ্যচয়
প্রভুর রক্তে ক্রীত হয়,
খাইয়া তাহা নর লোক
নিশ্চয় এড়ায় মৃত্যুশোক।

৪ ভোজে বসি আমরা সব
করি যীশুর ধন্য রব,
কহি হৈয়া পুলোকিত
কেন হলাম নিমন্ত্রিত।

৫ আহা! কত পাপি নর
হেলা করে তব স্বর,
পাপের সুখে মগ্ন হয়
মুগ্ধ হৈয়া দূরে রয়।

৬ যিনি প্রেমে ভোজন দেন
তিনি টান্যা আনিলেন,
নচেৎ হৈলে দরস্থিত
নিশ্চয় হইতাম বিনাশিত।

৭ কর প্রভো কৃপা দান
দিয়া সবে ধর্ম্ম জ্ঞান,
তোমার গৃহে সর্ব্ব জন
আনি কর সংকলন।

৮ তোমার যে সব অভিপ্রায়
আদম বংশের প্রতি হয়,
শীঘ্র কর সম্পূরণ
মোদের এই নিবেদন। G. P.

---

১৮ (ভক্তগণের মধ্যে ঈশ্বরের অধিষ্ঠান)

God among his worshipping people.

প্রভুর ধন্যবাদ কর ভ্রাতৃগণ,
এক চিত্তেতে গাও, কেবল তাঁহার গুণগান।

১ তাঁহার নামে যত জনে, উপস্থিত হয় একই স্থানে,
প্রভু আসি সেই খানে, হয়েন অধিষ্ঠান।

২ পূর্ব্বকালে শিষ্যগণে, মিলিত হইল একই স্থানে,
পুলকিত হইল সবে, পাইয়া আত্মাদান।

৩ যে আশাতে এই স্থানে, আসিয়াছি সর্ব্বজনে,
প্রভু আশির্দানে, পূর্ণ কর সবার মন।

৪ ভক্তিভাবে যে জন তাঁরে, নিরবধি সাধন করে,
প্রভুর কৃপাবরে, পায় পারমার্থিক জ্ঞান।

৫ এখন প্রিয় ভ্রাতা যত, তাঁহার প্রেমে হও রত,
তাঁতে হইলে আনন্দিত পাইবা দিব্য স্থান।

---

১৯ (ঈশ্বরের গুণগান)

Exhortation to worship God.

পরমেশ্বরের উদ্দেশে
ও ভাই গান কর সভাই এসো।

১ প্রার্থনা করহ সদাই প্রস্তুত হও ত্রাণ প্রকাশে
আশ্চর্য্য মহিমা তাঁহার কহিও দেশে ২।

২ যেহেতুক যিহুদা মহান্ অতি স্তব্য ভয়ের স্থান
ও ভাই দেবাদেবী বৃথা মাত্র, বিশ্বাস করা যায় কিসে।

৩ স্বর্গ নির্ম্মাণ কর্ত্তা যিনি সম্ভব বল তাঁর কাছে
ওভাই সত্যরূপে কর সেবা দুঃখ যাবে অনায়াসে।

২০ (প্রভুর ভোজের জন্যে)

For the Lord's Supper.

১ প্রভুর মরণে শরণ লইলে
তবে হবে ঈশ্বরে মিলন রে।

১ পাপি রক্ষিবারে প্রভুর জন্ম মর্ত্যপুরে
জগৎ পূরিলেন, অসীমা প্রেমেরে।

৩ যে জন বিশ্বাস করে খ্রীষ্টের মরণে
পায় অনন্ত জীবন স্বর্গপুরে।

৪ খ্রীষ্টের মৃত্যু এই সার যে লবে শরণ
তার মুক্তি হবে ভক্তির উদয় হইলে

---

২১ (প্রভুর স্মরণ)

For the Lord's Supper.

যে জন আপন প্রাণ দিয়া পাপি উদ্ধারে
ও মন ভুল না তাঁরে।

১ না ভুলিও আর কর সেই সার
যীশু বুদ্ধ নাম ত্রাণের তরে।

২ আর সব কার্য্য দূরে কর ত্যাজ্য
খ্রীষ্ট প্রেমধন রাখ অন্তরে।

৩ সত্য দয়া ক্ষমা সকলি অসীমা
যীশু নিজ রক্তে পাপি নিস্তারে।

৪ সাধু বন্ধু তাঁরে বলি যারে ঃ
যীশু নামে পার করে আমারে।

২২ (প্রভুর ভোজন)

The Lord's Supper.

যীশু হে শরণ রাখি তব চরণে
আমার পাপ বিমোচন হবে তোমার মরণে।

১ তোমার মেজের নিকটে আসি প্রার্থনা করিয়া বসি
পবিত্র করহ মোরে আপন গুণে।

২ প্রভো রুটী হস্তে কর্য়ে বলিলা সব শিষ্যেরে
এই লও খাও তোমরা আমার স্মরণে।

৩ তব ভগ্ন শরীর সুধা নিবারে আত্মার ক্ষুধা
ভক্তি বাড়ে ইচ্ছা হয় ত্রাণ কারণে।

৪ এই রুটী দ্রাক্ষারস চিহ্ন প্রভুর রক্ত মাংস
জ্ঞান করয়া করি পান ভরি নিদানে।

৫ মহাবিচারের দিনে রাখ হে তোমার দক্ষিণে
ভরসা আমার খ্রীষ্টের মরণ স্মরণে।

২৩ (ঈশ্বর অধিষ্ঠানার্থে প্রার্থনা)

God's presence desired.

নিজ আত্মা ও হে প্রভো, ঢাল সভার উপর
তাহে যেন সর্ব্ব জনের জুড়ায় তৃষিত অন্তর।

১ তুমি সর্ব্ব শক্তিমান, গুণেতে অপরিমাণ,
দয়ার নাহি তুলন, ত্রিজগৎ মধ্যেতে।
এখন করি হে প্রণতি, নিজ সেবকগণ প্রতি,
হইয়া দয়াবান অতি, জুড়াও আত্মা কলেবর ॥

২ ও হে প্রভু সনাতন, হও এখন অধিষ্ঠান,
পূরাইতে সর্ব্বক্ষণ, সেবকগণের মনন।
ও হে প্রভু দয়াময়, অসাধ্য তো কিছুই নয়,
ধরি তোমায় এ আশয়, ও হে প্রভু কৃপাকর ॥

৩ তব নিজ প্রেমের গুণে, আনাইয়া সেবকগণে,
করিয়াছ একই স্থানে, করিতে হে সংকীর্ত্তন।
আমরা অধম জন, অযোগ্য পাইতে দান,
তথাচ হে কৃপাবান, দেহ ধর্ম্মআত্মা-বর ॥

৪ পেন্তিকস্তের দিবসেতে, ধর্ম্মাত্মা স্বর্গ হইতে,
হইল শিষ্যগণের সাথে, করিতে সান্ত্বনা।
সেই মত এইক্ষণে, ধর্ম্ম আত্মা তব দানে,
উল্লাসেতে সর্ব্বজনে, করাও তব জয় ২ কার॥

---

২৪ (মণ্ডলী প্রবেশকের আবশ্যক স্বভাব)

The acceptable Worshipper. Ps. xv.

ওহে প্রভো তোমার পাশে বাস হইবে কাহার?
তব কৃপায় কে পাইবে নিত্য অধিকার?

১ পাপানলে যেই জন, অতি তাপিত হৈয়া মন,
যীশুর প্রতি ভক্তি করি রহে নিরন্তর।

২ যে জন সরলাচারে, ইহকালে সেবা করে,
সত্য কথা ওষ্ঠাধরে আছয়ে যাহার।

৩ কাহারও করে না গ্লানি, মিত্রের করে না হানি,
প্রতিবাসির নিন্দা করা নাহি ব্যবহার।

৪ দুষ্ট লোকে হেয়জ্ঞান, সাধুজনে মান্যমান,
ধর্ম্মাধর্ম্ম ভিন্ন বোধে যে করে বিচার।

৫ আপন স্বীকৃত কথা, নাহি করে তদন্যথা,
পূর্ণ করে সদা হানি হইলে বিস্তর।

৬ পাছে দুঃখ পায় দীন, সুদ লোভে না দেয় ঋণ,
উৎকোচ গ্রহণ করা নাহিক যাহার।

৭ এরূপেতে যে রহিবে, বিচালিত নাহি হবে,
নিস্তার পায়্যা ভবার্ণবে হৈয়া যাবে পার।
রা কৃ.

২৫ (ঈশ্বরের অধিষ্ঠানার্থে প্রার্থনা)

Presence of God desired in his Church.

প্রভু হে করি নিবেদন,
এখন এ সভাতে আসি দেহ দরশন,
তোমায় করি এ সাধন।

১ পেন্তিকস্তের দিবসেতে, আছিলা শিষ্যগণের সাথে,
সেই মত ধর্ম্মাত্মাতে, পূরাও সভার মন।

২ সভা বৈসে এই আশে, তোমার রাজ্য সর্ব্বদেশে,
বাড়ুক এখন অনায়াসে, না হউক নিবারণ।

৩ এখন আছি যত জনে, ইহা হইতে বহুগুণে,
পুনর্ব্বৎসর আগমনে, করাও দরশন।

৪ তব ধর্ম্ম মহাশ্চর্য্য, সর্ব্ব লোকে করুক গ্রাহ্য,
প্রভো বাড়াও আপন রাজ্য, ব্যাপিয়া ভুবন।

৫ জগতের মনুষ্য যত, সভে হউক অনুগত,
না থাকুক আর অন্য মত, দেহ নূতন মন।

২৬ (বঙ্গদেশে সুসমাচার প্রচারের ফল)

Fruit of the first Mission to Bengal.

সভা দেখে আনন্দিত হইলাম সকল ভ্রাতৃগণ,
শয়তানের পথেতে ছিলাম যত হিন্দু মুসলমান।

১ বঙ্গের মধ্যে তিন জন এস্যে, মঙ্গল সমাচার প্রকাশে,
তাদের শ্রমের ফল অনাসে, প্রভু এই দেখান।

২ মহাসভা দেখিতে পেয়্যে, ভাই আনন্দিত হয়্যে ধাইয়্যে,
এখন মোরা সকল ভায়্যে, করি স্তব ভজন।

৩ মহামঙ্গল সমাচার, তাই জগতে হয় প্রচার,
যত পাপি দুরাচার, প্রত্যয়ে পাবে ত্রাণ।

৪ প্রিয় খ্রীষ্ট্যান ভ্রাতা যত, দেখিয়া হও আনন্দিত,
বঙ্গ দেশেতে উদিত, হইলেন খ্রীষ্ট ধন।

৫ প্রভু যীশুখ্রীষ্টাশ্রিত, বঙ্গ দেশের ভ্রাতা যত,
সভে হইলাম আনন্দিত, আসি এক স্থান।

৬ দাস যোঁয়ালে ছিলাম যত, প্রভুতে হৈয়া আহূত,
হইলাম আনন্দযুত, গাই যিশুর গান।

২৭ (বার্ষিক সভা)

For an Annual Meeting.

আজি হইল হে ঈশ্বর নন্দন সভা দেখে তৃপ্ত মন।
বৎসরান্তে একত্রেতে ওহে যিশু, কৃপা করে দেখাইলে
ভ্রাতৃগণ।

১ ধন্যবাদ করি হে তোমার, মহা মঙ্গল সমাচার,
তব দাসে করি প্রচার, এই সভার,
ফিরাইয়াছে দেবের পূজা হইতে মন॥

২ দেশ দেশান্তর হইতে, আসি সবে এই সভাতে,
দেখি হে সবে বসিতে, এক ধ্যানেতে,
করিতেছে প্রভু যীশুর সংকীর্ত্তন॥

৩ উঠে তব রাজ দণ্ড, ভাঙ্গিল শয়তানের মুণ্ড,
তার রাজ্য লণ্ড ভণ্ড, খণ্ড খণ্ড,
কৈল আসি তব ধর্ম্ম যোদ্ধাগণ॥

৪ যে মুখে দেবের স্তব, সেই মুখে গুণ গান তব,
শ্রবণে ছিল দুর্লভ, তাই সুলভ,
করিলা হে যীশু ধর্ম্ম জ্ঞানাঞ্জন॥

৫ গাইয়া তব স্তবস্তুতি, প্রভু করি এই মিনতি,
বাড়াও এই সভার ভকতি, তোমার প্রতি,
অন্তে যেন পাই মোরা পরিত্রাণ॥

২৮ (ধর্ম্মাত্মা লাভার্থে প্রার্থনা)

Prayer for Divine Grace.

প্রভু আজি পূরাও মন আশ,
কৃপা করি সভায় আসি হও হে প্রকাশ।

১ বৎসরান্তে সভা বৈসে, তব আশীর্ব্বাদের আশে,
দেশ বিদেশ হইতে আইসে, করি এই প্রয়াস।

২ ধর্ম্ম আত্মা কর প্রদান, তৃপ্ত হউক সভার প্রাণ,
অমৃত জল করাইয়ে পান, ঘুচাও পিয়াস।

৩ সভে মোরা পরিশ্রান্ত, পাপ ভারে ভারাক্রান্ত,
প্রভু হে করহ শান্ত, করি এই আশ্বাস।

৪ যাইতে তোমার সদনে, বড় সাধ সভার মনে,
যেতে না দেয় শয়তানে, দেখাইয়ে ত্রাস

৫ ধর্ম্ম অস্ত্র বিহনে, যুদ্ধ করিব কেমনে,
দুরন্ত শয়তানের সনে, পাইয়াছি ত্রাস।

৬ বান্ধি মোদের কোমর কষি, দেহ তব ধর্ম্ম অসি
যেন শয়তানেরে নাশি, করি হে উল্লাস।

২৯ (সভাঙ্গের ঐক্যতা)

Christian Union.

তুমি ধন্য হে ঈশ্বর নন্দন,
তুমি সর্ব্বোত্তমের মূল কারণ।

১ গত সমূহ বৎসরে, বাঁচিয়াছি তব বরে,
তব কৃপার তরে, দেখি সত যাত্রিগণ।

২ নরের পাপ নাশিতে, প্রায়শ্চিত্ত হইলে ক্রুশেতে,
দেখ সে রক্তেতে, ক্রীত সকল সেবকগণ।

৩ ব্যবধান ছিন্ন হইল, পৃথকতা দূরে গেল,
ঐক্যতা হইল, কিবা আশ্চর্য্য লক্ষণ।

৪ মহা সম্বাদ শুনিয়া, সকলে উদ্যোগী হইয়া,
আইসে সবে ধাইয়া, হইয়া প্রফুল্ল বদন।

৫ ওহে প্রভো ভগবান, সচ্চিদানন্দ আত্মন,
হইয়া বিদ্যমান, কর কৃপা বরিষণ।

প্রভুর দিনের বিষয়।

THE LORD'S DAY.

৩০ (বিশ্রামবারের গীত)

For the Sabbath.

প্রভুর বিশ্রাম দিন করিয়া পালন,
সুখে মগ্ন হও আমার মন।

১ যীশু খ্রীষ্টের এই মহাদিন, ইথে হও ঐহিক কার্য্যহীন
পাল মন এই দিন নাহি করিও হেলন।

২ সচৈতন্য হয়্যা আমার মন, হৃষ্ট চিত্তে কর রে ভজন
স্তব স্তুতি তাঁহার প্রতি কর সদা সর্ব্বক্ষণ।

৩ শাবত্ত দিন মহাপবিত্র, গাও খ্রীষ্টের গুণ চরিত্র,
তাহে মন হও নিপুণ নাহি ভুলিও কখন।

৪ অন্য ২ অনীতিকার্য্য, সে সকল করিয়া ত্যাজ্য,
যীশুর মরণ অমূল্য ধন তাহে কর রে যতন।

৩১ (প্রভুর দিনের প্রাতঃকালীন)

For the Lord's day Morning.

প্রভুর দিনে
তাঁহার সেবায় হউক আমার হৃষ্ট মন।

১ যীশু যে দিবসে, অতিশয় প্রত্যূষে,
উঠিলেন পাইয়া পুনর্জীবন।
অদ্য সেই দিবস, কেন হয়্যা অলস,
শয্যায় শুয়ে করি কাল যাপন॥

২ এই ধর্ম্ম বার, সকল দিনের সার,
তাতে প্রভু কৈলেন মৃত্যুর দমন।
হায় পাপের বশে, কেন থাকি ক্লেশে,
শয়তানের যোঁয়ালি করি বহন॥

৩ অদ্য ভক্তগণে, তব নিকেতনে,
হর্ষে কর্য়ে থাকে আরাধন।
আমিও গিয়া তথা, তব ধর্ম্ম কথা,
মহানন্দে করিব শ্রবণ॥

৪ বিষয় কর্ম্ম যত, তাহাতে বিরত,
হইয়া স্বর্গ করি অন্বেষণ।
ইথে যেন আমি, হই শাশ্বত প্রেমী,
সকল বারের শ্রেষ্ঠ করি জ্ঞান॥ G. P.

৩২ (প্রভুর দিনের প্রাতঃকালীন)

The Sabbath morning. L. M.

১ ছয় দিনের কর্ম্ম হৈল শেষ,
আইল শাবত সবিশেষ।
হে আমার মন বিশ্রান্ত হও,
ঈশ্বরের দিনে আশিস্ লও॥

২ আকাশের পথে যেমন ধূপ,
উঠিবে আমার স্তব সে রূপ।
শুনিবেন ঈশ্বর দয়াবান্,
করিবেন আমার শান্তিদান॥

৩ ত্রাণার্থে কৃত তব কায,
আনন্দে দেখি ধর্ম্মরাজ।
স্মরিয়া দর স্তুতি গাই,
সাহসে ভাবিমঙ্গল চাই॥

৪ ঈশ্বরের সেবায় এই দিন,
করিব যাপন মুখাধীন।
এরূপে শাবত করা হয়,
অতুল্য শান্তির কারণ হয়॥ G. P.

৩৩ (রবিবারের গীত)

The Lord's day.

ওহে প্রভু শুন আমার এই নিবেদন,
সদা নিজ অনুগত কর মোর মন।

১ রবিবার পবিত্র মান্য, কর্য্যাছ সবার জন্য,
আমি যেন মান্য করি দেহ জ্ঞান এমন।

২ তোমার এই ধর্ম্ম দিনে, হও প্রভু আমার মনে,
কর তুমি আমার উপর কৃপাবলোকন।

৩ ধর্ম্মাত্মা আমার মনে, স্থাপিত কর নিজ গুণে,
যেন জ্ঞান পাই তোমার করিতে ভজন।

৪ অদ্য অনুগ্রহ কর্য্যে, এদিন দেখালো মোরে,
আমারে প্রার্থনা শিক্ষা দেহ হে এখন।

৫ অজ্ঞান পামর আমি, অতিশয় দয়ালু তুমি,
দয়া কর্য্যে প্রভু মোরে করহ গ্রহণ।

৬ ছয় দিন হইয়াছে গত, তাহে পাপ কর্য্যাছি যত,
সে সকল পাপ আমার করহ মার্জ্জন।

৩৪ (শাবত দিবস)

The Sabbath. 7's.

১ শাবত দিবস ধর্ম্ম দিন,
এ রূপ পাল সর্ব্ব জন।
ঐহিক ভাব ও কার্য্য হীন,
থাক্যে গাইও যীশু গুণ ॥

২ অদ্যকারে ধার্ম্মিক লোক,
সবে মিলে স্তুতি গায়।
ইতে খণ্ডে সর্ব্ব শোক,
বড় সুখ ও শান্তি পায় ॥

৩ শাবত দিনে বিশ্রাম দান,
সকল লোকের প্রতি হয়।
রাজা প্রজার এক সমান,
কোন কেহ ভিন্ন নয় ॥

৪ প্রভু যীশু তোমার স্তব,
যেন সবে করেগান।
যত দেশে নরোদ্ভব,
যাবত থাকে তনু প্রাণ ॥

৫ প্রভু তোমার আশীর্ব্বাদ,
মোদের উপর এখন দেও।
খণ্ডাও সকলের বিষাদ,
যীশু হে প্রসন্ন হও। J. C.

খ্রীষ্টের রাজ্য বৃদ্ধির বিষয়।

THE REIGN OF CHRIST.

৩৫ (ঈশ্বরার্চ্চনা ব্যাপনার্থে প্রার্থনা)

The universal worship of God. Ps. CXVII. L. M.

১ আকাশের নীচে যত জন,
স্রষ্টাকে কর আরাধন।
ত্রাণকর্ত্তা যীশুর নাম মহান্,
হউক্ সর্ব্ব দেশে তাঁহার গান॥

২ অনন্ত তোমার দয়া হয়,
হে পরমেশ্বর সত্যময়।
তোমার প্রশংসা দেশ বিদেশ,
থাকিবে যাবৎ জগৎ শেষ॥

৩ তোমার রাজত্বে সুকল্যাণ,
নাচয়ে বন্দির মুক্ত প্রাণ।
অনন্ত বিশ্রাম শ্রান্তে পায়,
দীনতার পুত্র তৃপ্ত হয়॥ G. P.

৩৬ (খ্রীষ্টের রাজ্যে নরের কুশল)

Christ's reign, or the Happiness of man desired.

যীশু সর্ব্ব দেশে কর অধিকার,
যে কিছু ভূতলে পদতলে হে তোমার।

১ তুমি স্বর্গ মর্ত্যের রাজা, সবাই করুক তোমার পূজা,
দেবের বশ না হইয়া ত্যজুক অত্যাচার।

২ পাষণ্ডতা তব নামে, না হয় যেন কোন গ্রামে,
স্বর্গধামে যীশুর নাম হউক জয় ২ কার।

৩ তুমি হে জগৎপতি, সবার হউক তোমাতে মতি,
আর যেন কেহ নাহি করে ব্যভিচার।

৪ কর প্রেমানন্দ দান, সবে করুক তোমার গান,
ধর্ম্ম আলো দিয়া নাশ মনের অন্ধকার।

৫ এ দেশীয় লোকের প্রতি, সদয় হও শীঘ্রগতি,
কালের নিগড় কাটি করহ উদ্ধার।

৬ তব রাজ্যে সদা সুখ, বিনাশে অনন্ত দুখ,
পাপ পীড়া মরণের হয় প্রতীকার। তা. দ.

৩৭ (যীশুর রাজ্য বৃদ্ধির প্রার্থনা)

Prayer for the universal Reign of Christ. S. M.

১ যা তোমার অঙ্গীকার
তা কর হে ঈশ্বর।
এ জগৎ যেন শীঘ্র হয়
খ্রীষ্ট যীশুর অধিকার ॥

২ এ দেশে বহু দিন
শয়তানের আছে বাস।
সর্ব্ব প্রজারা ত্রাণহীন
পাপ ও শয়তানের দাস ॥

৩ ফিরাও লোকের মন
প্রদানে দিব্য জ্ঞান।
তাহাতে পাপে হবে ভয়
ও খ্রীষ্টের আকিঞ্চন।

৪ এ কার্য্য করণে
প্রবৃত্ত হইও নাথ।
সাধুদের আশা পূর্ণ হয়
হে এমন কর পথ ॥ J. C.

৩৮ (খ্রীষ্টের রাজ্য বৃদ্ধির প্রার্থনা)

Enlargement of Christ's kingdom.

আপন মহিমা যীশু করহ প্রকাশ।

১ দেবতা হউক উচ্ছিন্ন, দর্পির দর্প হউক চূর্ণ,
ত্বরিতে করহ পূর্ণ, নিজ অভিলাষ।

২ হবে দেবের অপমান, আর না পাবে সম্মান,
তব স্থানে সর্ব্বক্ষণ, করি এ প্রত্যাশ।

৩ তুমি যীশু নরপতি, তোমাতে নরের গতি,
তব গানে পূরুক ক্ষিতি, পাইয়া উল্লাস। তা. দ.

---

৩৯ (খ্রীষ্ট জগৎপতি)

Christ King over of all.

তুমি নরের জীবনের গতি হে,
জগতের পতি তুমি যীশু।

১ ছাড়িয়া স্বর্গের ভুবন, পৃথিবীতে আগমন,
ধরিয়া নরের তনু ভুগিলা দুর্গতি হে।

২ সত্যের আলো শীঘ্র জ্বাল, সব হৃদয় হউক ভাল,
দয়া সত্য প্রেম দিয়া ফিরাও সভার মতি হে।

৩ তুমি হে সভার রাজা, সবে করুক তোমার পূজা,
অতি কৃতাঞ্জলি হইয়া করুক বিনতি হে।

৪ মিথ্যা আশ্রয় আছে যত, শীঘ্র কর দূরীকৃত,
জগৎ হউক তোমাতে গত করুক তোমার স্তুতি হে।

কা.

৪০ (শয়তানের রাজ্য ধ্বংসের প্রার্থনা)

The destruction of Satan's empire desired,

ওহে দূর কর শয়তানের শয়তানি,
প্রভু নিজ দয়া ঢাল তুমি।

১ কৃপা কর ওহে দয়াময় ২, তব রাজ্য শীঘ্র যেন হয়,
ওহে অবিশ্বাসী, জগৎ বাসী, দেখুক তারা এখনি।

২ পাপে মত্ত আছে প্রতি জন, হায় ২ দিনে ২ নরকে গমন,
কেহ হয় না ক্ষান্ত, মহাভ্রান্ত, রয়েছে সকল প্রাণী।

৩ ধর্ম্মাত্মা করহ প্রদান২, আর না রহুক দেবতাদের সম্মান,
ওহে সর্ব্বদেশে, সর্ব্বভাষে, পূর্ণ হউক তোমার বাণী।

৪ তব আশ্রয় লইয়াছি আমি, ত্রাণ কর ২ নিজগুণে তুমি,
রক্ষাকর্ত্তা, জীবনদাতা, তার হইয়ে তরণি।

হ.

৪১ (যীশুর রাজ্য সর্ব্বজয়ী)

The reign of Jesus all victorious.

তোমার রাজ্যের নহিবে শেষ,
বিনা সংগ্রামেতে জয়ি সর্ব্বদেশ।

১ কেহ নহে মান্য, কেবল যীশু ধন্য,
দেবের পরাক্রম হইবে বিনাশ।

২ এ দেশে দেবতা রাজা, কে করিবে তার পূজা,
দিনে ২ প্রজা হয় এখন তব বশ

৩ তব যথার্থ বিচার, জগতে হইল প্রচার,
পাপের অত্যাচার হইতেছে এখন হ্রাস।

৪ যীশু তব রাজদণ্ডে, পরাক্রান্ত রিপু খণ্ডে,
দীনহীন ক্ষীণের দূর হয় সকল ক্লেশ।

৪২ (এতদ্দেশীয়দের ত্রাণার্থে প্রার্থনা)

Prayer for the conversion of India.

এ দেশীয় লোকের তুমি দেহ ধর্ম্ম মন,
দয়াল প্রভু তোমার প্রতি ফিরাও পাপি লোকের মন।

১ ছিন্ন ভিন্ন পৃথকতা, হয়েছে সকলের হেথা,
ক্ষমা করো ওহে ত্রাতা, মনের কর সংশোধন।

২ নরকের পথ যেথা, গমন না করুক সেথা,
সবাই মানুক তোমার কথা, ইহাই করি নিবেদন।

৩ তুমি আছ জগৎপতি, সবার হউক তোমাতে মতি,
পৃথিবীতে দেবতা, না পূজুক কোন জন।

৪ অতি দীন হীনে বলে, রেখো প্রভু চরণ তলে,
ত্যজো নাকো পাপি বল্যে, করি তোমায় নিবেদন।

---

৪৩ (খ্রীষ্টের রাজ্য বৃদ্ধি)

The universal dominion of Christ.

যীশু অন্য রাজা না রহুক এ ভুবনে,
তোমার রাজ্য হউক প্রভু দিনে দিনে।
যীশু ছাড়ি স্বর্গ স্থান, মর্ত্য লোকে আগমন,
কর্যে বসেছ রাজ সিংহাসনে॥

১ যীশু দেবগণের যে ছিল বিধি,
তুমি সে সকল করি নাশ, ধর্ম্ম করি প্রকাশ,
স্থাপন কৈলে আপন নীতি।
যীশু জগতের যত মত, যাইয়ে একই পথ,
তুমি করেছ মানুষের কারণে॥

২ তোমার দেবের মত নহে অত্যাচার,
তোমার সকল সুমন্ত্রণা, পাপকে কর ঘৃণা,
ধর্ম্মেতে কর হে বিচার।
তোমার দেখিয়া সুশাসন, সকল প্রজাগণ,
পাবে পরিত্রাণের ভরসা মনে ॥

৩ যীশু কিবাশ্চর্য্য তোমার মহিমা,
এ মঙ্গল সমাচার, শীঘ্র হবে প্রচার,
পৃথিবীর যত দূর সীমা।
পূর্ব্ব পশ্চিম উত্তর দক্ষিণ,
তোমার গুণ গাবে বদনে ॥ প্রা. কৃ.

৪৪ (খ্রীষ্ট রাজ্য ব্যাপনার্থে প্রার্থনা)

Prayer for the extension of Christ's kingdom.

যীশু আপন রাজ্য জগতে বাড়াও,
তব পরিত্রাণের কার্য্য সকল লোককে জানাও।

১ যীশু তুমি ধর্ম্ম রাজা, ধ্বংস কর দেবের পূজা, হে
সকল প্রজার মন আপন অধীন করাও।

২ তব ধর্ম্ম সিংহাসন, জগতে কর স্থাপন, হে
ধর্ম্ম পথে শুদ্ধমতে সকল প্রজাকে চালাও।

৩ তুমি সর্ব্ব শক্তিমান্, দেবের কর অসম্মান, হে
দয়াল যীশু আপনপ্রতি লোকের মন লওয়াও।

৪ প্রত্যেক জিহ্বা তোমারে, যেন স্বীকার করে, হে
শীঘ্র গতি এমন দিবস প্রভু আপনি দেখাও।

৫ তব মঙ্গল সমাচার, সর্ব্ব লোকের ত্রাণকর, হে
ত্বরা করি প্রভু তুমি সকল লোককে জানাও।

৪৫ (খ্রীষ্টের রাজত্ব বর্দ্ধন প্রার্থনা)

The reign of Christ desired.

নিজ রাজ্য বাড়াও হে কৃপাময়,
এ জগৎ যেন প্রভুর শীঘ্র হয়।

১ খ্রাষ্টের রাজ্যের আগমনে, প্রফুল্লিত পাপিগণে,
সবে মিলে বলে যীশু মৃত্যুঞ্জয়।

২ যীশুর আগমন হয়, দেব দেবী লোপ পায়,
স্বর্গ মর্ত্ত্যের তুমি হও মহাশয়।

৩ যত পাপী অপরাধী, তারা হইয়া সুপ্রবোধী,
হরিষে বলয়ে প্রভু যীশুর জয়।

৪ গৌরবাদি যত স্তুতি, হউক প্রভু তোমার প্রতি,
সর্ব্ব স্থানে ব্যাপুক যীশু প্রেমময়। ভা. দ.

---

৪৬ (খ্রীষ্টের রাজ্য বৃদ্ধি)

Prayer for the universal triumph of the Gospel.

১ প্রভু বাড়াও তোমার রাজ্য,
করাও দেবের অপমান।
তুমি বট সবার পূজ্য,
জয় না করুক আর শয়তান।
হউক সর্ব্বত্র তোমার স্তুতি,
আপনি সর্ব্ব শক্তিমান্।
দয়াল য়িশু সভার মতি
ফিরাই কর সভার ত্রাণ॥

২ প্রেরণ কর মঙ্গলাখ্যান,
সর্ব্ব লোকে ঘোষাও ত্রাণ।
হউক সর্ব্বত্র জীবের কল্যাণ,
ফুটুক সর্ব্বের দিব্য জ্ঞান।
ফলুক সভার প্রেম ভক্তি,
আমোদ বহুক মনোহর।
দয়াল যীশু নরের মুক্তি
হবে তোমার তুষ্টিকর॥

৩ আমরা যেন যাবজ্জীবন
হর্ষে করি তোমার নাম।
সচৈতন্য রূপে চেতন,
রহিয়া পাইব স্বর্গ ধাম।
ওহে প্রভু কৃপাবন্ত,
আমায় কর মৃত্যুঞ্জয়।
স্বর্গে হব কাল অনন্ত,
যীশুর সুখে সুখময়॥ J. C.

৪৭ (খ্রীষ্টের প্রতি সর্ব্বলোকের সমাগম)

The flowing of the nations to Christ. Isa. II.

ওহে যীশু তব বাক্য কর সম্পূরণ,
তিমির নাশি দীপ্তি দিয়া তার জগজ্জন।

১ ভাবিবাক্য শাস্ত্রে বলে, ঈশ্বর গৃহ শেষকালে,
সর্ব্বাপেক্ষা উচ্চাচলে হইবে স্থাপন।

২ সর্ব্বজাতি বহু নরে, ধর্ম্ম বিধি পাইবারে,
করিবেক বেগ ভরে তাহে আরোহণ।

৩ অন্যের প্রতি সবিনয়ে, কবে তারা সে সময়ে,
সঙ্গে চল প্রভুর গৃহে পাইবে তারণ।

৪ সেথা গেলে ধর্ম্মনাথ, শিক্ষা দিবেন নিজ পথ,
তাহার বশে থাকি মোরা পাব বিমোচন।

৫ দেখ কিবা সুবিচার, বিস্তার হৈলে বাক্য তাঁর,
হিংসা ত্যাজি পরস্পর করে সম্মিলন।

৬ কেহ তখন কার প্রতি, না করিয়া অপকৃতি,
যুদ্ধ অস্ত্র ভাঙ্গি হাল করয় গঠন। G. P.

---

৪৮ (দেবপূজকদের ত্রাণার্থে প্রার্থনা)

Prayer for the salvation of the Heathen.

এ আমার সাধনা
কাতর জনার প্রতি বিস্তার কর করুণা।

১ সকল জগৎ বাসী, তোমার নিকটে আসি,
করুক তোমার আরাধনা।

২ যারা পূজে দেব নাশ্য, হইয়া তোমার শিষ্য,
করুক তব ভজনা।

৩ যথা যত আছে গ্রাম, সর্ব্বস্থানে যীশুর নাম,
হউক সদা ঘোষণা।

৪ যীশু খ্রীষ্টের স্মরণে, পাপী তাপী দুঃখি জনে,
কর সকল সান্ত্বনা।

৪৯ (সুসমাচার ব্যাপনার্থে প্রার্থনা)

Prayer for the spread of the Gospel.

কালের অধিকার রবে কত দিন,
ত্বরিতে করহ জয় পতাকা উড্ডীন।

১ অন্ধকারময়, স্থান যত হয়,
প্রকাশ করহ তথা করুণা কিরণ।

২ জগৎ নিবাসী, লোক সর্ব্বভাষী,
যীশুর চরণে আসি লউক শরণ।

৩ পাপের শিকল, কাটি সকল,
খ্রীষ্ট প্রেম প্রকাশিয়া করহ মোচন।

৪ ভ্রান্তিময় দেশে, শান্তি প্রকাশে,
তব রাজ্যের বশে রাখ সর্ব্ব জন।

তা. দ.

৫০ (পাপিদের ত্রাণার্থে প্রার্থনা)

Prayer for the conversion of the Heathen.

এ দেশীয় লোকের দেহ ধর্ম্মজ্ঞান,
দয়াল য়িশু তোমার প্রতি ফিরাও সবার মন।

১ নির্ভয়েতে পাপ করে, না ডরে কখন,
মনে ভাবে মুক্তি পাবে হইলে গঙ্গাস্নান।

২ প্রভাতে উঠিবা মাত্র মন্দ আকিঞ্চন,
এ কি মত ভ্রান্তি হায়! কিবা সম্মোহন।

৩ ধনলোভে ভালবাসে দেবের অর্চ্চন,
ধনেন মোক্ষ, এ বাক্য কহে বহু জন।

৪ পাপের হইয়া বশীভূত ছাড়ি সত্য জ্ঞান,
তারা কহে ভাল মন্দ ঈশ্বর করান

৫ পাপের অধিকার শীঘ্র করহ ধ্বংসন,
সর্ব্ব গ্রামে হউক তব মণ্ডলী স্থাপন।

৬ ছিন্নভিন্ন পৃথকতা করিয়াছে শয়তান,
শীঘ্র তব প্রেমে সবার করাও মিলন।

৭ আর যেন কেহ নাহি হয় পাপাধীন,
করুণাতে মুক্ত কর করি এ সাধন।

৮ নরকের পথে যায় সর্ব্ব জগজ্জন,
তব ধর্ম্ম বলে যীশু কর আকর্ষণ।

৯ তব গান সর্ব্ব ধামে হউক সর্ব্বক্ষণ,
সর্ব্বগ্রামে প্রকাশ এ মঙ্গল আখ্যান।

১০ প্রভু যীশু খ্রীষ্ট শুন এই নিবেদন,
সর্ব্ব স্থানে ধর্ম্ম আত্মা কর বরিষণ।

ঈশ্বরের গুণ।

DIVINE PERFECTIONS.

৫১ (ঈশ্বরের গুণোৎকীর্ত্তন)

Divine Attributes.

সচ্চিদানন্দ ঈশ্বর
যাচিছেন অমর বর।

১ তিনি সর্ব্ব শক্তিমান, সর্ব্বস্থানে অধিষ্ঠান,
সর্ব্বজ্ঞাতা ভগবান, তিনি সকলের উপর।

২ তিনি আদি তিনি অন্ত, তিনি অনাদি অনন্ত,
সত্য দয়া ক্ষমাবন্ত, নাহি তুল্য তাঁর।

৩ কিবা পিতার প্রভাব, অন্ধকারাভাব,
নিরন্তর সমভাব, সর্ব্ব গুণাধার।

৪ যিহুহ তাঁহার নাম, স্বর্গপুরে তাঁর ধাম,
পাপিকে দিতে বিশ্রাম, যীশু নামে অবতার।

তা. দ.

---

৫২ (ঈশ্বর সৃষ্টি স্থিতি পালনকর্ত্তা)

God our Creator &c.

ওহে ঈশ্বর তব তুল্য কে আছে মহান্,
তব শক্তির পরিচয় আশ্চর্য্য আখ্যান।

১ ঈশ্বর স্তব করি গান, তিনি সর্ব্ব শক্তিমান,
পৃথ্বী পরে ধরাধর তাঁহারই নির্ম্মাণ।
সাগরাদি সুবিস্তার, আদ্যে হৈল গুণে তাঁর,
আকাশ মণ্ডল তিনি কৈলেন প্রসারণ॥

২ করিবারে দিনমান, শূন্যে থুলেন অংশুমান্,
যাতে নানা ঋতু হয় হায়! কিবা জ্ঞান।
দেখ তাঁর সুকৌশলে, গ্রহ আদি সদা চলে,
নিশাপতি রাত্রিকালে করে আলো দান॥

৩ উত্তম খাদ্য সবিশেষে, জন্মাইলেন সর্ব্বদেশে,
সকল জীবে পালিবারে স্বয়ং দয়াবান।
নরের প্রতি বিশেষ চেষ্টা, করিলেন জগৎ স্রষ্টা,
দিব্য স্বভাব দিয়া করেন সকলের প্রধান॥

৪ শূন্য ভরে অবস্থিত, মেঘ ঝড় আদি যত,
ঈশ্বর আজ্ঞার বশীভূত কভু নাই আন্।
ধরণীতে নাহি হেন, ফুল ফল বৃক্ষ তৃণ,
যাহাতে গৌরব তাঁর না হয় প্রকাশমান।

৫ যদি ভূমি নিরীক্ষণ, করি আমি ক্ষণেক্ষণ,
কিম্বা আকাশেতে দেই যদি হে নয়ন।
কোথা নাহি এমন স্থান, পলাইয়া বাঁচাই প্রাণ,
সর্ব্বত্রেতে আছেন ঈশ্বর নিত্য বিদ্যমান।

৬ প্রেম কিরণে উজ্জ্বল, করেন তিনি স্বর্গ স্থল,
নরক কুণ্ডে কোপ রাশি দেন অপরিমাণ।
যাঁহার এই অশেষ শক্তি, আইস সবে করি ভক্তি,
তিনি মাত্র দিতে পারেন নরের পরিত্রাণ। G. F.

---

৫৩ (ঈশ্বর নিত্য, মনুষ্য অনিত্য)

God eternal, man mortal. Ps, xc.

১ পুরুষানুক্রমে প্রভো আমাদের আশ্রয়,
জগতের পূর্ব্বাপর আছ হে নিশ্চয়।
জন্ম দিয়া জীবে তুমি অনিত্য সংসারে,
পুন কহ আইস তোমরা আমার গোচরে॥

২ সহস্র বৎসর এক নিমিষের ন্যায়,
এই রূপ কাল প্রভো তব গণ্য হয়।
কিন্তু আমাদের আয়ুঃ স্বপ্নবৎ হয়,
স্রোতোজল তুল্য ক্ষণে ক্ষণে বহি যায়॥

৩ প্রাতঃকালে থাকে যেমন সতেজ নবীন,
ফুল্লফুল ম্লান হয় দিন হইলে ক্ষীণ।
তেমন মোরা পাপদণ্ডে হারাই জীবন,
চিন্তাযুক্ত তব কোপে হয় মোদের মন॥

৪ আমাদের গুপ্ত পাপ কিম্বা প্রকাশিত,
একটিও তাহা নাহি তব অবিদিত।
তব ক্রোধাধীন হয়্যা রাত্রি দিন যায়,
বৎসর হইল মোদের এক গল্প ন্যায়॥

৫ অনুগ্রহ কর প্রভু করিএ অপেক্ষা,
করিতে গণনা দিন মোরে দেও শিক্ষা।
মোর চিত্ত থাকে যেন সুকর্ম্মেতে মগ্ন,
লোভাদি কুভাবে না করিতে পারে বিঘ্ন।

৫৪ (ঈশ্বর সর্ব্বদর্শী)

God all seeing.

১ সর্ব্বশক্তিমান তবসূক্ষ্ম আঁখিবরে,
রজনীর তিমিরে প্রবেশে বেগভরে।
আমাদের গোপনীয় কার্য্য যে সকল,
তোমার দৃষ্টিতে হয় ব্যক্ত অবিকল॥

২ যে সব অধর্ম্ম কর্ম্ম করি আচরণ,
অথবা যে হয় মন্দ কথা উচ্চারণ।
তব লিপি মাঝে তার বিবরণ রয়,
বিচার দিবস তরে সে সব সঞ্চয়॥

৩ যে সকল দোষে আমি আছি হে আবৃত,
অবশ্য হইবে তাহা অতি প্রকাশিত।
যথা সূর্য্যোদয়ে বস্তু গুপ্ত নাহি থাকে,
মনুষ্য, ঈশ্বর, তাহা দেখিবে সম্মুখে॥

৪ ভীত হইয়া পতিত হে তোমার চরণে,
সাহস সহায় নাহি ঊর্দ্ধ নিরীক্ষণে।
মরণের অগ্রে পাপ মার্জ্জনা করিয়া,
তব কৃত লিপিহইতে ফেলহ মুছিয়া॥

৫ মৃত্যু দুঃখ যত যীশু আমার কারণে,
সহিলেন ওহে ঈশ্বর ভেবে দেখ মনে।
তাঁহার শোণিতে মম পাপ হউক ক্ষয়,
শুধিলেন তিনি পাপঋণ সমুদয়॥

৬ আমার অন্তরে হউক সদা পাপ ভয়,
কুচিন্তা বাসনা যেন কভু নাহি হয়।
মহাপ্রভু দরশন শ্রবণ করিয়া,
নিজ পত্রিকাতে পাছে রাখেন লিখিয়া।

From Dr. Watt's Divine Songs by a Hindu

৫৫ (ঈশ্বরের গুণ)

Divine perfections.

শান্তি দাতা তুমি হে দয়াময়,
তোমার প্রশংসা নরের জিহ্বাতে না হয়।

১ স্বর্গ মর্ত্ত্য আদি যত, সকলি তোমার কৃত, হে
তুমি আদি তুমি অন্ত উৎপত্তি প্রলয়।

২ তুমি হে জগৎজয়ী, অমৃত জলের উনুই, হে
তব নামে রোগ শোক পাপ দূরে যায়।

৩ স্বর্গের সকল ভূমে, দেখাইলা নিজ প্রেমে, হে
এমত অদ্ভুত প্রেম আর কার নয়।

৪ মোরে না ছাড়িও কভু, অনাথের বন্ধু প্রভু, হে
যীশু খ্রীষ্ট দীনহীন পাপির আশ্রয়।

তা. দ

৫৬ (ঈশ্বরের ত্রিত্ব)·

God three in One. 8.7.

১ পিতা পুত্র ধর্ম্মআত্মা
তিনে এক ও একে তিন,
পরমেশ্বর জগৎকর্ত্তা
হউক তাঁহার স্তব আমেন॥

২ পিতার নিয়মানুসারে
যারা তাঁহার মনোনীত।
তাহাদিগকে তারিবারে
পূর্ব্বে ছিল অঙ্গীকৃত॥

৩ পুত্র দিলেন আপন রক্ত
পাপি করিতে উদ্ধার।
তাতে তারা হইবে মুক্ত
যারা তাঁকে করে সার॥

৪ আত্মা লোককে লওয়াইবারে
নূতন করেন দুষ্ট মন,
তাঁহা বিনা এ সংসারে
কে বা আছে হেন জন॥

৫ পিতাপুত্র ধর্ম্মআত্মা
আশ্চর্য্য ঈশ্বর ময়,
মন রে কর না অন্যথা
ইতে জগৎ তারণ হয়॥ J. C.

৫৭ (ঈশ্বরের পবিত্রতা)

The Holiness of God.

ঈশ্বর তুল্য শুদ্ধ সত্ত্ব কে আছে সংসারে?
ও মন ভজ তাঁহারে।

১ ঈশ্বর জ্যোতির্ম্ময়, শুদ্ধ অতিশয়,
তিমির লেশ নাহি তাঁহার অন্তরে।

২ তিনি যাথার্থিক, সর্ব্বদা সাত্ত্বিক,
মিথ্যা নাহি থাকে তাঁহার গোচরে।

৩ কর্ম্মেতে অটল, যাদৃশ অচল,
নর তুল্য তাঁহার মন নাহি ফিরে।

৪ ইহা সুনিশ্চিত, পাপ তাঁহার ঘৃণিত,
ইথে দূর করেন পাপিষ্ঠ নরে।

৫ তাঁহার বাসস্থান, ধর্ম্মেতে নির্ম্মাণ,
সাধু মাত্র স্থান পায় তাহার ভিতরে।

৬ ঈশ্বর সেবকগণ, করতঃ ভজন,
ধর্ম্ম ধর্ম্ম ধর্ম্ম বলে তাঁহারে। G. P

৫৮ (ঈশ্বরের দয়া)

The Mercy of God.

ও মন ঈশ্বরের কৃপা মান বারবার,
কভু না ভুলিও স্তুতি করিতে তাঁহার।

১ তব সর্ব্ব অপরাধ, ক্ষমা করিবেন নাথ,
পাপ রোগ হৈতে মুক্তি দিবেন তোমার।

২ দয়ালু ঈশ্বর তিনি, অনুগ্রহ চিন্তামণি,
কোপে ধীর অনুগ্রহ তাঁহার অপার।

৩ তিনি পাপ অনুসারে, দুঃখ নাহি দেন মোরে,
অপরাধোচিত শাস্তি নাদেন ভক্তের।

৪ ভূমি হইতে উচ্চতরে, যথা স্বর্গ স্থিতি করে,
তত উচ্চ অনুগ্রহ ভক্ত প্রতি তাঁর।

৫ উদয়াস্ত ধরাধর, আছে যেমন স্বতন্তর,
সেই মত দূরে রাখেন দোষ আমাদের।

৬ হেদে রে অশান্ত মন, কৃতজ্ঞ হইয়া শুন,
স্মরণ রাখিয়া ধন্যবাদ কর তাঁহার।

৭ পাইলা অনুগ্রহ যত, না ভুলিও কদাচিত,
ধর্ম্মময় নাম প্রশংসা কর তাঁহার।

৫৯ (পাপির প্রতি ঈশ্বরের কৃপা)

God's Grace to sinners.

কিবা দয়াময়! ধন্য ২ ধর্ম্ম পিতা ব্রহ্ম নিরঞ্জন।

১ বাঁচাইতে শত্রুর প্রাণ, পুত্রে দিলেন বলিদান,
করিলেন আশ্চর্য্য কার্য্য পাপির কারণ।

২ ছিলাম ক্রোধ অধিকারি, উদ্ধারিলে প্রেম করি,
শত্রুগণে পুত্র সম করিলে পালন।

৩ ক্ষমা করি সর্ব্ব পাপ, নাশিলে নরক তাপ,
অশুচিরে শুচি করি করিলে গ্রহণ।

৪ দীনে করিতে নিস্তার, হস্ত করেছ বিস্তার,
উঠাইয়াছ আপনার কৃপার নিশান।

তা. দ.

৬০ (ঈশ্বর শান্তিদাতা)

God our Comforter.

আমার ঈশ্বর প্রবোধকারী গো!
পাপাপদ পরীক্ষা, হইতে করেন রক্ষা, সর্ব্ব দিবস সর্ব্বরী

১ বিষম দুর্গম দুর্দ্দশা কালে, দয়াকরি পিতা করেন কোলে,
হইলে পতন করিয়া যতন, উঠান হাতেতে ধরি গো।

২ ঈশ্বর আছেন বন্ধু যাহার, কিছু অসুসার নাহি তাহার,
পর্ব্বতের আড়ে কি করিবে ঝড়ে, কারে আর ভয় করি গো।

৩ কাতর হইয়া করিলে রোদন, পিতা কি না শুনেন পুত্রের বচন,
যখন চাহি যাহা দিবেন যিহুহ, নিতান্ত ভরসা করি গো।

৪ ধন্য পিতা অধর্ম্ম তারণ, নিজ পুত্র দিলেন পাপির কারণ।
পাপে খেদযুক্ত হইলে করেন মুক্ত, যীশু খ্রীষ্টের মুখ হেরি গো।

ভা. দ.

৬১ (ঈশ্বর আমাদের পালক)

God our Shepherd. Ps. xxiii.

ওরে দুরাচার মন কেন ভাব আর,
দুঃখ হইতে ঈশ্বর মোরে করিবেন নিস্তার।

১ পালনের কর্ত্তা আছেন যিহূহ ঈশ্বর,
কিছুর অভাব কভূ না হবে আমার।

২ তৃণ যুক্ত স্থানে শয়ন করান আমার,
স্রোতো জলের নিকটে চরান নিরন্তর।

৩ ধর্ম্ম পথে লওয়ান গুণে আপন নামের,
আগে করান পরিবর্ত্ত দুরন্ত মনের।

৪ যদ্যপি সমীপে যাই মৃত্যুর ছায়ার,
যীশুর কৃপায় কভু ভয় নাহিক আমার।

খ্রীষ্টের মহত্ত্ব।

THE DIGNITY OF CHRIST.

৬২ (খ্রীষ্টের অসীম গুণ)

Christ Divine.

অসীম অনন্ত গুণ যীশু সর্ব্বেশ্বরে ভাব না।

১ ঈশ্বরের ব্যক্তগুণ যীশু খ্রীষ্ট ঐ দেখ না,
যীশু ধন্য সচৈতন্য সদা করি প্রার্থনা।

২ পাপের বন্ধন যীশুর শরণ লইলে হবে না,
এক ব্রহ্ম দুই নাস্তি বিচারিয়া দেখ না।

৩ তাঁহাতে অমূল্যত্রাণ, হেলা করে ছেড়ো না,
তীর্থ যাত্রা পরিশ্রম ছবি দেখে ভুল না।

৪ হেথা সেথা বেড়াও বৃথা তাতে কিছু হবে না,
আসিয়াছেন খ্রীষ্ট ত্রাণ তাঁহা বিনা পাবে না।

৬৩ (খ্রীষ্ট সর্ব্ব শ্রেষ্ঠ)

Christ Supreme.

খ্রীষ্টের প্রেম আমিন হইয়া আইল এ জগতে,
কোটী ২ ধর্ম্ম সেনাপতি লইয়া সাতে।

১ ঈশ্বরের রাজ্য ভার, দিলেন যীশুর হাতে,
রাজার রাজা মহারাজা স্বর্গ পৃথিবীতে।

২ যীশুমাত্র প্রভু হন সবার স্বর্গ মর্ত্ত্যেতে
অঙ্গীকারে হাঁটু গাড়ুক তাঁহাকে পূজিতে।

---

৬৪ (ঈশ্বরাবতার যীশু)

Jesus Immanuel.

ধন্য ঈশ্বর নন্দন, পাপ বিনাশ কারণ,
অধম তারণ হে যীশু হে।

১ অখিল ব্রহ্মাণ্ডের প্রতি যীশু দয়াবান,
সর্ব্বব্যাপি সর্ব্বদর্শী সর্ব্বশক্তিমান।
প্রকাশিয়া নিজ দয়া, নর অবতার হইয়া,
এ জগতে আসিয়া, দিল দরশন।
পতিত পাবন হে যীশু হে॥

২ সত্য দয়া ক্ষমা এই ত্রিগুণের আধান,
অনাদি অনন্ত যীশু সকলের প্রধান।
পিতৃ বক্ষ স্থল ত্যাগি, পাপিষ্ঠ নরের লাগি,
হইয়া প্রভু অনুরাগী, লভিলা নিধন।
প্রায়শ্চিত্ত করণ হে যীশু হে ॥

৩ তুমিই ভূত তুমিই ভব্য বর্ত্তমান,
তুমি ত্রিলোকের পতি স্বয়ং সনাতন।
কে জানে তোমার মর্ম্ম, তুমি জগতের ধর্ম্ম;
তুমি খ্রীষ্ট পূর্ণ ব্রহ্ম, করণ কারণ।
পাপ বিমোচন হে যীশু হে ॥

৪ কাতর কিঙ্করে কর করুণা প্রদান,
অন্তে যেন শান্তি পাইয়া পাই পরিত্রাণ।
আমি অতি মূঢ় মতি, কি জানি স্তব মিনতি,
স্বর্গ দূত তব স্তুতি, করে অনুক্ষণ।
দেহি ধর্ম্ম মন হে যীশু হে ॥

---

৬৫ (যীশুর শক্তি ও দয়া)

Power and Grace of Christ.

চিন্তামণি যীশু গুণময়,
তেকারণে এ ভুবনে তব যশ গায়।

১ নাশিতে নরের নাশ, দয়াতে হলো প্রকাশ, হে
জ্ঞানের অগোচর এই মহৎ উপায়।

২ করিলে আশ্চর্য্য কায, বিপক্ষগণ সমাজ, হে
খল জনে অন্বেষণে ছল নাহি পায়।

৩ মর্ত্ত্যে প্রকাশি প্রতাপ, নাশি নরকের তাপ, হে
আনন্দে স্বর্গেতে গেলে করি শত্রু জয়।

৪ ক্রোধের নাহিক লেশ, করুণা অপরিশেষ, হে
শীতল চরণ তলে রাখিও আমায়।

তা. দ.

৬৬ (খ্রীষ্টের অসীম মহিমা)

The infinite Glory of Christ.

কে জানে প্রভু যীশু নামের মহিমা,
নর অতি পাপিজাতি কিবা দিবে সীমা।

১ পূর্ণ ব্রহ্ম যীশু আসি, নরক তাপ বিনাশি,
সদয়ে উদয় দেখ নির্ম্মল চন্দ্রিমা।

২ যীশু যে অপরাজিত, জগতে আছে বিখ্যাত,
বুঝিলে যাইবে দূর মনের কালিমা।

৩ পাপের বেদনা নষ্ট, করিতে লইলেন কষ্ট,
প্রেম দেখাইলেন স্পষ্ট, অপরূপ ক্ষমা।

৪ অসুর করি দমন, সকায়ে স্বর্গে গমন,
কাহাতে বর্ত্তে এমন, সফল গরিমা।

৫ হেন প্রেমময় নিধি, হেলায় হারাও যদি,
দোষী রবে নিরবধি, কি দিব উপমা।

তা. দ.

৬৭ (যীশু সর্ব্বত্রাতা ও প্রভু)

Jesus the Savior and Lord of all.

যীশু খ্রীষ্ট নাম বদনে বল হে সর্ব্বপ্রাণী,
হইয়া এক মত গাও অবিরত, যত ভ্রাতা ভগিনী।

১ প্রভু যীশু হইতে আইল এ জগতে সুমঙ্গল কাহিনী,
সর্ব্ব গ্রামে ২ আর সর্ব্ব ধামে হউক জয় ২ ধ্বনি।

২ যীশু সর্ব্বেশ্বর ব্রহ্ম পরাৎপর মণ্ডলীর শিরোমণি,
স্বর্গের দুর্গম পথেরে সুগম করিলেন আপনি।

৩ নরক দুস্তর করিতে নিস্তার সেই যীশু আপনি,
নরের তারণ কারণ মরণ লভিলেন গুণমণি।

তা. দ

৬৮ (যীশু মধ্যস্থ)

Jesus our Mediator.

সাধু সঙ্গ কথা কহিতেছে জগজ্জনে,
সুমতি হয় নাই যীশু খ্রীষ্ট সাধু সঙ্গ বিনে।

১ জগতে না ছিলেন সাধু, অবতীর্ণ ত্রাণের সিন্ধু,
খ্রীষ্ট যীশু পাপির বন্ধু, আইলেন পাপির ত্রাণ কারণে।

২ সাধু সঙ্গে সর্ব্ব সিদ্ধি, সর্ব্ব শাস্ত্রে আছে বিধি,
রোগী শোগী আইল যত, শান্তি পাইল সাধুসঙ্গগুণে।

৩ বোবা বলে পঙ্গু চলে, কুষ্ঠী সুস্থ সাধুর বলে,
অন্ধ জনে নয়ন পাইল, জীবন পাইল কত মৃত জনে।

৪ যীশু নিত্য সুখ ত্যাগিয়া, নর দুঃখে দুঃখী হইয়া,
পাপির পাপ আপনি লইয়া, ভুগিলেন পাপের দণ্ড নিজ প্রাণে। প.

৬৯ (যীশু সর্ব্ব প্রধান)

Jesus Supreme

যীশু খ্রীষ্টের গুণ তত্ত্ব আইস করি গান,
অন্য নাহি কেহ সত্য দেখ এই প্রমাণ।

১ সর্ব্বপ্রথম ছিলেন তিনি সর্ব্ব শক্তিমান,
সর্ব্বের উপর যিনি তিনি সেই প্রমাণ।

২ সর্ব্ব সৃষ্টিকর্ত্তা যীশু সকল তাঁর নির্ম্মাণ,
স্বয়ং ঈশ্বর স্বয়ং শিশু স্বয়ং দীপ্তিমান।

৩ পাপ জগল্লোকের মরণ চেতন আছে কোন,
যীশু আপনি জগজ্জীবন তিনি সর্ব্ব গুণ।

৪ জগজ্জীবন জগদ্দীপ্তি যীশু নহে আন,
বিশ্বাসকারির পরিতৃপ্তি অশেষ পরিত্রাণ

৫ যীশু নামে প্রত্যয় যাহার তাহার হবে ত্রাণ,
বিখ্যাত সেই ঈশ্বর কুমার যীশুর এই দান।

৬ ধন্য ২ গুণমণি যীশু খ্রীষ্ট নাম,
এই গান যে আমি শুনি ব্যাপক সর্ব্বধাম।

---

৭০ (খ্রীষ্ট ঈশ্বরের পুত্র)

Christ the Son of God.

তোমার মহিমা গুণ নরে কে জানে।

১ ওহে ধন্য তোমার প্রতাপ, দোষির দোষ কৈলে মাফ
দেখাইলে জগতের পাপ, বিজ্ঞান দর্পণে।

২ তুমি ঈশ্বরের সুত, নর রূপে গুণ যুত,
করিতে ঈশ্বরের সুত, নরসুতগণে।

৩ তুমি জগৎ দীপক, নাশি অনির্ব্বাণ পাবক,
উদ্ধারিলে সেবক, আপনার মরণে।

৪ আমি অতি মূঢ়মতি, কি জানি স্তব মিনতি,
স্বর্গের দূত তব স্তুতি, গায় পরম গানে। তা. দ.

খ্রীষ্টের দয়াদি গুণ।

THE VARIOUS ATTRIBUTES OF CHRIST DISPLAYED IN THE WORK OF REDEMPTION.

---

৭১ (খ্রীষ্টের নম্রতা)

The Condescension of Christ

ধন্য প্রভু যীশু ধন্য, তব সম নাহি অন্য।

১ অজ্ঞান তিমিরময়ে, ছিল সবে ঘুমাইয়ে,
মঙ্গল আখ্যান পাইয়া, হইল জ্ঞান ও প্রেম চৈতন্য।

২ জগতীস্থ বস্তু উচ্চ, সকলি করিয়া তুচ্ছ,
পছন্দ করিয়া নিলে, যে সব হয় সামান্য।

৩ ত্যজি স্বর্গের ঐশ্বর্য্য, মরণ করিলে সহ্য,
সর্ব্ব পাপ কৈলে গ্রাহ্য, দীনহীনে সুপ্রসন্ন।

৪ তুমি নৃপতির নৃপ, প্রভুর প্রভু নররূপ,
তব প্রেম অপরূপ, তারিতে পাপি অগণ্য।

৫ হই তব প্রেমে প্রেমী, মিছে কেন ভ্রমে ভ্রমি,
তুমি হে জগৎ স্বামী, দেব দেবী সব অমান্য।

৭২ (যীশু শান্তিরাজ)

Jesus the Prince of Peace.

ভুবন বিজয়ী যীশুনাম।

১ তুমি হে নিযুদ্ধ রাজা, প্রেমে বশ হয় প্রজা নাথ,
অহিংসা পরম ধর্ম্ম, কে বুঝিবে তার মর্ম্ম নাথ

২ ভ্রমিয়া অনেক দেশ, দিলে ধর্ম্ম উপদেশ নাথ,
কালের করিয়া দমন অন্তরীক্ষে কৈলে গমন নাথ।

ত্রা. দ.

---

৭৩ (খ্রীষ্টের দয়া)

The Grace of Christ.

কি দয়া প্রকাশিলে,
পাপিগণে তরাইতে নিজ প্রাণ দান দিলে।

১ ত্যজি স্বর্গ সিংহাসন, জগতে কইল গমন,
ডাক সদা পাপিগণ, আইস ২ বলো।

২ যীশু হে কাঙ্গালের বন্ধু, নিস্তারিতে ভব সিন্ধু,
করিলে পাপের ভোগ, বিপক্ষের যোগাযোগ,
না ভাবিলে কোন শোক, সকলি সহিলে।

৩ ব্যাধিত পীড়িত যত, নিস্তারিলে কত শত,
মৃত দেহে দিলে প্রাণ, কত জনে জ্ঞানে স্থান,
কৃপা করি পরিত্রাণ, সকলি করিলে।

৭৪ (খ্রীষ্টের কৃপা)

The Compassion of Christ.

যীশু গুণ গান কর মনের হরিষে।

১ খ্রীষ্ট প্রেম ধন, অমূল্য রতন,
প্রাপ্ত হবে অনায়াসে,
পাপির কারণ, দিলেন পরাণ,
ভুবন ভরিল যশে।

২ প্রভু যীশু খ্রীষ্ট, মাহাত্ম্য বিশিষ্ট,
থাক সবে তাঁর বশে,
করি আহ্লাদ, যীশুর ধন্যবাদ,
কর রজনী দিবসে। ডা. দ.

---

৭৫ (খ্রীষ্টের আশ্চর্য্য প্রেম)

Christ's Wonderful Love.

এমন আশ্চর্য্য প্রেম প্রকাশিলে,
প্রভু শত্রুলাগি প্রাণ দিলে।

১ প্রভু জগতে ছিলে, নরেতে মিলে, হে নরমেধ হইলে,
প্রভু নরের নরক জ্বালা আপনি নিবারিলে।

২ প্রভু দিয়া নিজ প্রাণ, হলো বলিদান, হে প্রভু অতি দয়াবান,
তুমি অন্ধ খোঁড়া গোঙ্গা আর মৃতকে বাঁচাইলে।

৩ প্রভু শত্রু হস্তে প্রাণ, করি সমর্পণ, কৈলে কবরে শয়ন,
পরে তিন্ দিনের দিনে আপনি হে উঠিলে।

৪ পিতা ঈশ্বর সদনে, আছ তাঁর্ দক্ষিণে,স্থান্ প্রস্তুত কারণে,
ওহে নিজাশ্রিত জনে তুমি রাখিবে সে অতুলে।

৭৬ (খ্রীষ্টের অপূর্ব্ব প্রেম)

Christ's matchless Love.

১ কিবা অপূর্ব্ব প্রেম কমল তুমি,
জগতে আনিলে, করুণা করে্য হে যীশু!
তাহার সৌরভে, মগ্ন হইয়া সভে,
অমৃতের লোভে একত্রে মিলে॥

২ স্বর্গ হইতে আইলে পাপির লাগি,
জীবন প্রকাশিলে মরণ ভোগি।
কালের অধিকার, পাপকারাগার,
হইতে উদ্ধার করিয়া নিলে॥

৩ দেখিয়া সকল নর অনাথ,
নর রূপী হইলে নর নাথ।
পাপ যোঁয়ালে যুক্ত ছিলাম নিযুক্ত,
দিয়া নিজ রক্ত মুক্ত করিলে॥

৪ পাপি তাপি দুঃখি পীড়িত জনে,
উপকার কৈলে আপনার গুণে।
পাপের বিরুদ্ধ, দিলে আত্মা শুদ্ধ,
নরক করিলে রুদ্ধ স্বর্গ খুলিলে॥

৫ জগৎ অজ্ঞান তিমির আচ্ছন্ন,
জ্ঞানাঞ্জনে কৈলে আঁখি প্রসন্ন।
মিথ্যা হইল লুপ্ত তুমি সত্য দীপ্ত,
ছিল যাহা গুপ্ত ব্যক্ত করিলে॥ তা. দ.

---

৭৭ (খ্রীষ্ট অদ্বিতীয় সাধু)

Christ the only perfect one.

যীশু খ্রীষ্ট সাধু আইলেন জগতে,
পাপির পাপ যন্ত্রণা ভুগিতে।
সাধু সঙ্গ কথা মাত্র ধ্বনি কেবল ছিল জগতে॥

১ সাধু সঙ্গ বলে নরে, সাধুকে চিনিতে নারে,
অসাধুরে সাধন করে, কেমনে পারে তরিতে॥*

২ রিপুর অধীন যারা, কেমনে সাধু হবে তারা,
অভিলাষে সদা ভরা, সাধুর কাছে নারে যাইতে॥

৩ সাধু প্রেমে অভিলাষী, প্রেমেই স্থিতি, প্রেমেই খুসী,
সাধুর প্রেমের একই রীতি, সাধুর জন্ম প্রেম হইতে॥

৪ প্রেমেতে জন্মিত যেই, শুদ্ধ সত্য সাধু সেই,
তাঁহার সঙ্গ করে যেই, মুক্ত হবে পাপ হইতে।। প.

৭৮ (যীশুর অতুল্য প্রেম)

The Matchless love of Christ

যীশুর প্রেমের তুলনা দিব কিসে?
খুঁজিলে এমন মিলিবে না কোন দেশে।
করিতে পাতকির ত্রাণ প্রাণ দিলেন অবশেষে।

১ পাপিগণ উদ্ধারণে আইলেন নর বেশে,
প্রায়শ্চিত্ত করণ কারণ মরিলেন বিষম ক্রুশে।

২ জগৎবাসী অভিলাষী তারা রয়েছে পাপের বশে,
সত্য সেবা না করিয়া মরিবে আপন দোষে।

৩ দ্বেষ করিয়া য়িহুদীরা তাঁরে বধ কৈল বিনা দোষে,
তিন দিবসে জীবিত হইলেন রহিলেন না মৃত্যুর বশে।

৪ উত্থান করিয়া স্বর্গে গিয়া পিতার দক্ষিণে আছেন বস্যে,
করিতে জগতের বিচার আসিবেন সকল শেষে।

৫ অদৃশ্য প্রভুর চরণ বিশ্বাসে ধর কস্যে,
কাঙ্গাল বলে, ছাড়্যা দিলে, তুফানে যাবে ভাস্যে।

কা

৭৯ (খ্রীষ্টের বিশেষ দয়া)

Christ's Sovreign Mercy.

যীশুর অসীম গুণ কে করে তার বর্ণন ?

১ নিস্তারিতে নরাধম, নারীতে লইলেন জনম,
যীশু যে পুরুষোত্তম, ইহা প্রত্যক্ষ প্রমাণ।

২ পাপির কারণ প্রভুর, করুণা আছে প্রচুর,
লঘুত্ব ভাব গুরুর, তিনি জগতের প্রধান।

৩ যীশু চরাচর ব্যাপ্ত, জ্ঞানবানহইতে গুপ্ত.
অজ্ঞানের কাছে দীপ্ত, কর ইহা প্রণিধান।

৪ মানির হইল অপমান, অমানি পায় সম্মান,
ইতর বিশেষ জ্ঞান, নাহি সকল সমান।

৫ জগতে পণ্ডিত যত, তারা হইল জ্ঞান হত,
মূর্খ পায় মোক্ষ পথ, কিবা আশ্চর্য্য বিধান।

৬ উচ্চপদ তুচ্ছ করি, নীচপদ উচ্চকারী,
নাশিতে নরের অরি, নররূপে অধিষ্ঠান।

৭ সে দ্বারেতে অকিঞ্চন, কদাচ নহে বঞ্চন,
নিজ বুদ্ধে প্রবঞ্চন, পায় অহঙ্কারি জন।

৮০ (খ্রীষ্টাবতারের দয়া)

Incarnate Love.

হায় মহা প্রেম যীশু দেখালেন!
স্রষ্টা হইয়া সৃষ্টির কারণ আপনি বলিদান হইলেন।

১ সংসার দেখি পাপিষ্ঠ, ঈশ্বর হইলেন রুষ্ট,
সেই পাপের শাস্তি খ্রীষ্ট, আপনি ভোগ করিলেন।

২ মনুষ্য শুনহ সার, যীশু খ্রীষ্ট অবতার,
বেথলহমে যিহুদার, নিজ প্রেম প্রকাশিলেন।

৩ জনম লইয়া তথায়, নরের নরক দায়,
নিজ অঙ্গে লয়্যা তায়, নিবারণ করিলেন।

৪ পাপিষ্ঠ মনুষ্যের দায়, লইয়া আপন কায়,
যীশু ক্রুশীয় যন্ত্রণায়, নিজ প্রাণ ত্যজিলেন।

---

৮১ (খ্রীষ্ট অবতারের প্রেম)

Incarnate Love.

যীশু পতিতের তারণ,
তাঁহার মরণ কর স্মরণ।

১ ভাঙ্গিয়া নিজ শরীর, পাত কৈলেন রুধির,
প্রাণ দিলেন শত্রু রক্ষার কারণ।

২ যীশু এ জগতে আসি, তারক প্রেম প্রকাশি,
পাপের যন্ত্রণা করিলেন ধারণ।

৩ যীশুর অমৃত ভাষা, শুনিয়া হয় ভরসা,
অনিবার দুঃখ হয় নিবারণ।

৪ যীশু প্রেম অমূল্য, নাহিক তাহার তুল্য,
যীশু খ্রীষ্ট জগতের জীবন।

উপমাদ্বারা খ্রীষ্টের গুণ বর্ণন।

CHRIST SET FORTH BY EMBLEMS.

৮২ (খ্রীষ্ট আমাদের পালক)

Christ our Shepherd. Ps. xxiii.

কর ওরে মন যীশুর সাধনা,
তিনি তব পালক কিসের ভাবনা।

১ শ্যামবর্ণ তৃণ স্থল, যথা নদীর সুধা জল,
তথা রাখেন মোরে করি করুণা।

২ যদি ভ্রমে ছাড়ি পাল, তত্ত্ব নিয়া সে রাখাল,
ফিরান মোরে দোষের করি মার্জ্জনা।

৩ সদা তিনি মম সহায়, কি নিমিত্তে হবে ভয়,
নিদান কালে মোরে দিবেন সান্ত্বনা।

৪ শত্রু বৃথা বাধা দেয়, আমি নিত্য খাদ্য পাই,
আশীর্ব্বাদে মোরে করেন সুমনা।

৫ তোমার প্রেমে মম দিন, সদা হবে দুঃখহীন,
তব সেবা যেন কভু ছাড়ি না। G. P.

৮৩ (খ্রীষ্ট অতুল্য পালক)

Christ the good Shepherd.

প্রভু তুমি সত্য রাখাল হইয়া,
তোমার পালকে রক্ষা কর হে।

১ তোমার আশ্রয় ভিন্ন, হইয়া গেল ছিন্ন,
পাল অরক্ষক হইয়া প্রভু হে।
কর তাহার চেষ্টা, নহিলে হবে নষ্টা,
দয়াল রাখাল কেবল তুমি হে॥

২ বেতনজীবি জন, করে পলায়ন,
মেষের কোন আপদ হইলে হে।
করিবারে ত্রাণ, তুমি আপন প্রাণ,
মেষের কারণ আপনি দিলা হে॥

৩ খুজ তোমার মেষ, ব্যাপিয়া সকল দেশ,
পরের অধীন সর্ব্ব আছে হে।
তোমার সত্য বাক্য, যখন হয় প্রত্যক্ষ,
তখন তোমার আশ্রয় লইবে হে॥

৪ শুনি সংবাদ মঙ্গল, ছাড়া যাবে জঙ্গল,
রম্য স্থলের মধ্যে চরিবে।
রক্তক্রীত পাল, পাল সর্ব্বকাল,
বাড়াও সর্ব্বস্থানে প্রভু হে॥

৮৪ (খ্রীষ্ট রাখাল স্বরূপ)

Christ our Shepherd.

যীশু আছেন মোদের রাখাল,
প্রভু যীশু আপনার প্রাণ দিয়া রাখিলেন পাল।

১ ছিন্ন ভিন্ন হইয়া মেষ নানা দেশে ভ্রমে,
প্রভু যীশু সে মেষ উদ্দেশ কৈলেন পরম দয়াল।
চারিদিক্ হইতে সব প্রভুর রব শুনি চাইয়া দেখ,
আনন্দিত হইয়া ধাইয়া আইসে পালেপাল॥

২ এমন আশ্চর্য্য কার্য্য কে করাছে আর?
যীশুর গুণে কেন্দুয়ার সম্মুখে মেষ চরে নির্জ্জঞ্জাল।
বেতন জীবির হস্ত গত কেন হও জগৎ অশেষে,
ছাড়িয়া পলাইয়া যাবে হইলে বিপৎ কাল॥

৮৫ (খ্রীষ্টই ত্রাণরত্ন)

Christ Heavenly Treasure.

যীশু পরম ধন,
তারে যত্ন কর আমার মন।

১ প্রভু ছাড়িলেন স্বর্গ স্থান, আইলেন মর্ত্ত্য ভুবন,
ও মন তোমারি কারণ,
তিনি নরের জন্যে নর দেহ, ও মন করিয়াছেন ধারণ

২ ও মন তোমার পাপের জন্যে, গেৎশিমনি বাগানে,
কত দুঃখ তাঁর প্রাণে,
ওমন তোমার মহাপাপের জন্যে, তিনি ক্রুশে হইলেন সমর্পণ।

৩ প্রভু যত্নের নিধি যত্নের ধন, তাঁরে ভক্তি কর আমার মন,
তবে পাইবে জীবন,
তাঁর অযত্ন কৈলে রে মন হবে নরকে তোমার গমন।

৪ যে জন বিশ্বাসে করে সাধন, সে পাইয়াছে ঐ খ্রীষ্ট ধন,
সে ধন অমূল্য রতন,
ঐ ধন অনন্ত কাল থাকিবে রে মন, তাহার ক্ষয় নাহি হবে
কখন।

৫ অতি দীন হীনের এই বচন, শুন ওরে ভোলা মন,
ধর খ্রীষ্টের চরণ,
ও মন মহা সুখে সুখী হবে তুমি স্বর্গে পাইবা সিংহাসন।

যা. ম২.

৮৬ (খ্রীষ্ট বহুমূল্যবান্)

Christ the sinner's only treasure.

নয়নের তারা যীশু নির্ধনের ধন।

১ জগতে যত মনুষ্য, সকলি তাঁহারি শিষ্য,
যে না মানে সে নাশ্য, হবে ভ্রাম্যমান।

২ অমৃত জলে তৃষিতে, যীশু আসিয়াছেন তুষিতে,
আসিয়া কর ত্বরিতে, তাঁহার আরাধন।

৩ পরিত্রাণ পরিণামে, সুখে যাবে স্বর্গ ধামে,
প্রভু যীশু খ্রীষ্টের নামে, কর নিবেদন।

ত, দ.

---

৮৭ (খ্রীষ্ট সত্য ধন)

Christ the soul's true wealth

যীশু খ্রীষ্ট আমার সত্য ধন,
তুমি কর পাপ আমার বিমোচন।

১ ভবের স্বভাব আমার গেল না,
সদাই প্রবঞ্চন কুমন্ত্র কুজপন,
তেঁই যে মন সজুত রহিল না।
মনকে বুঝাইয়া, কুমতি ঘুচাইয়া,
তুমি দেও আমাকে প্রভু ধর্ম্মাত্মন্॥

২ পাপে মলিন ও মন আমার,
তুমি খ্রীষ্ট ধন দিয়া ধর্ম্মাত্মন,
ঘুচাও এই মনের অন্ধকার।
তিমির নাশ করি, উদয় হও উদয় গিরি,
আমার হৃৎকমলে দেও হে দরশন॥

৩ তোমার বাক্য প্রভু অলঙ্ঘন,
মোর হইয়াছে ভ্রম বিপথেতে শ্রম,
অন্ধকারে করিতেছি ভ্রমণ।
দেহত দিব্য আঁখি, স্বরূপে রূপ দেখি,
ঐ রূপ দর্পণেতে করি নিরীক্ষণ ॥

৪ খণ্ডাইতে আইলে পাপ ভার,
আমি পাপাধীন করিয়াছি পাপের ঋণ,
ভরসা চরণে তোমার।
দীন হীন কাঙ্গাল বলে, আমার না তরাইলে,
প্রভু অধম তরাইবে কোন জন ।

চ ৈচ

---

৮৮ (খ্রীষ্ট ত্রাণতরি)

Christ the Ark of Salvation

প্রভু গো মিনতি করি,
দীনহীনে দয়া করে দেহ চরণ তরি ।

১ ভব অকূল পাথার, ইহে নাহি পারাপার,
কৃপা করে যদি তার, তবেই তো তরি ।

২ এ সাগরে তোমা বিনে, নাহি দেখি হেন জনে,
তারিতে অধম জনে, হইয়া কাণ্ডারি ।

৩ আমি দীন হীন অতি, নাহি হেন সঙ্গতি,
যাহাতে তোমার প্রীতি, জন্মাইতে পারি ।

৪ তোমার প্রায়শ্চিত্তের গুণে, ত্রাণ পাবে জগজ্জনে,
শাস্ত্রের এই বচনে, ভরসা করি ।

৮৯ (খ্রীষ্ট সর্ব্বগুণাকর)

Christ set forth by various Emblems. 8. 7.

১ প্রভু যীশু খ্রীষ্ট তুল্য
কোথায় আছে এমন জন?
আপন রক্ত যে অমূল্য
দিলেন দেখ প্রেম গুণ॥

২ যীশু সত্য প্রেম রতন,
তিনি সর্ব্বগুণধাম।
মন হে রাখ করি যতন
যীশু খ্রীষ্ট প্রিয় নাম॥

৩ প্রভু যীশু ত্রাণের সেতু,
গাইও যীশু গুণ গান।
পাপির পরিত্রাণের হেতু
যীশু দিলেন তনুপ্রাণ॥

৪ যীশু জীবন দায়ী বৃক্ষ,
তাতে নিত্য পাড় ফল।
তাহার ছায়ায় বসি রক্ষা
হবে অতি রম্য স্থল॥

৫ যীশু নাম অমৃত অর্ণব,
ভক্তগণে করে পান।
তিনি সর্ব্ব পুষ্পের সৌরভ,
তাঁহার নামে হয় সুঘ্রাণ॥

৬ যীশু সর্ব্ব গুণ মণি,
রাজ্য শক্তি গৌরব তাঁর।
আমি পাপী কিবা ভণি,
যীশু নামের গুণ অপার॥ J. C.

৯০ (খ্রীষ্ট পূর্ণ চন্দ্রস্বরূপ)

The Glory of Christ unfading.

তুমি অকলঙ্ক শশী হ্রাস নহিবে কখন।

১ অনিবারে ক্ষরে সুধা, নিবারে আত্মার ক্ষুধা,
তৃপ্ত হয় তাপী জন।

২ উদয় হইয়া মানুষে, পাপ তিমির বিনাশে,
আর কার হেন গুণ।

৩ যে যায় সেই কিরণে, ভয় না করে মরণে,
যায় অমর ভুবনে।

৪ ধন্য হে পরমেশ্বর, ধন্য তোমার কুমার,
এজগতে আগমন।

৫ ভূত ভব্য বর্ত্তমান, সতত এক সমান,
প্রবীণ নিত্য নূতন।

৯১ (খ্রীষ্ট বসন্ত ঋতুস্বরূপ)

Christ compared to Spring time.

১ আইলে বসন্ত ঋতু মুঞ্জরে কানন,
মঙ্গল সমাচারে মৃত পায় প্রাণ রে।

২ নবীন পল্লবে বৃক্ষ হয় সুশোভন,
ভক্তগণ হরষিত পাইয়া নূতন মন রে।

৩ করিয়া আহ্লাদ নাদ করে পক্ষিগণ,
ঈশ্বর পক্ষীরগণ যীশু গুণ গান রে।

৪ বিকসিত প্রেম ফুল অপূর্ব্ব আঘ্রাণ,
ভক্ত ভৃঙ্গে সাধু সঙ্গে করে মধু পান রে।

৫ শান্তির নিস্তার দেখি পুলকিত মন,
সর্ব্ব দিগে ব্যাপিল মঙ্গল আখ্যান রে।

৬ লক্ষণ দেখিয়া পথ করে নিরীক্ষণ,
ত্বরিত হইবে নাথের পুনরাগমন রে।

ভা. দ.

৯২ (খ্রীষ্ট অমূল্য রত্ন)

Christ the Pearl of great price.

হায় খ্রীষ্টধন পাই কেমনে?
পাইলে পরে সে রত্নেরে রাখিব পরম যতনে

১ মণিহারা ফণি মতে, ভ্রমি সদা পথে ২,
নাহি ত্রাণ অন্য মতে, প্রভু যীশুর নাম বিনে।

২ তিমির আচ্ছাদিত হইয়ে, সত্য পথ হারাইয়ে,
খ্রীষ্ট ধন না পাইয়ে, দিব্য জ্ঞান নহে মনে।

৩ যতনে মিলে রতন, অযতনে নহে কখন,
তাহারে করে্য যতন, রাখিব আপন মনে।

৪ তিনি অগতির গতি, তাঁহা বিনা নহে গতি,
দিতে পারেন মুক্তি, আছে আশ এমন মনে।

৫ তিনি অনাথের নাথ, দিতে পারেন সত্য পথ,
ঘুচাইবে মিথ্যা মত, ত্রাণ করেন নিজগুণে।

৬ দীন হীন এ আভাষে, কহিতেছে অবশেষে,
পাবে খ্রীষ্ট অনায়াসে, রাখিলে মন তাঁর মরণে।

ই. না.

৯৩ (খ্রীষ্ট প্রেম কমলাদিস্বরূপ)

Christ likened to the Lotusflower &c.

হইল মহানন্দময়,
ভক্ত জন পাইয়াছে অনন্ত অভয়।

১ পাপ কুমদ মুদিত, প্রেম কমল বিকসিত,
তাহে আমোদ হইয়াছে কত প্রভুর সহায়।

২ যামিনী হইয়াছে গত, গৃহপতি সুপ্রভাত,
বিহঙ্গম গাইছে শত, হৃষ্ট হইয়া হৃদয়।

৩ যুগান্তিক অনল ছিল, প্রেম বারি নিবাইল,
ভক্তগণ মুক্ত হইল, হইতে নরকেরি দায়।

৪ দূতগণ আদি করি, ভক্ত গণ সমিভ্যারি,
গাইতেছে বদন ভরি, যীশু সর্ব্ব গুণ ময়।

৫ তনুপ্রাণে মুক্ত হইয়া, প্রভু পানে ধ্যান করিয়া,
ধন্যবাদে মগ্ন হইয়া, থাক সতত প্রার্থনায়।

রা. না.

৯৪ (যীশু ত্রাণতরির কাণ্ডারী)

Jesus the only safe Pilot.

ভব নদী তরিবে যদি তবে যীশু খ্রীষ্ট কর সার,
যত পাপী তাপী পার করিতে যীশু কেবল কর্ণধার।

১ ভাই ঘাট বসাইয়া বস্যা আছে অনেক নায়্যা,
লোকে পার করিতে নারে কেবল কৌড়ির লোভে ডাকে।
তোমায় ডাকিলে যাইও না রে ভাই, গেলে মাঝ খানে
ডুবাবে নৌকা বাঁচিবে না দিয়া সাঁতার॥

২ ও ভাই লোভী নায়্যা ভব নদী পার করিতে নারে,
ভরা সমেত ডুবায় আর আপনি ডুবে মরে।
তুমি তাহাতে সাবধান রে ভাই, এমন খল নায়্যার
ছলনায় পার হইবে না জগতের নর॥

৩ ভাই ভব নদী পার যাবে তো শীঘ্র চল হাট্যা,
পথিক লোক ডাক্যা চল খ্রীষ্ট নায়্যার ঘাটে।
তোমার বস্যা গেল দিন রে ভাই, এখন ত্বরায় যাইয়া
নাবে উঠ সমুদ্র অকুল পাথার॥

৪ ভাই এ বড় আশ্চর্য্য নায়্যা না লয় কড়ি পাতি,
লোকের কাছে চাহেন কেবল মনের ভকতি।
এমন দয়াল হইবে না রে ভাই, তিনি বিনি মূল্যে পার
কর্যা দেন যাহার যত থাকে ভার॥

প্রা. কৃ

৯৫ (খ্রীষ্ট অতুল্য কর্ণধার)

Jesus our Guide over the Ocean of Life.

কেন ভুলে আছ মনরে এই জগতে ?
কর্ণধার যীশু হইলেন এই ভবেতে।

১ সময়েতে যারা যায়, তাঁর তরিতে স্থান পায়,
এড়ায় ভবের ভয়।
তারা অনাসে পার হইবে, ও মন যাইবে স্বর্গ পুরেতে॥

২ অসময়ে যারা যায়, পর তাঁর নাহি পায়,
ঘটে বিষম দায়।
শেষে তরঙ্গের রঙ্গভঙ্গে, তারা পড়ে গিয়া নরকেতে।

৩ হায় আমি অতি ক্ষীণ, বৃথায় কাটাইলাম দিন,
হইয়া ভজন বিহীন।
এখন অকুল সাগর দেখে, আমার প্রাণ ব্যাকুল হয় ভয়েতে॥

৪ যীশু তোমার শুনে শক্তি, জন্মিয়াছে আমার ভক্তি,
করি কাতরোক্তি।
যেমন পিতরে তরাইলে তুমি, প্রভু তরাও মোরে এই ভবেতে॥

রা. কৃ.

৯৬ (খ্রীষ্ট ত্রাণতরণি)

Christ the Ark of Salvation.

১ যীশু খ্রীষ্ট নাম আছেন তরি,
বাহিয়া গেলে হয়,
কেন মন ওরে কেন পাইয়াছ এত ভয়।

২ তুফান দেখিয়া ডরাইও না,
সে তুফান কিছু নয়,
সে নায়ের কাণ্ডারী যীশু খ্রীষ্ট মহাশয়।

৩ বাহিয়া যাইতে ডেকে যদি,
ফিরিয়ে কিছু কয়
তাহাকে কহিবে আমি ঈশ্বর তনয়।

খ্রীষ্টের জীবদ্দশার ঘটনা।

EVENTS IN THE LIFE OF CHRIST.

৯৭ (খ্রীষ্টের জন্ম)

The Birth of Christ at Bethlehem. Luke II. 7's.

১ দায়ূদনগর সমীপ স্থল
যথায় ছিল মেষের পাল,
চৌকি দিতে রাখাল গণ
নিশি করে জাগরণ,
হেন কালে ঈশ্বর দূত
হঠাৎ হইল আবির্ভূত।

২ তখন হইল দিনের ন্যায়
চতুষ্পার্শ্বে দীপ্তিময়,
তাহা দেখি রাখালগণ
হইল অতি কম্পমান,
কিন্তু তখন দূতে কয়,
তোমরা নাহি কর ভয়।

৩ আমি দেই সমাচার
আহ্লাদ জনক সভাকার,
অদ্য দায়ূদ নগরে
জীবন দিতে পাপিরে,
খ্রীষ্ট নামে স্বর্গের নাথ
জন্মিয়াছেন শিশুবৎ।

৪ ওহে প্রিয় রাখালগণ
তাঁকে কর অন্বেষণ,
তিনি বস্ত্রে জড়িতকায়
শুয়্যা আছেন গোশালায়,
গিয়া সন্ধান পাইলে
ভজ তাঁরে সকলে।

৫ ইতি মধ্যে আচম্বিত
হইল তথায় উপস্থিত,
দূতের সঙ্গি সম্প্রদায়,
তারা ঈশ্বর স্তুতি গায়,
শুনি তাদের সেই গীত
রাখাল হইল পুলকিত।

৬ ঈশ্বর অতুল ক্ষমাধার
হইয়াছেন অবতার,
তাঁহার গৌরব বিশ্বময়
সর্ব্বদ্বারা হউক উদয়,
যেন পৃথ্বী শান্তি পায়,
এবং নরের কল্যাণ হয়।

৭ এখন সর্ব্ব পাপিগণ
হৃষ্ট থাক অনুক্ষণ,
ঈশ্বর অসীম কৃপাবান্
হইয়াছেন বিদ্যমান,
কর নিত্য স্তুতি তাঁর,
তাঁকে ভুল নাহি আর। G. P.

৯৮ (বৈৎলেহমের রাখালগণ)

The Shepherds of Bethlehem.

চল গো রাখাল ভাইয়ে,
বৈতলেহমে দেখিব যাইয়ে।

১ অনাদিকাল স্থিতি যাঁর, নির্গমন হইল তাঁর,
সেই যীশু মোদের উপর, উদয় হইলেন আসিয়ে।

২ পূর্ব্ব লিখিত অনুসারে, দায়ূদের স্বনগরে,
ভগ্ন কাঁথ উঠাইবারে, যিহুহ জন্মেন আসিয়ে।

৩ পিতা ইব্রাহীমের প্রতি, যে দিব্য করাইলেন স্থিতি,
যুষফকে প্রত্যক্ষ করি, ইস্রায়েলকে দিলেন তরাইয়ে।
১

৪ ইম্মানূএল নামে খ্যাত, ধর্ম্মাত্মাতে বালক জাত,
আশ্চর্য্যেতে এ লিখিত, পূর্ণ হইল ভাই দেখ গো চাহিয়ে।

৫ স্বর্গ পৃথ্বী যার ভবে, কম্পিত হয় থরহরে,
নিজ চক্ষে দেখিব তাঁরে, হাড়ঙ্গে রয়েছে শুইয়ে।

৬ দাস গোয়ালে বন্দিনরে, প্রবল হস্তে তারিবারে,
দায়ূদের নিজ ঘরে, ত্রাণের শৃঙ্গ দেন তুলিয়ে।

৭ সর্ব্বাধ্যক্ষের পুত্র বই, নর তারক কেহ নাই,
সত্য জানিলাম এই, উচিত মোরা যাই গো ধাইয়ে।

প্রা কৃ

৯৯ (রাখালদের প্রতি দূতের দর্শন দান)

The Incarnation of Christ revealed by Angels.

অবনীতে অবতার প্রেমের ঈশ্বর।
১ যীশু নাম জাত, কৈল স্বর্গের দূত,
দিল মঙ্গল সমাচার।

২ ধর্ম্ম আত্মা হইতে, উদ্ভব কন্যাতে,
সচ্চিদানন্দ কুমার।

৩ অপূর্ব্ব কীর্ত্তন, আসি দূত গণ,
কৈল রাখাল গোচর।

৪ সভে এক সঙ্গে, দেখিল হাড়ঙ্গে,
স্বর্গ মর্ত্ত্যের ঈশ্বর।

৫ নিরানন্দ নাশি, আনন্দ প্রকাশি,
কৈলেম কাল নিশি ভোর।

৬ হয়্যে হরষিত, স্থির করি চিত,
গাও নিত্য গীত তার।

ভা. দ.

১০০ (খ্রীষ্টের প্রতি হেরোদ রাজার দ্বেষ)

Herod's rage against Christ. Mat. ii

ঈশ্বর ইচ্ছা চিরস্থায়ি সেই মাত্র সার,
তদ্বিরুদ্ধে নরের চেষ্টা সকল অবিচার।

১ প্রভু যীশু প্রেমসিন্ধু, হৈয়া পাপি জনের বন্ধু,
জন্ম নিলেন মর্ত্ত্যে নরে করিতে উদ্ধার।
তবু পাপী দুষ্ট নর, না চিনিয়া ত্রাণাকর,
তাঁর প্রতি কৈল নানাবিধ আত্যাচার॥

২ পূর্ব্বদেশের পণ্ডিতেরা, দেখি যীশুর জন্ম তারা
অন্বেষণে আইল অরায় খ্রীষ্ট অবতার।
হেরোদ রাজা সেই কারণ, হৈয়া ত্রাসযুক্ত মন,
ভাবে সদা নিজে এবং স্বত পরিবার॥

৩ হৈলে খ্রীষ্টের অধিকার, যাবে মম রাজ্যভার,
এই শঙ্কা মনে ২ হইল তাহার।
১ তাহে বধিবারে যীশু, যিনি অবতীর্ণ শিশু,
এই রূপে বৃথা কম্প হইল রাজার॥

৪ হেরোদ হৈয়া পাপে মত্ত, না পাইয়া যীশুর তত্ত্ব,
তবু বাঞ্ছা পূরাইবারে সেই দুরাচার।
পাঠাইয়া সৈন্যগণ, শিশু বালক অগণন,
বিনা দোষে বৈৎলেহমে করিল সংহার॥

৫ আছে এই অবধার্য্য, ঈশ্বর বিরুদ্ধ কার্য্য,
ব্যর্থ হবে সর্ব্বমতে সিদ্ধ হওয়া ভার।
আহা! পাপি নরগণে, রহিত হৈয়া দিব্যজ্ঞানে,
অন্যায়েতে রত হয় কিবা চমৎকার॥

৬ স্বর্গবাসী প্রভু যিনি, হাস্য করেন স্বয়ং তিনি,
দেখ্যে পাপির কৃত কর্ম্ম আদি ব্যবহার।
যদ্যপিও হেরোদ রাজা, বধিলেক বালক প্রজা,
তবু রক্ষা পেলেন যীশু করুণা সাগর॥

৭ হায়! মোর প্রিয় প্রভু, ভাল বিনা মন্দ কভু,
কর নাই কারু প্রতি আছে সুপ্রচার।
তবে তব বিপরীতে, মনুষ্যেরা নানা মতে,
কেন করে এই রূপ নিষ্ঠুর আচার॥ G. P.

১০১ (যীশুর সহিত নীকদীমের কথোপকথন)

Nicodemus's visit to Jesus. John. III.

নূতন জন্ম নিগূঢ় তত্ত্ব বটে অশংসয়,
কিন্তু অল্প লোকের তাহা এ সংসারে হয়।

১ নীকদীম রাত্রি কালে, যীশুর কাছে আসি বলে,
সত্য ধর্ম্ম উপদেশক তুমি মহাশয়
কারণ তব মহাশ্চর্য্য, দেখিতেছি যত কার্য্য,
ঈশ্বর সহায় বিনা কভু সম্ভব নাহি হয়॥

২ প্রভু দেখি তাহার ভক্তি, করি তাকে অনুরক্তি,
নিগূঢ় বিষয় শিক্ষা দিলেন স্বয়ং দয়াময়।
নূতন জন্ম না হয় যার, স্বর্গ রাজ্যে অধিকার,
কোন রূপে না হয় তার জানহ নিশ্চয়॥

৩ তিনি বটেন সুপ্রবীণ, কিন্তু দিব্য জ্ঞান হীন,
এই কারণ প্রভুর কথায় হইয়া বিস্ময়।
না বুঝিয়া তাৎপর্য্য, কহিলেন এ কি আশ্চর্য্য,
মানুষ বৃদ্ধ হৈয়া পুনঃ কেমনে জন্মায়॥

৪ তখন প্রভু কৃপাময়, কহেন নিগূঢ় অভিপ্রায়,
আত্মা ঘটিত কথা ইহা দেহের বিষয় নয়।
ধর্ম্ম আত্মার শক্তিগুণে, শুদ্ধ স্বভাব হৈলে মনে,
সেই মহাশ্চর্য্য কর্ম্ম পুনর্জ্জন্ম কয়॥

৫ ওহে প্রভো সৃষ্টিকর্ত্তা, নরের সর্ব্ব মঙ্গল দাতা,
যীশুর শিক্ষা অনুসারে হও হে সদয়।
৬ আমার যত মন্দ মতি, ঘুচাও তাহা শীঘ্রগতি,
যেন তব ধর্ম্ম রাজ্যে আমার স্থিতি হয়॥

১০২ (যীশু অমৃত দাতা)

Christ and the woman of Samaria. John. iv.

যে জল প্রভু দেন তাহা কর পান,
নিশ্চয় পাবে তাতে অমর প্রাণ।

১ তিনি কৃপায় পাপি লোককে তারিতে,
অপার দুঃখ সহিলেন দেহেতে।
হায় ক্ষুধায় তৃষ্ণায় পথিকের ন্যায়,
কূপের ধারে করিলেন আসন॥

২ ও ভাই কখন বা ভারি বিষয়,
অতি ক্ষুদ্র কর্ম্ম হইতে হয়।
দেখ লইতে বারি গিয়া নারী,
পাইল সুধা কূপের দরশন॥

৩ যীশু সলিল চাহেন তাহার স্থানে,
দেয় না সে জাতির অভিমানে।
কিন্তু প্রবোধ বাণী প্রভুর শুনি,
শেষে হইল নারীর তত্ত্ব জ্ঞান॥

৪ তাতে নারী যাঁকে তুচ্ছ করিল,
তখন তাঁর মহিমা জ্ঞাত হইল।
আর যাহাতে হয় পিপাসার ক্ষয়,
তারে প্রভু জল দিলেন এমন ॥

৫ তখন যীশুর কৃপায় পাতক গেল দূর,
মনে পাইল নারী উল্লাস প্রচুর।
তাতে হয়্যা ব্যাগ্র গেল শীঘ্র,
গ্রামের লোককে করিতে জ্ঞাপন ॥

৬ শুন ঈশ্বরহইতে হবেন প্রেরিত,
যাঁহার বিষয় শাস্ত্রে আছে লিখিত।
সেই খ্রীষ্ট আসি আছেন বসি,
তোমরা গিয়া কর দরশন ॥ G. P.

১০৩ (বৈথেসদা সরোবর)

The Pool of Bethesda. John. v.

প্রভুর পথে ক্ষণে ২ সুধা বরিষণ,
তৃষিত পাপী তাহা পানে পায় তৃপ্ত মন

১ বৈথেসদা সরোবরে, দূতে জল কম্প করে,
তাহে স্নান করিবারে বহু রোগী জন।
বস্যোছিল তার ধারে, মনোমধ্যে আশা করে্য,
পাইবারে আপন ২ রোগে বিমোচন ॥

২ প্রভু যীশু হেন কালে, গিয়া সরোবরের কূলে,
সর্ব্বাপেক্ষা অতি রুগ্ন দেখিলেন এক জন।
কারণ আট্‌ত্রিশ বর্ষাবধি, পীড়িত আছে নিরবধি,
ইহা জান্যা তাহার প্রতি হল্যেন সকরুণ॥

৩ প্রভু যীশু প্রিয় ভাষে, তাকে ডাকি বলেন শেষে,
সুস্থ হইতে তব ইচ্ছা আছে কি এখন?
ইচ্ছা বটে রোগী বলে, কিন্তু জল কম্প কালে,
মোকে নামায় অগ্রে জলে নাহি হেন জন॥

৪ হায় নরগণ যত, আত্ম সুখে আছে রত,
পর দুঃখ দেখ্যে তাতে কেহ না দেয় মন।
যীশু মাত্র পাপির বন্ধু, দুঃখির প্রতি কৃপাসিন্ধু,
নরের দুঃখ নিবারণে প্রস্তুত সর্ব্বক্ষণ॥

৫ এই হেতু রোগির প্রতি, যীশু দিলেন অনুমতি,
শয্যা তুলে লইয়া যাও নিজ নিকেতন।
হায়! প্রভু বিদ্যমানে, কি আবশ্যক জলের স্নানে,
তাঁহার বাক্য বিনা অন্য নাহি প্রয়োজন॥ G. P.

১০৪ (গেৎশিমানী উদ্যান)

Gethsemane and Calvary.

আইলেন সর্ব্বাধ্যক্ষ ভুবনে,
ও মন মানব রূপী হইলেন তিনি তারিতে সব নরগণে।

১ প্রভু গেৎশিমানী বাগানে, ভুগিলেন দুঃখ সেখানে,
মনরে,
তিনি পায়্যা দুঃখ নিজ প্রাণে, গেলেন ধ্যানের কারণে

২ আমাদের পাপের ভরে, চেপ্টা হইলেন কলেবরে,
মনরে,
তাঁহার নিজ শরীর হইতে রুধির বাহির হইল তৎক্ষণে

৩ অবশেষে পাপের তরে, সোঁপিলেন প্রাণ ক্রুশোপরে
মনরে,
দেখ দিবস অন্ধকার হইল গুণমণির মরণে।

৪ যখন প্রভু ছিলেন ক্রুশে, বর্শা মারিল কুক্ষিদেশে,
মনরে,
তাঁহার দুঃখ দেখে মনের শোকে কান্দিল নারীগণে।

৫ তাঁহার সঙ্গে দস্যুগণ, হত হইল দুই জন,
মনরে,
দেখ এক জনা বিশ্বাসী হইয়া গেল প্রভুর সদনে।

৬ নানা মত আপদ আছে, সদাই যাও খ্রীষ্টের কাছে,
মনরে,
তিনি হয়্যা সদয় নিজ কৃপায় স্থান দিবেন চরণে। যা. ম

১০৫ (মরণহইতে খ্রীষ্টের পুনরুত্থান)

The Resurrection of Christ.

ধন্য প্রভু মৃত্যুঞ্জয়
করিয়াছ পুনর্জীবন দান।

ধন্য পিতা পরমেশ্বর, অক্ষয় নির্ম্মল অধিকার, দিতে হে,
নিশ্চয় করো মরণ হৈতে তুমি করাইলা খ্রীষ্টের পুন-
রুত্থান।

১ করিবারে বিশ্বত্রাণ, যিনি দিলেন নিজ প্রাণ, দয়াতে,
পায়্যা জীবন পুনর্ব্বার, উঠলেন তিনি চমৎকার, কবর হতে,
মৃত্যু পাপ ও নরক বশে রাখ্যে জয়ির তুল্য হইলেন
প্রকাশমান।

২ আসিয়া তাঁহার দূত, তেজে হৈয়া আবির্ভূত, অকস্মাৎ,
কবর দ্বারের যে প্রস্তর, সরাইয়া তদুপর, বসিলে,
দেখে তাহা সেনাগণে ভয়ে ত্বরায় পলায় হৈয়া কম্পমান।

৩ কোন দ্রব্য বিনা যিনি, সৃজিলেন এ ধরণী, বাক্যেতে,
তিনি দীন হীন পাপি নরে, ত্রাণাধিকার দিবার তরে, দেখ হে,
নিজ রক্তপাতে মৃত্যুর বাঁধন ছিঁড়ে করিলেন স্বর্গেতে প্রস্থান।

৪ ওহে ঈশ্বর সন্তানগণে, দৃষ্টি কর স্বর্গ পানে, ত্যজে শোক,
তথা উচ্চ সিংহাসনে, আলোর বসন পরিধানে, বসিয়া,
আছেন মোদের প্রভু সর্ব্ব প্রধান করিবেন তিনি শীঘ্র
ভক্তের আহ্বান।

৫ এখন নিজ দাসের প্রতি, দেখেন সদা ত্রাণের পতি, প্রেমেতে আহা! আপন ভক্তগণ, জ্ঞান করেন শিরোভূষণ, তুল্য হে তাদের দুঃখে দুঃখী সুখে সুখী হইয়া সঙ্গে দিবেন ধাম স্থান। G. P.

যীশু খ্রীষ্ট অদ্বিতীয় ত্রাণ কর্ত্তা।

CHRIST SET FORTH CHIEFLY AS THE SAVIOUR.

১০৩ (খ্রীষ্টই ত্রাণকর্ত্তা)

Christ the only Saviour.

কে আর তারিতে পারে,
ঈশ্বর যীশু খ্রীষ্ট বিনা গো।

১ সেই মহাশয়, ঈশ্বর তনয়,
পাপির ত্রাণের হেতু।
তাঁরে যেই জন, করয়ে ভজন,
তাহার তিনি ভব সেতু॥

২ ঈশ্বর আপনি, জন্মিলেন অবনী,
উদ্ধারিতে পাপি জন।
যেই পাপী হয়, ভজয়ে তাঁহায়,
সেই পাবে পরিত্রাণ॥

৩ ধরিলেন আকার, ধর্ম্ম অবতার,
সেই জগতের নাথ।
তাঁহার বিহনে, স্বর্গের ভুবনে,
গমন দুর্গম পথ॥

৪ সে বদন বাণী, শুন সব প্রাণী,
যে কেহ তৃষিত হয়।
যে নর আসিবে, শুদ্ধ বারি পাবে,
তিনি দিবেন সে তাহায়॥

W. C.

---

১০৭ (তারক যীশু)

Salvation by Christ.

পরিত্রাণ খ্রীষ্টের মরণে।

১ যীশু নর দেহ ধরি, এলে মর্ত্য পুরী,
পাতকির পাপ নিবারণে।
যীশু সব সুখ ত্যাগী, হইয়া দুঃখভাগী,
তারিলে সকল শত্রুগণে॥

২ যীশু পতিত পামরে, নরক দুস্তরে,
প্রেম কৈলে নিজ গুণে।
যীশু শত্রুর কারণে, আপন পরাণে,
যন্ত্রণা ভোগিলে সন্নিধানে॥

৩ যীশু অনন্ত কারুণ, অনন্ত প্রমাণ,
দিতেছ হে জগজ্জনে।
যীশু আমি ক্রিয়াহীন, অতি দীন হীন,
মুক্ত কর মোরে প্রেম গুণে॥

৪ যীশু প্রেম সিন্ধু তুমি, ক্ষুদ্র কূর্ম্ম আমি,
বাস করি তব নীরে।
যীশু মোরে করি দয়া, দেহ পদ ছায়া,
শীতল থাকিব সর্ব্বক্ষণে॥

---

১০৮ (যীশুতে দীনহীনের রক্ষা)

Jesus's power to save.

যীশু মঙ্গল সমাচার
শুন পাপী দুরাচার।

১ কুমারী হইতে জন্ম, বুঝ সবে তাঁর মর্ম্ম,
নর রূপে স্বয়ং ধর্ম্ম, খ্যাত ঈশ্বর কুমার।

২ বোবাতে প্রশংসা করে, বধিরে শ্রবণ করে,
অন্ধ নিরখয়ে তাঁরে, হেন দয়াল অবতার।

৩ জগতের পাপ যত, লইয়া হইলেন ক্রুশে হত,
পাপির কারণ এ প্রায়শ্চিত্ত, বিশ্বাসে হবে উদ্ধার।

৪ উদ্ধারিতে পাপী সব, তুব কৈলেন পরাভব,
কিবা আশ্চর্য্য গৌরব, জগতে হইল প্রচার।

৫ অতিশয় সম্ভাবে, পিতার দক্ষিণে বৈসে,
পুনঃমেঘারূঢ়ে আইসে, করিবেন জগত বিচার।

---

১০৯ (যীশুতে পাপির উদ্ধার)

Jesus the only Saviour.

যীশু ব্রহ্ম অবতার,
জগতে আইলেন, পাপী করিতে উদ্ধার।

১ কে কহিতে পারে প্রভুর মহিমা অপার,
তিনি নিষ্পাপ শরীরে নিলেন পাতকের ভার।

২ নানা মতে পরিশ্রম ভ্রমে কেন কর,
যীশু নামে শান্তি পাবে ভ্রান্তি যাবে দূর।

৩ আইস২ ডাকিতেছেন দয়াল ঈশ্বর,
অনায়াসে লইবেন স্বর্গে আছে অঙ্গীকার।

৪ শুন ২ চেতন হও রে জগতের নর,
দেখ যীশু নামে হইয়াছে ভোর ঘুমাইয়া কি কর।

ডা. দ

১১০ (যীশু তারক ব্রহ্ম)

Jesus the almighty Saviour.

যীশু তারিলে মহাপাপিরে,
পাপির পাপ দুঃখ লইলে শরীরে।

১ অতি নরাধম আমি, তারক ব্রহ্ম যীশু তুমি,
পাতকির পাপের ভার ধরিলে হে শরীরে।

২ যীশু নাম মহা তত্ত্ব, বিশ্বাসিলে হবে মুক্ত,
ভক্তি করি যেই ধরে সেই ভবে তরে রে।

৩ ক্রুশেতে হইয়া হত, মহারক্ত কৈলেন পাত,
রক্ত মাংসে প্রায়শ্চিত্ত, মহাপাপ হরে রে।

৪ দূতগণ লইয়া সাতে, আইলেন যীশু এ জগতে,
ধর্ম্মময় মৃত্যুঞ্জয় ভক্তি করি ধর রে।

---

১১১ (খ্রীষ্ট মুক্তি দাতা)

Jesus our Redeemer.

অসাধন
চিন্তামণি খ্রীষ্ট পাওয়া গিয়াছে।

১ যীশু খ্রীষ্টের অভিমত, তারিবেন জগৎ
যোহন আসি তার প্রমাণ দিয়াছে।

২ যীশু জগতের ভার, করিয়া অঙ্গীকার,
নর দেহে বলিদান হইয়াছে।

৩ যীশু মৃত্যু করি জয়, কবরহৈতে উদয়,
হৈয়া ভক্তে দরশন দিয়াছে।

৪ যীশু মৃত্যু বাঁধি রথে, গিয়া স্বর্গ পথে,
ঈশ্বরের দক্ষিণ ভাগে বসিয়াছে।

৫ ওহে, দ্বাদশ শিষ্যগণে, ত্রাণের বিবরণে,
যীশু খ্রীষ্টের নামে জগৎ ভরিতেছে।

---

১১২ (দুঃখ ভোগী ত্রাতা)

Christ the suffering Saviour.

পাপির কারণ
দয়াল যীশু ভূমণ্ডলে আসিয়াছেন।

১ নর লোক হেতু, আপনি প্রায়শ্চিত্ত,
সে সত্য নিশ্চিত্ত হইয়াছেন।
হায় পাপির দুর্গতি, নিজে জগৎপতি,
আপন শরীরে ভুগিয়াছেন॥

২ আসি ত্রাণ কর্ত্তা, মৃত হইলেন হেথা,
ভক্তগণেও তা লিখে গিয়াছেন।
হায় ধর্ম্ম গূঢ় সত্য, প্রমাণ প্রত্যক্ষ,
পূর্ব্বের কথায় পরে মিলিয়াছেন॥

৩ শত্রু হস্তে প্রাণ, করি সমর্পণ,
কবরে শয়নে রহিয়াছেন।
হায় অজর অমরে, মারিলে কি মরে,
তিন দিনের পরে উঠিয়াছেন॥

৪ চল্লিশ রাত্রি দিনে, নিজ শিষ্যগণে,
বারে ২ দর্শন দিয়াছেন।
হায় সকল সাঙ্গ পরে, স্বয়ং সুখ নগরে,
অটল আসনে বসিয়াছেন॥

কা.

---

১১৩ (যীশুমাত্র ত্রাণকর্ত্তা)

Jesus the only Saviour.

আমি কার কাছে দাঁড়াই ?

১ করিতেছি পাপ পুঞ্জ কার কাছে দাঁড়াই,
যীশু বিনা তরাইতে আর কেহ নাই।

২ সত্য ধর্ম্ম অনুগ্রহ নহে তোমা বই,
তোমাতে করিলে ভক্তি পাপে মুক্ত হই।

৩ তুমি হে প্রেমের সিন্ধু পীতে আমি চাই,
ধর্ম্ম মন ও পাপের মোচন তোমাহইতে পাই।

৪ আমি পাপী নরাধম না জানি কিছুই,
কেবল তারণ কর্ত্তা যীশু খ্রীষ্ট বিনা নাই।

১১৪ (যীশু পূর্ণব্রহ্ম)

Jesus the all sufficient Saviour.

১ যীশু তত্ত্ব গুণ গান আইস ভাই সকলে গাই,
মহা বিচারের দিনে এড়াবে যন্ত্রণা দায়।

২ ব্রহ্ম অবতার যীশু সচৈতন্য দেখ ভাই,
ধর্ম্ম শিক্ষা দিলেন প্রভু মরণে বিশ্বাস চাই।

৩ খ্রীস্টের মরণ নরের জীবন প্রত্যক্ষ মিল পাই,
সব দুঃখ যাবে দূরে প্রেমানন্দ হবে ভাই।

৪ হাতেতে হানিলে প্রেক দয়া নাইক মুখ চাই,
প্রভুর অসীম প্রেম যাহার তুলনা নাই।

৫ কি হিন্দু কি মোছলমান সবে মিলি এক ঠাঁই,
ভেবে চিন্তে দেখ ভাই এক বৈ আর দুই নাই।

---

১১৫ (যীশু দীনের ত্রাতা)

Christ saves sinners.

ভবে ভাবনা নাহি আর,
ভবের ঘাটের পার যাইতে যীশু কর্ণধার।

১ পৃথিবী সৃজন কালে, আত্ম পিতার বক্ষ স্থলে,
আছিলেন যিনি, নর পুরে আইলেন তিনি,
করিতে পাপির উদ্ধার।

২ বেড়াইলেন স্থানে২, জীবন দিলেন মৃত জনে,
দেখহ বিধানে, আইলেন এছার ভুবনে,
দিতে ত্রাণের সমাচার।

৩ মুক্ত করে্য কুষ্ঠিগণ, অন্ধ জনে জ্ঞানাঞ্জন,
বধিরে শ্রবণ, শেষে দিলেন আপন প্রাণ
ভুগিয়া যন্ত্রণার ভার।

৪ দীন হীনের কাতর ধ্বনি, শুন ওহে দিন মণি,
নির্বোধ এ আমি, পক্ষ হইয়া রক্ষ তুমি,
ভব নদী পারাবার।

১১৬ (যীশু অনাথের নাথ)

Christ the Saviour of the helpless.

তারক ঈশ্বর যীশু দয়ার সাগর।
১ সভে ছিলাম অনাথ, কৈলে দৃষ্টি পাত,
যীশু তুমি লোক নাথ, জগত ঈশ্বর।

২ জগত নিন্দিত জন, কিনিতে হে মহাজন,
দিয়াছ অমূল্য প্রাণ, বেতন তাহার।

৩ যত পাপী অপমানী, দীন হীন ক্ষীণ প্রাণী,
নিজগুণে গুণ মণি, কৈলে সমাদর।

৪*স্তুতি মিনতি গৌরব, সম্ভ্রম প্রশংসা স্তব,
তোমাতে সম্ভব এমন কে আর। তা° দ.

১১৭ (খ্রীষ্টের দয়ার কর্ম্ম)

Christ's deeds of Mercy.

পাপিদের জন্যে যীশু আপনি অবতীর্ণ হইলেন,
বহু কষ্ট ভুগি যীশু মানবের পাপ খণ্ডাইলেন।

১ স্বর্গের সুখ ত্যজিয়া, পৃথিবীতে আসিয়া,
কুমারীর গর্ব্ভে প্রভু যীশু জন্ম লইলেন।

২ সঙ্গেতে লইয়া বার শিষ্য, দেশে ২ হইয়া দৃশ্য,
অন্ধকে নয়ন মৃতকে জীবন প্রভু যীশু খ্রীষ্ট দান দিলেন।

৩ অবশেষে ক্রুশেতে, সাধু হইয়া চোরের সাথে,
নিজদেশী অবিশ্বাসী লোকের হাতে প্রাণ দিলেন।

৪ নানা মত যন্ত্রণায়, যীশু ত্যজিলেন কায়,
তিন দিন পরে পুনঃ কবর হইতে উঠিলেন।

৫ উত্থিত হইয়া গগণে, দেখা দিয়া শিষ্যগণে,
মেঘারূঢে স্বর্গ পুরে আপনি গমন কৈল্লেন।

১১৮ (যীশু দীনহীনের ত্রাতা)

Jesus the Saviour of the wretched.

১ মন রে ভাল বাস তাঁরে, যে ভব সিন্ধু তারে,
মহা দুঃখী হইয়া যীশু অধমে নিস্তারে।
খ্রীষ্ট মৃত্যু অঙ্গীকারী, জগতের ত্রাণ করি,
অসিদ্ধেরে সিদ্ধ করি যীশু লন স্বর্গ পুরে॥

২ পাপের ভয়ে ভীত জনা, করে যীশুর আরাধনা,
ভক্তি প্রাপ্তি তৎক্ষণে যীশু করান সেই নরে।
পাপি জনের ত্রাণ কারণ, নর তনু কৈলেন ধারণ,
পাতকির পাপ মোচন যীশু লইলেন শরীরে॥

---

১১৯ (যীশু কাঙ্গালের বন্ধু)

Jesus the Friend of sinners.

আসিয়াছেন কাঙ্গালের বন্ধু যীশু ভবসিন্ধু তারিতে,
পাপী তাপী দুঃখি জনের দুঃখ হরিতে।

১ বচন যীশুর সুধাসিন্ধু নীর ত্রাণ আছে রে তাতে,
দিনে দিনে পাপ আর সন্তাপ যাবে দূরেতে।

২ ধরি নর দেহ আসিয়াছেন সেহ ইহ জগতে,
পাপির যন্ত্রণা ধরিলেন আপনা নিজ দেহেতে

৩ খ্রীষ্টামৃত সার প্রেমের পাঁথার মন ডুব রে তাতে,
যে করে ভজন যে করে যতন অবশ্য রতন পাবে শেষেতে।

৪ পাপী দীন হীন কাঙ্গাল কাঁদে সদাকাল প্রভুর অর্থে,
যীশু অবতার হইলেন সারোদ্ধার পাপ নাশিতে।

কা.

১২০ (খ্রীষ্টেতে সম্পূর্ণ ত্রাণ)

Full salvation in Christ.

১ যীশুর মরণে লইলে আশ্রয়,
অনায়াসে নাশে মরণের ভয়।

২ জগৎ বিপক্ষ হইলে কি হয়,
স্বপক্ষ থাকিলে ঈশ্বর তনয়।

৩ যীশু নামে দেখ কিবা মহাজয়,
বিনা সমরে রিপু বশ হয়।

৪ নিজ রক্তে পাতকী করিয়া ক্রয়,
মরণে জীবন কৈলেন বিনিময়।

৫ মরণ পর্য্যন্ত করহ প্রত্যয়,
সুখে বাস করিবে ঈশ্বরালয়।

১২১ (খ্রীষ্ট পাপিদের আশ্রয়)

Christ the refuge of sinners.

আইস ২ যীশু পদে করহ আশ্রয়,
মনে না করিও কভু লোক লাজ ভয়।

১ নানা মত পরীবাদ করে জগতে,
ধর্ম্ম পরীক্ষার হেতু এ সকল হয়।

২ জগৎগুরু কল্প তরু সেই মহাশয়,
ইহ পরলোকে তিনি দিবেন অভয়।

৩ পাপের মোচন শক্তি আছে যাঁহার,
সে জন তরাইতে পারে নাহিক সংশয়।

৪ নরক দুস্তর অতি অমল নয়,
সে দায় তরিবে খ্রীষ্টে হইলে প্রত্যয়।

৫ পাপ ঘৃণা করি পাপী আইস ত্বরিতে,
অনায়াসে পাইবে খ্রীষ্ট প্রেম সুধাময়।

তা. দ,

১২২ (খ্রীষ্ট পাপিদের ত্রাতা)

Christ the Saviour of sinners.

১ পাপির ত্রাণের কারণ, আইলেন প্রভু মর্ত্য ভবনে,
পাপি তাপি নিস্তারিতে, প্রকাশিলেন প্রেম রতন।

২ যীশু নাম যে লইবে, সুধা বারি সেই পাইবে,
সুধা খাইলে অমর হইবে, প্রাপ্তি হইবে খ্রীষ্ট চরণ।

৩ যীশু নাম না লইলে, দিন যাইবে অবহেলে,
যাইতে হইবে নরকানলে, ত্রাণ তাহার না হয় কখন।

৪ অবনীতে লইয়া জন্ম, প্রকাশিলেন নিজ ধর্ম্ম,
আহা কিবাশ্চর্য্য প্রেম, শত্রু লাগিয়া দিলেন প্রাণ।

১২৩ (ত্রাণার্থে যীশুর আগমন)

Jesus came to save.

প্রভু দুঃখ ভোগী জগৎ তারিলে হে।

১ স্বর্গের সুখ ছাড়ি মর্ত্ত্য আইলে,
পাপিগণ সঙ্গেতে মিলিলে হে।

২ যীশু পতিত ত্রাণের কারণ,
প্রাণ দিয়া প্রেম দেখাইলে হে।

৩ যীশু পাতকি গণেরে তারিলে,
ধার্ম্মিকের বন্ধু না হইলে হে।

৪ যীশু তুমি আদি তুমি অন্ত হও,
যীশু খ্রীষ্ট নামে ক্ষিতি ভরিলে হে।

১২৪ (পাপিগণের পরিত্রাণার্থে যীশুর যত্ন)

Christ's efforts of Mercy.

যীশু খ্রীষ্ট আইলেন জগতে,
সব পাপী লোককে তরাইতে।

১ দীনের অধীনের বেশে, এলেন যিহুদী দেশে,
বেড়ান অতি ক্লেশে,
তিনি ঈশ্বরের গুণ করো স্থাপন প্রেম বিস্তার ঘরে ২।

২ তিনি বলেন বারে বার, পাপ কর নাক আর,
ছাড় মনের অহঙ্কার,
এই যে দিব্য জ্ঞান প্রকাশ হইবে ধর্ম্ম আত্মার গুণেতে।

৩ প্রভু পাপিদের জন্যে, ছিলেন গুহা কাননে,
কত যন্ত্রণা প্রাণে,
তিনি চল্লিশ দিন অনাহার ছিলেন শয়তানের সাতে।

৪ অতি দীন হীনের মন, প্রভু পাই তোমার চরণ,
আমার এই আছে মানন,
তুমি রক্ষা কর্ত্তা জীবন দাতা পার নিস্তার করিতে।

গ. ম.

১২৫ (খ্রীষ্ট মুক্তি দাতা)

Christ's advent to save.

সচ্চিদানন্দ নন্দন
মুক্ত কৈলেন দাসত্বের বন্ধন।

১ দেখিয়া অনাথ নর, আইলেন ঈশ্বর,
নয়নের নীর করিতে মোচন।

২ মনোগত রিপু যত, হয় পরাজিত,
কিবা চমৎকার তাঁর শাসন।

৩ নাশিতে নরের দুর্গতি, জগতের পতি,
দুঃখ ভোগি সুখ কৈলেন প্রদান।

৪ যীশুকে করিলে স্বীকার, নাশিবে বিকার,
যীশু খ্রীষ্ট জগতের জীবন।

১২৬ (খ্রীষ্ট ত্রাণকর্ত্তা)

Salvation by Christ.

ত্রাণ কর্ত্তা রূপে যীশু প্রেম প্রকাশিলে,
পাপির নিস্তার কারণ প্রভু অবতীর্ণ ভূমণ্ডলে।

১ ঐহিকের ভাবনা, পাপের যন্ত্রণা,
পাইলাম নানা ভুলে।
আমি পাপী দুঃখী, যীশু কর সুখী,
তরি তব দয়া পাইলে॥

২ পাপির নিস্তার, খ্রীষ্টে অঙ্গীকার,
শত্রু হস্তে প্রাণ দিলে।
আমার সাধন, খ্রীষ্টের মরণ,
নিস্তারির বিশ্বাসিলে॥

---

১২৭ (যীশু পতিতের বন্ধু)

Jesus the sinner's Friend.

যীশু পতিতের বন্ধু হইলে,
পাতকি তারণ তুমি মহাজন, খ্রীষ্ট নামে ক্ষিতি ভরিলে।

১ এ পাপ সাগরে তারিতে মোরে, যীশু তুমি কর্ণধার হইয়া সংসারে,
নিজ রক্ত দিয়া প্রায়শ্চিত্ত করিয়া রাখিলা অনন্ত কুশলে।

২ জগৎজনার এইত বিচার, বলে নিজ ধর্ম্মে মোরা হইব নিস্তার,
সে মনের ভ্রান্তি তুমি দিলে শান্তি রাখিলে চরণ কমলে।

৩ নরের নরক নিবারণ করি, যীশু নরদেহে পাপ মাফ্ করি,
পাপির কারণ খ্রীষ্ট মহাজন অনন্ত যন্ত্রণা ভোগিলে।

৪ প্রেম ধর্ম্ম পূর্ণ করণ, কারণ যীশু নরপুরে আসি দিলেন দরশন,
প্রেম আচরণে প্রেমের স্থাপন প্রকাশ করিলে ভূমণ্ডলে।

১২৮ (খ্রীষ্ট বিনা ত্রাণ নাই)

No Salvation but in Christ.

১ যদি হই সর্ব্ব প্রাপ্ত,
যেমন পাপি লোকে চায়,
ধন ও কীর্ত্তি নিত্য ২
যদি বাড়ে অতিশয়।

২ তীর্থে ২ যদি বেড়াই,
ধর্ম্ম স্থানে করি বাস,
ঘর কুটুম্ব যদি ছাড়ি
পুণ্য করি অভিলাষ।

৩ সর্ব্ব শাস্ত্র যদি পড়ি,
চরণোদক করি পান,
বড় বিতরণও করি,
তাহে হইতে নারে ত্রাণ।

৪ পাপ বিমোচন পুণ্য আশা,
তাহাতে উৎপন্ন নয়,
স্বর্গ গমন করার ভর্সা
অন্য স্থানে দেখতে হয়।

৫ যীশু তারক তোমার মরণ,
মাত্র জীবনের উপায়,
ধরি আমি তোমার চরণ,
তুমি আমার সত্যাশ্রয়। J. C.

১২৯ (যীশু বিনা তারক নাই)

Jesus the only Saviour.

শুন নর জগতের যীশু মূলাধার,
নম্র হয়্যা সেব তাঁরে নরক হইবে পার।

১ তিনি ঈশ্বর তনয়, লও নরে তাঁর আশ্রয়,
বিপত্তি ভঞ্জন নাম শুনহ তাঁহার।

২ পাপাপন্ন পরীক্ষা হইতে, যীশু বিনা তরাইতে,
স্বর্গ পৃথিবীতে কোন নাম নাহি আর।

৩ তিনি দিয়া নিজ প্রাণ, পূর্ণ কৈলেন পাপির ত্রাণ,
পাপের প্রায়শ্চিত্ত হেতু যীশু অবতার।

৪ যে জন বিশ্বাস করে, খ্রীষ্টের মরণ উপরে,
মৃত্যুপরে স্বর্গে সেই সুখ পায় অপার।

১৩০ (যীশুই মশীহ)

Jesus the Messiah.

প্রভু কিবা দয়া করিয়াছেন আমাদের উপর,
নরাকার ধারণ করে্য হইলেন নরেশ্বর।

১ স্বর্গের ঈশ্বর হইয়ে তিনি, মর্ত্যে আইলেন দিন মণি,
তাহে উজ্জ্বল হয় ধরণী যেমত দিবাকার।

২ জ্ঞান হয় পূর্ণিমার শশি, দায়ূদের কুলে আসি,
জন্ম নিলেন যীশু মশীহ্ করিতে নিস্তার।

৩ কি কব তাঁর দয়ার কথা, হইলেন পাপির ত্রাণ দাতা,
ধর্ম্ম গ্রন্থে এ বারতা আছেত প্রচার।

৪ নরের যাতনা ধরি, মরিলেন ক্রুশোপরি,
তাহে পাপ নাশ করি হইলেন ক্ষমঙ্কর।

৫ ধন্য ধন্য ধর্ম্ম পিতা, ধন্য ২ ধর্ম্ম আত্মা,
বহু ধন্য জগৎ ত্রাতা সর্ব্বগুণ সাগর।

৬ দীন হীনের আশা এই, অবশেষে দয়া পাই,
যেন মৃত্যুঞ্জয়ী হই নিদানে অপার।

ই. না.

---

১৩১ (খ্রীষ্টমাত্র তারক)

Christ's the soul's only refuge.

চেতন হও ও মন দুরাচার,
যদি বিচার দিনে হবে পার।

১ ও ভাই যীশু খ্রীষ্ট ঈশ্বর তনয়
নাম ধরয়া আসিয়াছেন মৃত্যুঞ্জয়।
আর দেবী দেবা মিছা সেবা,
ও ভাই যীশু কেবল সারোদ্ধার॥

২ যে জন বিশ্বাস করে খ্রীষ্টের মরণ,
সে জন পাবে অনন্ত জীবন।
যীশুর মহিমাতে মৃত্যুহইতে,
দেখ বাঁচাইয়াছিলেন লাজার ॥

৩ এ মহাপাপের প্রায়শ্চিত্ত করে্য
হত হইলেন ক্রূশের উপরে।
মোদের পাপের সাজা নরের রাজা
তিনি আপনি করিলেন অঙ্গীকার ॥

৪ ও রে অতি দীন হীনে তোরে কয়
মন রে ভ্রমে ভোলা উচিত নয়।
এখন ভবমাঝে সকল ত্যাজ
ও ভাই যীশুর চরণ কর সার ॥ হ.

খ্রীষ্টের প্রতি ভক্ত্যাদি।

CHRIST TRUSTED IN AND WORSHIPPED.

১৩২ (পাপির ভরসা যীশু)

Jesus the hope of the guilty.

কি হবে বিচারের দিনে উপায় আমার,
মহাপাপী দুরাচারে কে করিবে নিস্তার।

১ ও কে আছে আমার কারে দিব ভার ?
এমন উপায় দেখি নাক আর,
খ্রীষ্টের মরণে জিবন করিয়াছি সার।

২ ও মন মম তুল্য পাপী জগতে না দেখি,
এমন মহা দুরাচার,
যীশু নাম তরণি ভবে ভরসা আমার।

৩ ও মন পাপির কারণ খ্রীষ্টের মরণ
ধর সে চরণ ছাড়িও নাক আর,
যাহার অসীমা প্রেম অনন্ত অপার।

১৩৩ (খ্রীষ্টের প্রতি প্রার্থনা)

A sinner looking to Jesus.

তুমি ধন্য দয়াল যীশু ওহে অধমের ত্রাণ,
ওহে পতিতের জীবন খ্রীষ্ট মোর প্রাণ।

১ বহু দুঃখ দেহে ধরি, পাতকিরে উদ্ধারি,
হে অধম জনার প্রতি হও দীপ্তিমান।

২ পাপ স্রোতে ভাসি আমি, প্রেমেতে উদ্ধার তুমি
দয়া করি যীশু মোরে করহ শোধন।

৩ জন্মিলে মরণ আছে, নরকেতে যাই পাছে,
প্রার্থনা তোমার কাছে করহ গ্রহণ।

৪ প্রত্যাশাতে হে তোমার, চরণ করিলাম সার
বিচারের দিনে যীশু দিও মোরে স্থান।

৫ খ্রীষ্ট বই আর কেহ নাই, পাছে তোমায় ভুলে যাই,
এই দয়া আমি চাই তব পদে মন।

৬ প্রেমময় নিধি তুমি, প্রকাশিত মর্ত্ত্য ভূমি
বিশ্বাসিলে মৃত্যু পরে স্বর্গেতে গমন।

১৩৪ (খ্রীষ্টের স্তবকরণ)

The soul praising Christ

গাইব যীশুর অনন্ত গুণ,
আমি মনেতে ভরসা পাইয়াছি এখন।

১ যার দয়ার গুণে, বধির কাণে শুনে,
কত মৃত জনে পাইয়াছে জীবন।

২ জাগিতে ঘুমাইতে, রাখিও হৃদেতে,
ভুলিয়া রয়্যাছ কেন রে এখন।

৩ তনু মন দিয়া, জ্ঞান যোগাইয়া,
তাঁহার প্রেমেতে হইও নিপুণ।

কা।

১৩৫ (খ্রীষ্টের প্রতি প্রার্থনা)

Looking to Christ for Salvation.

যীশু মোরে নরক পথে যাইতে দিও না
আমি করি হে তোমার সাধনা।

১ যীশু করিবারে ত্রাণ, হইলে বলিদান
ভুগিলে অনেক যন্ত্রণা।

২ যীশু মোর পাপের কারণ, ধরি তব চরণ
রক্ষা কর মোরে ফেলিও না।

৩ যীশু বিচারের দিনে, দাঁড়াইব কেমনে
এই আছে মোর ভাবনা।

৪ যীশু করি নিবেদন, দেহ ধর্ম্ম মন
আমি চাহি সত্য সান্ত্বনা। কা.

১৩৬ (সুমতির কারণ প্রার্থনা)

A sinner desiring grace from Christ.

ভবে যদি এসেছ যীশু
কিছু সাধন মতি দেও হে মোরে,
সাধন মতি দেও হে মোরে, ভজন মতি দেও হে মোরে
হে যীশু।

যদি নিজগুণে কর দয়া তবে অসাধনে পাই তোমারে।

১ আসিয়া অনাথের নাথ, দেখাইলে ধর্ম্ম পথ, পাপিরে
তুমি না আসিতে যদি, কি হইত নরের গতি, হে যীশু,
প্রভু তোমা বিনে এভুবনে লোকে ভ্রমণ করে অন্ধকারে।

২ করিতে নরের হিত, প্রকাশিলা ধর্ম্ম নীত, জগতে,
তব ধর্ম্ম প্রতাপেতে, অন্ধকার নারিল রহিতে, হে যীশু,
এখন দিনে ২ জগজ্জনে আলো দেখিবে নয়ন ভরে।

৩ জন্ম বৈৎলেহম ধাম, যীশু খ্রীষ্ট হইল নাম, তোমার হে,
তারিতে পাপীকিগণে, আসিয়া মর্ত্যভুবনে, হে যীশু,
প্রভু নর রূপে দিলে দেখা হইয়া অবতার দুসকের ঘরে।

৪ ধর্ম্ম অবতার আসি, পরের দোষে হৈলে দোষী, হে যীশু,
এ বড় দুঃখের কথা, হাতে পায় প্রেক গাঁথা, হইল তোমার,
মোদের পাপের অনন্ত সাজা আপনি ভোগিলে নরের তরে।

প্রা. কৃ.

১৩৭ (খ্রীষ্ট মনোহর)

Christ the soul's chief delight.

ওহে যীশু মম প্রিয় নাহি মোরে ভুল।

১ বনে ক্ষেত্রে তব তুল্য নাহি কোন ফুল,
ওহে যীশু মম প্রিয় নাহি মোরে ভুল।

২ কত সন্তাপ কত বিলাপ মম পাপ ফল,
ওহে যীশু মম প্রিয় নাহি মোরে ভুল।

৩ প্রতি দিন হৈল ক্ষীণ জীর্ণ দেহ মূল,
ওহে যীশু মম প্রিয় নাহি মোরে ভুল।

১৩৮ (খ্রিষ্টের শরণ লওন)

Choosing Christ.

যীশু হে দীনে দয়া কর আপন গুণে।

১ কিছু নাহি দেখি সার, আর সকল অসার,
যীশু নাম সারোদ্ধার, ভাবিয়াছি মনে।

২ ত্যজিয়া সম্ভ্রম মান, লইয়াছি তব শরণ,
কর কৃপাবলোকন অধীন অজ্ঞানে।

৩ জ্ঞান সিন্ধু জ্ঞান দাতা, দীন বন্ধু জগৎ কর্ত্তা,
ভব ভয়ে ভয় ত্রাতা, ধর্ম্মাত্মা দানে।

৪ দীনে দিতে মোক্ষ ধন, ত্রিশূলে হইলে নিধন,
রাখ মোর এ সাধন, ত্যজ না নিদানে।

৫ কর দান জ্ঞানাঞ্জন, নরক ভয় ভঞ্জন,
দুঃখির মনোরঞ্জন, এ সত্য প্রমাণে।

হা. দ.

১৩৯ (খ্রীষ্টাশ্রয় লওন)

The trembling sinner fleeing to Christ.

হায় মোরে কে তারিবে ভব ঘোরে,
আমি বড় পড়েছি বিষম ফেরে।

১ করিয়াছি পাপ, বেড়েছে সন্তাপ,
এখন দোষ দিব কারে।
আমি যীশু বিনা আর, শরণ লইব কার,
কে আর তারিতে পারে॥

২ আমার পাপেতে অন্তর, কাঁপে থর ২,
স্থির হইতে নারি ডরে।
আমি ভরসা রেখেছি খ্রীষ্টের মরণে,
জীবন পাব স্বর্গ পুরে॥ কা.

১৪০ (খ্রীষ্টাশ্রয় লওন)

Taking refuge in Christ.

ওহে যীশু কৃপাময় গুণের নিধান,
দয়া করি কর তুমি ধর্ম্ম আত্মা প্রদান।

১ তুমি ত্রাণ কর্ত্তা সত্য, তুমিই কেবল নিত্য,
বিনা মূল্যে কর প্রেম দান।
তোমার আশ্রয় বিনা, দেবাদি ভজিলে নানা,
কখন না হবে পরিত্রাণ॥

২ স্বর্গ ছাড়ি মর্ত্যপুরে, তরাইতে পাপী নরে,
আইলা তুমি এইত কারণ।
জীব নিস্তারিবার তরে, ভয়ানক ক্রুশোপরে,
হারাইলা আপনার প্রাণ॥

৩ আমি অতি মূঢমতি, নাহি জানি স্তুতি নতি,
শ্রদ্ধা ভক্তি ভজন সাধন।
দুরন্ত পাপের ভয়ে, হৃদয়ে কম্পিত হইয়ে,
তব পদে লইলাম শরণ॥

১৪১ (খ্রীষ্ট বিনা সকলি অসার)

All things vain without Christ 7's.

১ ওহে যীশু ক্ষমাবান্,
শুন আমার নিবেদন,
আমি তোমার দয়া চাই,
তোমা বিনা মরে যাই।

২ লৌকিক সুখে হবে কি?
ধন ও সম্ভ্রম করে কি?
তাহা নহে চিরস্থায়ি,
যীশু বিনা সন্তোষ নাই।

৩ অসীম বৈভব যদি পাই,
তবু পাপের মোচন চাই,
তোমার পদতলে রই,
তোমা বিনা নষ্ট হই।

৪ আমি পাপী দীন হীন,
সাধু নহি, ধর্ম্মেক্ষীণ,
কিন্তু আমার এ প্রত্যয়,
খ্রীষ্ট পাইলে মুক্তি হয়।

৫ প্রভু টান সভার মন,
এই আমার নিবেদন,
যেন সবে রক্ষা পায়,
খ্রীষ্ট বিনা মরা যায়। J. M.

১৪২ (খ্রীষ্টেতে ভরসা প্রকাশ)

Avowing hope in Christ.

যীশু ধন্য সর্ব্বশক্তিমান্
তব গুণে মৃত পায় প্রাণ।

১ শত্রু সমূহ আছে অনেক, আমি তাহে ভয় নাহি করি তিলেক
জগতে সকলে তব পদতলে, তুমি রাখিলে কে মারে প্রাণ

২ আমি দীন হীন অতিশয়, প্রভু তুমি মহাজন মহৎ আশ্র
ওহে দয়াময় জীবন সংশয়, ক্ষম পাপে দেহ প্রাণ দান

৩ মম পাপ ভয় আদি রিপুচয়, তোমায় সোঁপিয়া আছি সদা নির্ভয়, ওহে কৃপাময় বিচার সময়, চরণেতে আমায় দিও স্থান।

---

১৪৩ (যীশুর আশ্রয় লওন)

Looking to Christ.

ও কি হবে হে যীশু নরক ঘোরে নিস্তার,
দারা বন্ধু সুত যত, হে সময়ে অনুগত,
অসময়ে কেবা কার॥

১ যীশু আমি দীন হীন, অতি অকিঞ্চন, হে,
জগতে কেহ নাহি আর।
যীশু এ জগৎ কিছু নয়, সকলি মায়াময়, হে,
যীশু তুমি সকলের সার॥

২ যীশু ধন ২ করি, দিবানিশি ফিরি, হে,
উদর করেছি সার।
যীশু দিনে ২ প্রাণ, নরকে গমন, হে,
পাপ মোর অতি ভার॥

৩ যীশু তুমি মহাজন, মোর অধম মন, হে,
স্থির করিবারে পারো।
যীশু তুমি সর্ব্বেশ্বর, স্বর্গের ঈশ্বর, হে
প্রাণ দিয়া কেমনে পারো॥

১৪৪ (যীশুর শরণাপন্ন হওন)

Looking to Jesus for Salvation.

তারো মোরে যীশু দীন দয়াময়,
পাপ মোচন কর লইয়াছি তব আশ্রয়।

১ পাপির পাপের দুঃখ ভোগিলে নিশ্চয়,
তেঁই তব প্রেমে পাতকী উদ্ধার হয়।

২ তোমার নামের গৌরব অতিশয়,
ত্রাণ করিবার আর কার সাধ্য নয়।

৩ যীশু মোরে রক্ষ সব বিপক্ষ ময়,
তুমি সদয় যারে তার আর কারে ভয়।

---

১৪৫ (যীশুর দয়া প্রাপ্ত্যর্থে প্রার্থনা)

Prayer for Grace.

ও হে যীশু দয়াবান্,
মোরে ধর্ম্মাত্মা কর দান।

১ তুমি সত্য নিত্য প্রভু তুমি প্রেমের মহাজন,
তব আশ্রয় বিনা কেহ কখন পাবে না ত্রাণ।

২ স্বর্গ ছেড়ো মর্ত্যপুরে আইলে পাপির কারণ,
ওহে কৃপা করে নরের তরে ক্রুশের উপর দিলে প্রাণ

৩ আমি অতি মূঢ়মতি জানি না ভজন সাধন,
কেবল পাপের ভয়ে কাতর হইয়া করিতেছি নিবেদন।

হ.

১৪৬ (ভীতব্যক্তির আত্মরক্ষার্থে প্রার্থনা)

The fearful soul looking to Jesus.

১ কাতরে ডাকিছে পাপী,
ত্রাণ কর এই তাপী,
প্রেমগুণ দাতা জীবনের কর্ত্তা,
যীশু ঈশ্বর।

২ পাপের তুফান ভরে
ইচ্ছা করি যাই উড়ে,
তোমার শরণ লইয়া আমি
বাঁচিব এ বার।

৩ পাপের সাগরে পড়ি,
তুফানেতে ডুবে মরি,
ওহে কর্ণধার যীশু এবার
করহ উদ্ধার।

৪ তব প্রণে লইয়া যাইয়া
নির্ভয় সদন দিয়া,
এ দুঃখ খণ্ডাও যীশু তোমায়
বলি বারেবার।

১৪৭ (খ্রীষ্টের চরণ ধরণ)

Fleeing to Christ for refuge.

আমি পাপী খ্রীষ্টের চরণ যাই ধরে্য,
যেন রক্ষা পাই মরণ পরে।

১ ওহে পিতা পরমেশ্বর, তুমি সকলের উপর,
স্বর্গে আছ নিরন্তর,
কর দয়া ঘুচাও মায়া, রেখো্যা না অন্ধকারে।

২ প্রিয় পুত্র কৈলা দান, পাপিদের কারণ,
তিনি আইলেন এ ভুবন,
দোষির মত ক্রুশে হত, হইলেন নরের তরে।

৩ প্রভু ঘুচাও আমার ভ্রম, ভাল কর মোর মন,
দিয়া অতুল চরণ,
তোমার সত্যের আলো শীঘ্র জ্বাল, বিচার হউক মোর
অন্তরে।

১৪৮ (ত্রাণার্থে খ্রীষ্টের কাছে প্রার্থনা)

Sinner applying to Christ for Salvation. S.

১ দয়া কর আমার উপর,
ও হে যীশু কৃপাবান্,
তুমি নরের নিস্তারকর্ত্তা,
তুমি সর্ব্বশক্তিমান্।
শুন যীশু শুন যীশু
শুন আমার নিবেদন॥

২ আমি বড় অপরাধী,
আমার পাপের বড় ভার,
মর্ত্ত্যে কারো শক্তি নাহি
আমায় নিস্তার করিবার।
যীশু ছাড়া কারো নাহি,
শক্তি নিস্তার করিবার॥

৩ শুনিয়াছি মঙ্গলাখ্যান,
শুনিয়াছি তোমার নাম,
পাইয়া দুঃখ অপমান
করিয়াছ পরিত্রাণ।
বিশ্বের রক্ষা করণার্থে
করিয়াছ জীবন দান॥

৪ এখন মঙ্গল সংবাদ শুনি
সর্ব্ব সৃষ্টি ভর্সা পায়,
প্রত্যয় করি অন্যে বলি,
খ্রীষ্টের কৃপায় রক্ষা হয়।
পাপি জনে খ্রীষ্টের নামে
নিবেদিলে রক্ষা হয়॥ J. C.

১৪৯ (সচেতন পাপির খ্রীষ্টাশ্রয় লওন)

The awakened sinner fleeing to Christ.

হায় প্রভো কি করিব এখন,
কিসে পাইব অনন্ত জীবন?

১ দিনে২ আয়ু হীন. বাঁচিব আর কত দিন,
ওহে ঘোর নিদ্রার হইয়া অধীন, ভুগিব তখন নরক যাতন।

২ এত দিন নিজগুণে, রক্ষিয়াছ সর্ব্বক্ষণে,
ওহে আমার পাষণ্ড মনে, ঘুচিল না কুপথের গমন।

৩ আমি বড় অপরাধী, তোমার স্থানে এই সাধি,
ওহে প্রভু দেহ পরম মুক্তি, তোমার শক্তি কর প্রদান।

৪ আমি অতি দিনহীন, আমারে না ভাব ভিন,
ওহে না হই যেন মোক্ষ হীন, পামর মনের কর শোধন।

১৫০ (সচেতন পাপির প্রার্থনা)

Prayer of the convinced sinner.

দুর্গমে ত্রাহি মে যীশু পতিত পাবন,
যাতনা সহে না প্রভো সংশয় জীবন।

১ আমি দীন পাপে ক্ষীণ, বারি হীন যেন মীন,
দীনবন্ধু কৃপাসিন্ধু বারি কর হে সেচন।

২ মরি পাপ পিপাসায়, তৃষিত চাতকী প্রায়,
কৃপা জলধর হৈয়া বৃষ্টি কর বরিষণ।

৩ মুগ্ধ হৈয়া মায়ামদে, পড়িয়াছি পাপ ফাঁদে,
ধর্ম্ম অস্ত্রে ছেদ কর লইতেছি শরণ।

৪ পাপে ওষ্ঠাগত প্রাণ, অস্থি শুদ্ধ কম্পবান্,
দয়াগুণে কৃপাদানে কর আমায় সঞ্জীবন।

৫ ঘন বহিতেছে শ্বাস, জীবনের নাহি আশ,
রক্ষা কর নিজ দাস দিয়া শ্রীচরণ।

৬ পাপরূপ দাবানলে, দেহারণ্য সদা জ্বলে,
প্রেম জলে সে অনলে কর প্রভু নিবারণ।

৭ পাপাধীন তব দাস, মনে এই অভিলাষ,
অবশেষে স্বর্গবাস করে অকিঞ্চন।

By a Hindu.

---

১৫১ (যীশু পাপিদের সত্য আশ্রয়)

A Sinner looking to Christ. 8. 7.

১ প্রভু যীশু কর দয়া,
তুমি মোদের সত্যাশ্রয়,
পাপিরে দেও পদছায়া,
ভক্তকে কর নির্ভয়।
দয়াল যীশু
তোমার কৃপা অতিশয়॥

২ আমরা বড় অপরাধী,
আমাদের অসীম পাপ,
লঙ্ঘিয়াছি ধর্ম্ম বিধি,
সদা করি অনুতাপ।
দয়াল যীশু
খণ্ডাও মোদের অভিশাপ।

৩ সংসারের চরিত্র দেখি,
মনে পাই বড় ত্রাস,
পাপের ভয়ে সদা দুঃখী,
তরাও যীশু দেও আশ্বাস।
দয়াল যীশু
পুরাও মনের অভিলাষ॥

৪ তুমি ঈশ্বর কৃপাসিন্ধু,
তোমার অনুগ্রহ চাই,
তুমি আদি মধ্য অন্ত,
মুক্তি দাতা আর কেহ নাই।
দয়াল যীশু
তোমারি ধন্যবাদ গাই॥

১৫২ (খ্রীষ্টাশ্রয় স্বীকার)

Sinner looking to Christ.

আমি মহাপাপের পাপী মহাদুরাচার,
কৃপা কর ওহে যীশু অধীন তোমার।

১ পাপেতে তাপিত হইয়া, খ্রীষ্টাশ্রয়ে নিত্য রইয়া,
ভরসা মনে, পাব ভরসা মনে, খ্রীষ্টের মরণে নিস্তার।

২ পাপেতে অজ্ঞাত ছিলাম, জ্ঞানেতে ত্রাসিত হইলাম,
খ্রীষ্টের মরণে, আমি খ্রীষ্টের মরণে, হব ভবসিন্ধু পার।

৩ খ্রীষ্টের প্রেমের প্রেমী হইয়া, সাধু সঙ্গে সদা রহিয়া,
যীশু মনেতে, আমার যীশু মনেতে, হইলে তৃপ্ত কলেবর।

৪ শুন হে ধার্ম্মিক ভাই, খ্রীষ্ট বিনা কেহ নাই,
ভুবন মাঝে, এ সব ভুবন মাঝে, প্রভু আপনি নর ঈশ্বর।

১৫৩ (ঈশ্বরের মেস শাবক যীশুতে প্রত্যয়)

Faith in Jesus the Lamb of God. 7's.

১ কত শত পশুর প্রাণ
হইলেও বলিদান,
তবু নাহি পাপের ক্ষয়,
কিম্বা মনের শান্ত্যাদয়।

২ পশুর রুধির হইতে সার
খ্রীষ্ট বলি শ্রেষ্ঠ তর,
তিনি ঈশ্বর দত্ত মেষ,
কৈলেন সর্ব্ব পাপের শেষ।

৩ আমি মহাপাপি নর
তাঁহার শিরে দিয়া কর,
তাঁহায় থুয়্যা মম পাপ
করিতেছি অনুতাপ।

৪ পাপির জন্যে যেই ক্লেশ
ভোগিলেন অপরিশেষ,
দেখ্যে তাহা আমার মন
আশা করে অনুক্ষণ।

৫ ইথে মুক্ত হৈল পাপ,
দূরে গেল অভিশাপ,
খ্রীষ্টের প্রেমে আনন্দিত
হৈয়া গাই তাঁহার গীত। G. P.

১৫৪ (ত্রাণ প্রাপ্তির নিমিত্তে যীশুর মরণে বিশ্বাস)

Trusting in tbe death of Jesus for Salvation.

হায় আমার ভরসা যীশুর মরণে,
প্রভু দিলেন নিজ প্রাণ পাপির কারণে।

১ যীশু মরণ গুণ যে করে ধারণ,
কি করিবে তার শমনে,
তাঁর শিষ্যগণে তাঁরে দেখিল নয়নে
যীশু দরশন দিলেন আপনে।

২ মেঘ রথে চড়ি উঠিলেন উপরি,
স্বয়ং সত্য স্থানে গমনে,
আজ্ঞা আছে তাঁর তিনি আসিবেন আরবার,
বসিবেন বিচারের আসনে। কা.

১৫৫ (যীশু নম্র লোকের তারক)

Jesus saves contrite sinners.

দীনহীন করিতে পরিত্রাণ
কেবল তুমি খ্রীষ্ট দীন দয়াল।

দীনহীনকে তরাইতে, ভজনহীনকে তরাইতে, হে যীশু,
যে জন আপন দীনহীন জানে ওহে তুমি তার দুর্ব্বলের বল।

১ আপনাকে পুণ্যবান, যে করিবে অনুমান, মনেতে,
সে জনের হয়েছে ভ্রান্তি, কভু না পাইবে শান্তি, হে প্রভো,
ও সে আপন দোষের সাজা সেই ওহে ভুগিবে অনন্তকাল।

২ মহাপাপী দীনহীন, হইতে চাহি তোমার অধীন, আমি হে,
করি বটে এই সাধ, রিপু করে বিসম্বাদ, আমার মনে,
তুমি অনুকূল হইয়া মোর সকল কাট কালের মায়া জাল।

৩ নানা পাপি দুষ্ট যত, তাদের কৈলে ধর্ম্মে রত, তুমি হে,
তব শিক্ষা যেই পায়, পাপেতে না রইতে চায়. ওহে যীশু,
তারা ইহকালে শান্তি পাবে আরো অন্তে পায় অমৃত ফল।

৪ মৃত জনে জীবন দিতে, ডাকিতেছ ধর্ম্ম পথে, হে যীশু,
খণ্ডিয়া নরক দুখ, ভোগাইবা স্বর্গ সুখ, তাহাদের,
প্রভু তব ক্ষমা যে পাইয়াছে সে জন এড়াইয়াছে দাবানল।

১৫৬ (যীশুর প্রতি প্রার্থনা)

Sinner calling upon Christ.

যীশু ভবে তার মোরে হে,
আমি পড়েছি বিষম ফেরে হে,

১ যীশু তুমি কৃপাবান, কর মোরে পরিত্রাণ,
কাতর হইয়া আমি ডাকিছি তোমায় হে।

২ প্রভু আমি দুরাচারি, পাপ করো ফিরি,
প্রভু তুমি না তরাইলে মরি আমি ডুবি হে।

৩ যীশু কাঁপে মোর অঙ্গ, দেখো ভব তরঙ্গ,
কেবল দোহাই দিতেছি তোমার হে।

১৫৭ (পাপ স্বীকার পূর্ব্বক প্রত্যাশা)

Looking away from self to Jesus.

দোষ বিনা গুণ নাই কিছু আমার,
প্রভু কেবল ভরসা তোমার।

১ আমি মহাদুরাচার, কারে দিব ভার,
এ ভব সাগরে মোরে কে করিবে পার,
আমি করেছি অশেষ পাপ কিমতে পাব নিস্তার।

২ আমি মহাপাতকী, তুমি আছ তার সাক্ষী,
বিচার দিনে জিজ্ঞাসিলে উত্তর দিব কি,
ওহে তরাইলে তরাইতে পার তুমি দয়াল অবতার।

৩ তোমার প্রেমের আচার, করিয়া বিচার,
দেখিতেছি আশ্চর্য্য গুণ অতি চমৎকার,
ওহে তব শরণ পাপির কারণ, তোমারেই করিয়াছি সার।

হ.

১৫৮ (ত্রাণের কারণ প্রার্থনা)

Sinner calling upon Christ.

ত্রাণ কর দয়াময়,
তোমার চরণে আমি লয়েছি আশ্রয়।

১ ওহে অমৃত সাগর যীশু তুমি মৃত্যুঞ্জয়,
তোমার শরণ নিলে মরণে কি ভয়।

২ ওহে তব সম প্রেম আর কার কভু নয়,
পরম দয়াল তুমি ঈশ্বর তনয়।

৩ যীশু আমি অতি মূঢ়মতি দুষ্ট দুরাশ্রয়,
ক্ষম মম অপরাধ, নিস্তার অভয়।

১৫৯ (খ্রীষ্টাশ্রয় অন্বেষণ)

Prayer for Grace.

ওহে যীশু দীন হীনের কর পরিত্রাণ,
তুমি বিনা নিস্তারিতে কেহ নাহি আন।

১ তুমি দীনের কর্ত্তা, ত্রাণের প্রদাতা, পাপির কাকুতি শুন,
সন্তান বাৎসল্য, করিয়া বাহুল্য, কর অশ্রু নিবারণ।

১ আমি অতিদীন, সুপথ বিহীন, তব কৃপা আশে মন,
লয়েছি শরণ, তোমার চরণ, দীনে কর আলোকন।

৩ এবে অতিশয়, পাইয়াছি ভয়, নিজদোষ করি জ্ঞান,
আজ্ঞাকূপ গড়, নিতান্ত নিবিড়, তাতে আশা করি স্নান।

৪ দীপ্তি বিরহেতে, প্রকৃত সুখেতে, বঞ্চিত আমার মন,
ঘোর অন্ধকারে, ভ্রমে নিরন্তরে, হইয়া অন্ধ সমান।

৫ দয়া দিবাকর, করের নিকর, যদি মম মন পান,
তবে ধর্ম্মাত্মার, আবেশে তোমার, সুখ ভুগিতে যান।

১৬০ (পরিত্রাণ প্রার্থনা)

The soul committing itself to Christ.

ওহে যীশু নিজ গুণে মোরে কর পার,
তোমা বিনা এ জগতে কেহ নাহি আর।

১ অজ্ঞান পাতকী আমি, পরম দয়ালু তুমি,
তব পদ করিয়াছি সার।
আমি হে নিদান কালে, তব উপকার বলে,
ভব সিন্ধু হই যেন পার॥

২ ভবরূপ জলনিধি, বহিতেছে নিরবধি,
দেখিতেছি অকুল পাথার।
তোমার আশ্রয় লইয়া, সুখে যাব পার হইয়া,
এই মাত্র ভরসা আমার॥

৩ নিরাশ্রয় পাপি নরে, উদ্ধার করিবার তরে,
দয়াল রূপে হইলা অবতার।
আমি অতি দুরাচার, আশ্রয় নাহিক আর,
নিজ গুণে কর মোরে পার॥

৪ মহাপাপের প্রায়শ্চিত্ত, আপনাতে উপযুক্ত,
বুঝিয়া করিলা অঙ্গীকার।
তোমার যন্ত্রণা ফলে, সুখী হইল সর্ব্বকালে,
পাপি তাপি দুষ্ট দুরাচার॥

১৬১ (বিপদ্‌গ্রস্তের ত্রাণ প্রার্থনা)

Anxious soul committing itself to Jesus. 11'৮

১ হে জগতের স্বামি ত্রাণ কর এ নর,
এ পাপী যে আমি না করিও দূর।
না ত্যজিও আমায় অনাথ আমার প্রাণ,
না ছাড়িব তোমায় এ আমার বিধান॥

২ নরাধম পাপী দুরাচার দুর্জ্জন,
ঘোর তাপেতে তাপী হে কাঙ্গালের ধন।
স্বদয়াতে হবে নিতান্ত নিস্তার,
ত্রাণকর্ত্তা এ ভবে না দেখিলাম আর॥

৩ এই ভব তরঙ্গে মোর জন্মিল ভয়,
মোর নৌ পাছে ভাঙ্গে কি হবে উপায়।
এ তুফান ভয়ঙ্কর হায় বিপদ কি ঘোর,
হে যীশু শুভঙ্কর নিস্তারো প্রাণ মোর॥

৪ হে যীশু যার সঙ্গে হয় তোমারি বাস,
সব দুর্দশা লঙ্ঘে তব প্রিয়তম দাস।
যে স্থানেতে আশ্রয় নিতান্ত প্রমাণ,
সে পাবে অণৎসময় ঐ ঘাটে লাগান॥

J. G.

১৬২ (দীনহীনের স্বকীয় ত্রাণ প্রার্থনা)

Prayer for Salvation.

প্রভো নিস্তার কর হে, আমি মহাপাপের পাপী,
জন্মিয়া এ ভুবনে, দিন গেল অকারণে, কি হবে গতি বিহীনে।

১ আমি হে তোমার অধীন, তুমি দীনহীনের দিন,
দয়া করি তারো দীনে।

২ তুমি হে জগৎপতি, তোমা বিনা নাহি গতি,
আমি পাপী দুঃখি তারো নিজ গুণে।

৩ মহাবিচারের দিনে, ত্রাণ কর দীন হীনে,
রক্ষা কর আমায় নিদানে।

৪ বলে অতি অকিঞ্চনে, স্থান দিও ঐ চরণে,
কৃপাবলোকন দানে।

---

১৬৩ (খ্রীষ্টের শরণার্থক প্রার্থনা)

Christ the soul's all.

যীশু দেহি তব শরণং খ্রীষ্টের মরণে মম তারণং।

১ ক্ষিতির ভার হরণ কারণ, যীশু জনম লইলে মর্ত্ত্য ভুবন,
নর দেহ ধরি, পাপেরে সংহারি, পতিতেরে কৈলে গুহণং॥

২ দীন বন্ধু করুণা সিন্ধু, যীশু তিমির ইন্দু, শিশিরে কৃশানু,
তেঁই বলি ভাই, চল শীঘ্র যাই, খ্রীষ্ট আশ্রয়ে স্বর্গে
আরোহণং ॥

৩ তুমি হে আদি তুমি হে অন্ত, যীশু অধম লাগিয়া হইলে শ্রান্ত,
মৃত্যু সম্ভাষিয়া, পুনরুত্থিত হইয়া, জগৎ করিলে রক্ষণং ॥

৪ পাপির ত্রাণ তোমার কৃতি, যীশু মুই মন ফিরাই তোমার প্রতি,
এই আমি করি, দিবস সর্ব্বরী, তব পদে মন মিলনং ॥

১৬৪ (সকল ত্যজিয়া খ্রীষ্টাশ্রয় লওন)

Forsaking all for Christ.

যীশু অন্তকালে ত্যজ না আমায়,
বিপাকে না ঠেকি যেন নরকের দায়।

১ হায় জগদ্বাসী সর্ব্ব নরে যদ্যপি মোরে,
তুচ্ছ জ্ঞান অপমান সতত করে,
তাহাতে না হবে ক্ষতি জেনেছি নিশ্চয়।

২ হায় সকল জগৎ যদ্যপিস্যাৎ আমার লাভ হয়,
তাহাতে আমার কোন উপকার নয়,
মৃত্যু পরে নরক ঘোরে আত্মা যদি যায়।

৩ হায় সকল ছাড়্যে, যীশু তোমার লয়্যেছি শরণ,
ভরসা কেবল আমার তোমার মরণ,
বিষম সঙ্কটে তুমি হও আমার সহায়।

৪ হায় আমি অতি মূঢ়মতি দুষ্ট দুরাচার,
যীশু তুমি পরাৎপর তারিতে তৎপর,
তব নামে পরিণামে মোক্ষ ধামে যায়।

৫ হায় নিজ গুণে এ অবাধ্য দাসে,
দৃঢ় করি বদ্ধ কর প্রেমরূপ ফাঁসে,
প্রাণ মোর যেন বাঁচে নিবেদি তোমায়।

১৬৫ (চেতনার কারণ প্রার্থনা)

Prayer for Divine grace.

প্রভু হে তুমি চেতনে রাখিও দীন হীনে,
বড় পাপেতে কাতর হইয়া তোমায় ডাকি মনে ২।

১ অন্য পথে অন্য মতে, আমারে না দিও যাইতে,
রাখিও আপন নিকটে মোরে বান্ধিয়া হে প্রেম গুণে।

২ পাপের সাগর হইতে, টানিয়া তুল আমাকে,
তুমি যীশু দয়াময় মোরে বিনি মূলে লও হে কিনে।

৩ ভরসা রেখেছি আমি তোমার কৃপায় জগৎ স্বামি,
প্রভু যীশু মোরে না তারিলে আমি তরিব কেমনে।

৪ আজি হইতে আমার মনে, সত্যের আলো ঢালো জ্ঞানে,
আমি যে রূপে বাঁচিতে পারি মহাবিচারের দিনে।
কা.

---

১৬৬ (খ্রীষ্টেতে আশা)

Christ the soul's only refuge.

প্রভু আমার সকল ভরসা থুইয়াছি তোমাতে,
যীশু যা কর নিজ গুণেতে।

১ আমার যত প্রয়োজন, সব ঐ চরণ,
কিছু রাখি নাই আপনার হাতে,
তব চরণ বিনে, পাপের তুফানে,
নিস্তার পাই কি মতে?

২ আপনি দিয়া নিজ রক্ত, করেছ প্রায়শ্চিত্ত,
কে আর আছে এমত জগতে,
তব মরণ গুণে, যাইব জীবনে,
বাসনা করেছি মনেতে।

৩ প্রভু আপনি দয়াবান, করুণা নিধান,
দিয়াছ আপন প্রাণ পাপী তারিতে,
তুমি না তারিলে আর, কে আছে আমার,
কে করিবে পার ভব দায়েতে?

৪ আপনি সর্ব্বশক্তিধর, তোমার মহিমা অপার,
কৈলে পাতকী নিস্তার প্রেমেতে,
পাপী কাঙ্গাল দীনহীনে,তোমায় বলে ঘনে ২,
প্রভু রক্ষা করো মহাবিচারের দিনেতে।

কা.

১৬৭ (খ্রীষ্টেতে পরিত্রাণের ভরসা)

Relying on Christ alone.

প্রভু নিজ গুণে কর পার,
তোমা বই কেহ নাহি আর।

১ আমার ভক্তি শক্তি নাই কিছু তোমাকেই করেছি সার,
ও হে নিদান কালে বাঁচিব বল্যে চাহি তব উপকার।

২ ভব নদী নিরবধি বহিতেছে অকূল পাঁথার,
আছে আশা এই ভরসা নিতান্ত পাইব নিস্তার।

৩ পাপি তাপি উদ্ধারিতে হল্যেন দয়াল অবতার,
ওহে দীন হীনে অজ্ঞানে দিতে ত্রাণের সমাচার।

৪ মহা পাপের প্রায়শ্চিত্ত আপনি কৈলে অঙ্গীকার,
তুমি দুঃখির মনে সুখ দিয়াছ ভুগিয়া যন্ত্রণা ভার।

৫ আপনি সত্য নিত্য প্রভু আমি দুষ্ট দুরাচার,
এই কারণে ক্ষণে২ অস্থির আছি বারেবার।

হ.

১৬৮ (খ্রীষ্টের নিকটে জ্ঞান সাধনা)

Awakened soul seeking divine knowledge.

কি রূপে এড়াব নরক যন্ত্রণা,
যীশু হে তোমায় করি প্রার্থনা।

১ যীশু কর করুণা, আমার নিশ্চয় প্রার্থনা, আমি ভজন জানি না
আছে ভ্রান্তি দিয়া শান্তি দূর কর কুমন্ত্রণা।

২ আমি জন্ম জ্ঞান কাণা, পাপ করিয়াছি নানা,
কারো শুনি নাই মানা,
আমার মত অচেতন দুরাচার কেহ হবে না।

৩ আমার অধর্ম্ম পানা, কভু গেল না, মনে রহিল ভাবনা.
বিচার দিনে তরিব কিসে যীশু কর মোরে করুণা।

হ.

১৬৯ (ত্রাণার্থে প্রার্থনা)

Sinner seeking Salvation from Christ

প্রভু হে করি কি উপায়?
পড়িয়া বিষম ফেরে বুঝি প্রাণ যায়।

১ করি তোমায় নিবেদন, শুন ওহে দয়াবান,
প্রভু মোরে ধর্ম্ম মন, দেও আপন কৃপায়।

২ পাপে আমার অধর, কাঁপে সদা থর ২,
প্রভু আমায় রক্ষা কর, করি হে বিনয়।

৩ শুনি তুমি পৃথিবীতে, পাপির তরে প্রাণ দিতে,
আসিয়া এই মর্ত্ত্যেতে, হইলা সদয়।

৪ অতি দীন হীনের তরে, স্বর্গ ত্যজি নর পুরে,
পাপির পাপ ক্ষমিবারে, হইলা উদয়।

রা. ম.

১৭০ (খেদিত পাপির ত্রাণ প্রার্থনা)

Distressed sinner taking refuge in Jesus.

ত্রাহি ত্রাহি ত্রাহি প্রভু পড়েছি বিষম দায়,
এ সঙ্কটে তোমা বিনা না দেখি আর উপায়।

১ সংসার তরঙ্গ লহরি, তাহে মম জীর্ণ তরি,
পাপ ভারে হইয়া ভারি, প্রভু গো ডুবিয়া যায়।

২ কাম ক্রোধ লোভ মোহ, মদ মাৎসর্য্য সহ,
করি মোরে আজ্ঞাবহ, ভবার্ণবে মজাইতে চায়।

৩ একে বায়ু নহে স্বপক্ষ, তাহে সকল রিপু বিপক্ষ,
নরক করিয়া লক্ষ্য, তথায় লইয়া যায়।

৪ শুনেছি শাস্ত্রেতে আমি, বিপত্তি ভঞ্জন হে তুমি,
দুর্গমে সর্ব্বদা ভুমি, কৃপাঙ্কুর করুণাময়।

প্রভু ভরসা তোমার চরণ, তুমিই যে অধীনের কারণ,
সাহলা লজ্জার মরণ, যেন পাপী রক্ষা পায়।

---

১৭১ (যীশুর প্রতি ত্রাণ প্রার্থনা)

Sinner seeking Jesus. 7's.

১ আমি মহাপাপি জন,
মহা অধম দুরাচার,
শুন আমার নিবেদন,
দয়াল যীশু কর পার।

২ তোমা বিনা নাহি আর,
ঘুচাইতে নরক ভয়,
কর আমার উপকার,
তুমি হে করুণাময়।

৩ মোচন কর আমার পাপ,
নূতন কর আমার মন,
আমি করি অনুতাপ,
করিয়া তোমায় প্রাণপণ।

৪ আমি আছি মহাজ্ঞান,
দীপ্ত কর আমার মন,
রক্ষা কর আমার প্রাণ,
আমি ডাকি ঘনেঘন।

৫ বল, আমি তোমার ত্রাণ,
তুমি কেন কর ভয়,
তবে গাইব তোমার গান,
হইয়া সদানন্দময়।

৬ যাবজ্জীবন তোমার নাম,
ভবে করিব প্রকাশ,
পরে পাইয়া স্বর্গধাম,
রহিব সুখে তোমার পাশ। J. C.

১৭২ (ত্রাণ প্রার্থনা)

Awakened soul fleeing to Jesus. 11's.

১ হে যীশু মোর পাপ সে অতিবাদ হয়,
এ কারণে তাপ মোর হইল উদয়।
কি করিব আমি না দেখিলাম পথ,
হে জগতের স্বামি না ছেড়্যো অনাথ॥

২ হায় হবে কি মোর কে করিবে পার,
এ অন্ধকার ঘোর না ঘুচিবে আর।
হে যীশু মোর আলো তুমি আছ নিশ্চয়,
হে পরম দয়ালু দূর কর সংশয়॥

৩ মোর জন্মাইও আশ চেতন করি মোর মন,
মোর তারক প্রকাশ হও তুমি এখন।
দেখাইও প্রভু প্রত্যক্ষ প্রমাণ,
না ত্যজিও কভু মোর অকিঞ্চন প্রাণ ॥

৪ যে কালে মোর শেষ হয় প্রাণের নিশ্চয়,
সে কালে এক লেশ না রাখিও ভয়।
এ করিলে তবে মোর হবে নিস্তার,
আর ভরসা হবে আনন্দ অপার ॥

৫ মোর দশা যে হউক এ থাকিবে আশ,
না রহিবে শোক তব চরণের পাশ।
এ হইলে মোর প্রাপ্তি না চাহিব আর,
তখন পাইব তৃপ্তি অনন্ত উদ্ধার ॥ J. C.

১৭৩ (ভবে পার হওনের প্রার্থনা)

Prayer for divine guidance.

ওহে দয়াল যীশু আমারে পার কর ভব সাগরে,
তুমি না তরাইলে মোরে আর কে তারিতে পারে।

১ জন্মিয়া ভূমণ্ডলে, বন্দি হইলাম মায়া জালে,
কোন দিনে ঘেরিবে কালে, তাই ভাবিতেছি অন্তরে।

২ পাপে হইয়া ভারাক্রান্ত, জ্ঞানে হইয়াছি ভ্রান্ত,
চেতন দিয়া কর শান্ত, এই দীন হীন পামরে।

৩ তুফানে তরঙ্গ বড়, দেখিয়া লাগিছে ডর,
কাঁপিছে মোর অন্তর, পাছে পড়ি পাঁথারে।

৪ বানাইয়া প্রেমের তরি, আপনি হইয়া কাণ্ডারী,
নিজগুণে কৃপা করি, নিস্তার কর কাতরে।

কা.

১৭৪ (পাপ বদ্ধের ত্রাণান্বেষণ)

The sin entangled soul looking to Christ. 7's

১ বিষয় মদ্য করি পান
মত্ত হৈয়া আমার প্রাণ,
পাপে রত যথোচিত,
কভু না হয় নিবারিত।

২ ধর্ম্ম শাস্ত্রে না দেয় কাণ,
পূর্ণ মাত্র অভিমান,
পাপে করে হাহাকার,
নাহি মানে তিরস্কার।

৩ নাহি ভাবে হিতাহিত,
নরক ভয়ে না হয় ভীত,
প্রভুর বিধির বিপরীত
করে সদা দুষ্ট নীত।

৪ তাহে হৈয়া খ্রীষ্টাধীন
ডাকে প্রভো পাপী দীন,
ধর্ম্ম পথ্য করি দান
রক্ষা কর পাপির প্রাণ।

৫ ধর্ম্ম শাস্ত্র অনুসার
পূর্ণ কর অঙ্গীকার,
যখন হবে বিচার দিন,
প্রভো রেখো অধীন দীন।

By a Hindoo.

খ্রীষ্টাশ্রয় লইতে প্রবৃত্তি প্রদান।

CHRIST COMMENDED TO SINNERS.

১৭৫ (কৃপা সিংহাসন)

The Throne of Grace commended to the sorrowful.

১ যে কেহ তোমরা আছ নিরূপায়,
কৃপাসনের কাছে আইস ত্বরায়।
আনিয়া ব্যথিৎ মন বল যত দায়,
কারণ নরের ক্লেশ সব স্বর্গে ঘুচায়॥

২ সে দুখ নিবারক সে অন্তের দীপ্তি,
জানহ সকলে নিশ্চয় উপায়।
ঈশ্বর যে শান্তি দেন, তথায় হয় প্রাপ্তি,
নরের যত ক্লেশ সব তাহে ঘুচায়।

G. P.

Tune. "Come ye disconsolate."

---

১৭৬ (চেতনা পূর্ব্বক নিমন্ত্রণ)

Christ commended to sinners.

তোমরা নিশ্চিন্তে ঘুমাইও না জগৎবাসি,
যীশু নামে ত্রাণ বিকাইছে বিনি মূলে লও আসি।

১ যীশুর নাম হইয়াছে সূদয়, নরের হর্ষিত করিতে হৃদয়,
ধর্ম্ম সূর্য্য হইল উদয়, পোহাইল কালনিশী।

২ যীশু প্রেম সুনির্ম্মল, খাইলে হয় আত্মার বল,
অমিয়ে সাগরের জল, লও আসি যার হয় খুসি।
এমন দিন রবে না সদা ভাঙ্গিবে মরণ আসি।

ক।

---

১৭৭ (খ্রীষ্টের শরণোপদেশ)

Christ commended to the sinner.

খ্রীষ্টের প্রেম রাখ মনেতে,
পড়্যে পাপ জালে ঈশ্বরে ভুলিলে,
কি হবে তোমার মরণেতে।

১ এ পাপ সংসার, সকলি অসার,
খ্রীষ্টের মরণ তাহে পারাবার'
হইয়া সুস্থির, রাখ নিরন্তর,
খ্রীষ্টের মরণ হৃদেতে॥

২ খ্রীষ্টের কিবা প্রেম শুন বন্ধু জন,
নিজ প্রাণ দিলেন পাপির কারণ।
হেন জন প্রতি, রাখ রতি মতি,
পরিত্রাণ পাবে নরক হৈতে॥

৩ ভাই বন্ধু পুত্র আছে যতেক,
সময়েতে সব বুঝিয়া দেখ।
অসময়ে তোমার, কে করে নিস্তার,
যীশু বিনা নাহি তারিতে॥

৪ জগতে খ্রীষ্টের প্রেম প্রবল,
অন্য দেবা দেবী সব বিফল।
খ্রীষ্ট আশ্রয়েতে, যাবে চল্যে স্বর্গেতে,
যীশু প্রেম জান সবেতে।

১৭৮ (খ্রীষ্টাশ্রয় লইতে চেতন দান)

Sinners admonished to take refuge in Christ.

জগতে ঘোষণা হয় মঙ্গল কথা,
রাজ রাজেশ্বর যীশু বিচারের কর্ত্তা।

১ তাড়িত নিন্দিত আদি, যত দোষী অপরাধী,
আইস কৃপা পাবে যদি, ধরহ সত্যতা।

২ যে না লইবে যীশুর নাম, তারে ঈশ্বর হইবেন বাম,
স্বরূপে এই জানিলাম, নহেত অন্যথা।

৩ নম্র উচ্চ করা যাইবে, অহঙ্কারী খাট হইবে,
বর্ণের গৌরব কি করিবে, না পাইলে ধর্ম্মাত্মা।

৪ বিচার কর্ত্তার আগমনে, দুর্ব্বলের ভরসা মনে,
ভয় যুক্ত দুষ্টগণে, মনে পাইবে ব্যথা।

৫ এখন এই মত উপায়, যীশু খ্রীষ্ট দয়াময়,
তাঁহার কৃপায় ক্ষমা হয়, সার এ বারতা।

তা. দ.

১৭৯ (খ্রীষ্টের নিকট যাওন উপদেশ)

Exhortation to embrace Christ.

আইস কেহ যাবে রে চল যাই মোরা,
প্রেমনগরে খ্রীষ্ট যীশুর কাছে।

১ ভাই রে পায়্যা মানব দেহ আবার হেলাতে হারাও পাছে,
দেখ বিনি মূলে সমান তুলে যীশু জীবন ধন বিলাইছে।

২ ভাই রে সত্য ব্রত তত্ত্ব জীবের মনে নাহি রুচে,
আহা নিজ সুখ অভিলাষে দেখ জগৎ মেতেছে,

৩ ভাই রে ভব মাঝে দেখ খুজে এমন কে আর আছে?
দেখ করিতে পাপির ত্রাণ প্রভু নিজ প্রাণ দিয়াছে।

৪ ভাই রে শাস্ত্র হইতে যীশুর মহিমা শুনা গিয়াছে,
দেখ তাঁর গুণে কত মৃত জনে অক্ষয় জীবন পাইয়াছে।

৫ ভাই রে ভজন সাধন করিবার এই সময় বহিতেছে,
অধীন কাঙ্গাল বলে বিলম্ব নাহি দেখ কাল রয়েছে পাছে
কা.

১৮০ (যীশুর শরণ লইতে চৈতন্য প্রদান)

Taking refuge in Christ.

চল যাই মোরা যীশুর কাছে,
নহিলে আরবার অনন্ত নরক আছে।

১ নর পাপিগণে, তারিতে ভুবনে,
দয়াল অবতার হইয়াছে।

২ জীবনদায়ি জল, অতি সুনির্ম্মল,
প্রভুর নিকটে আছে।

৩ আজি কালি করি, অন্ধকারে ফিরি,
মৃত্যু দেখ মোদের নিকট আছে।

৪ যীশুর মরণেতে আশ, যে করে বিশ্বাস,
নিদান সময় সেইতো বাঁচে।

৫ যীশু বিনা আর, নাহি পারাপার,
অনেক পাপী যীশুর শরণ লইয়াছে।

কা.

১৮১ (ত্রাণোপায় লইতে আহ্বান)

Sinners invited to trust in Christ.

১ আইস আইস সর্ব্ব পাপী,
যীশু খ্রীষ্টকে কর সার,
তিনি চাহেন ওরে তাপী,
তোমার ভক্তি জন্মাইবার।
যীশু বিনা
পাপে রক্ষা নাহি আর॥

২ যীশু দিলেন আপন রক্ত,
পাইয়া কত শত দুখ,
তাতে মানুষ হইয়া মুক্ত,
স্বর্গে পাইবে নিত্য সুখ।
যীশু খ্রীষ্ট
পাপি লোককে তরাইবেন॥ W. C.

১৮২ (খ্রীষ্টের খোঁয়াড়ে আহ্বান)

Wanderers invited to Christ's fold.

তাহার শরণ লহ ও ভাই হে,

১ কোথায় কর ভ্রমণ, হারান মেষ যেমন,
রাখাল ছাড়া হইলে ভাই হে।
এবে প্রভু খোঁয়াড়, খোলা কেন ছাড়,
প্রবেশ কর তাতে ত্বরায় হে॥

২ দেশে ২ বেড়াও, যেমন হারা ভেড়া,
ভ্রমিতেছ এমন কেন হে।
দেহের পরিশ্রম, আর মনের ভ্রম,
সকল যত কর ভাই হে॥

৩ ভব বনে ভয়, কোথায় আশ্রয় হয়,
রক্ষা কোথা পাইবা বুঝ হে।
সিংহ বাঘ ভালুক, যত সর্ব্বনাশক,
নিত্য বেড়ায় নাশে দেখ হে।

৪ দিনে ২ কত, প্রাণী হইয়াছে হত,
দেব দেবীর পূজা করে্য হে।
তপ দান পুণ্য, সর্ব্ব ফল শূন্য,
ছাড় সকল মিথ্যা জানে্য হে॥

৫ জগত এমন স্থল, যথা রহিত জল,
কেন ভুলি রহ ইহাতে।
যীশু প্রেম পাঁথার, তাতে দেও সাঁতার,
এ অমৃত প্রাপ্তি হইবে হে॥

১৮৩ (চেতনার কারণ উপদেশ)

The careless admonished.

ও ভাই পরামনন করো শিক্ষা লও,
নিদ্রায় থেক না জাগ্রৎ হও।

১ ও ভাই ছেড়ে দিয়া ছল চাতুরী সত্য কথা কও,
কর প্রভু যীশুর সেবা ধর্ম্ম পথে যাও।

২ ও হে অন্যের পানে দেখ কেনে আপনার পানে চাও,
জেনে শুনে তবে কেনে পাপের ভাগী হও।

৩ ওহে হইয়া ধৈর্য্য কর সহ্য ধর্ম্মগ্রন্থ কয়,
যীশু রক্ষাকর্ত্তা জীবন দাতা বটেন মহাশয়।

৪ ও হে তবে কেনে ফাঁকিগিরি কর না করিয়া ভয়,
কোনমতে নাই ইহাতে কেবল আয়ুর ক্ষয়।

৫ ও হে স্বর্গ নির্ম্মাণ কর্ত্তা তিনি তাঁহার শরণ লও,
পাবে তারণ যীশুর মরণ বিশ্বাসী যদি হও।

হ.

১৮৪ (ঈশ্বরের ক্রোধহইতে পলায়নোপদেশ)

Fleeing from the wrath to come.

যদি যাইতে পারি যীশুর রাজ্যে তবে প্রাণ বাঁচে,
এ দেশে কাল ২ গো এদেশে কাল আছে।

১ চল ২ সকল প্রিয় ভাই সিয়োনে যাব,
হেথা মৃত্যু কেন ভোগি সেথা জীবনে রব।
এই ধ্বংসি নগর ছাড়ি প্রেমের ভাই,
ত্বরায় চল্যা সেথা মোরা পালাইয়া যাই।
সে জীবনের অধিকারে মৃত্যু যাইতে নাহি পারে,
কত জন সে ভুবনে অমর হইয়াছে॥

২ ওহে ভাই যদি পলাবে তবে প্রাণ বাঁচিবে,
আজ্ঞা পালি যীশু বল্যা চল তাঁর কাছে।
সদম ছাড়্যা যেমন পলাইল লোটের পরিবার,
কিন্তু আজ্ঞা লঙ্ঘনেতে তাঁর জায়ার সংহার।
সে লোভেতে মোহিত হয়্যা দেখ্যাছিল পিছে চায়্যা,
কর্যা মায়া লোটের জায়া লবণ হইয়া আছে॥

৩ ওহে ভাই সেতো সুখধাম তাহে মোদের নাম,
প্রজা বল্যা রাজা আপন খাতায় তুল্যাছেন।
পথে কত আপদ আছে ভাই যাইতে সিওনে,
যীশুর চরণ ধ্যান করিলে যাব আনন্দ মনে।
এখন সকল দুঃখ স্বীকার করি চল সভাই ত্বরাত্বরি,
মোদের তরে নৃপবরে মুকুট রাখিয়াছেন॥

প্রা. কৃ.

১৮৫ (খ্রীষ্টকর্ত্তৃক বিশ্রাম)

Rest in Christ for the weary.

চল যাই ঈশ্বর সাদর,
যেখানে বিভেদ নাই আপন আর পর।

১ যিনি সতত নিকটে, ভব বন্ধন চল কাটে্য,
তাঁহার নিকটে অনায়াসে বিনাশ হবে মানস তিমির।

২ সুখে কাটাইব কাল, এড়াবে সর্ব্ব জঞ্জাল,
কালে দিয়া ফাঁকি অনন্ত দুঃখের অন্ত হবে সার ইহার।

৩ জগতের লোক সবে, নীরবে চাহিয়া রবে,
হইয়া বিস্ময় আমরা করিব গান তারা হাহাকার।

৪ ভব করি অবলম্বে, যাবে মন অবিলম্বে,
প্রেমের নগর খ্রীষ্ট যীশুর প্রেমডুরি দৃঢ় করি ধর।

৫ যথা খ্রীষ্টের মণ্ডলী, সেই স্থান স্বর্গ বলি,
বুঝহ প্রমাণ স্বর্গের সদৃশ সেই নূতন স্বর্গপুর।

তা. দ.

১৮৬ (ভ্রান্তি ত্যজিয়া খ্রীষ্টাশ্রয় লওনার্থে উপদেশ)

Sinners called off from the world to Christ.

যীশুর চরণ ধর আইস রে জগতের নর।

১ অহঙ্কারে আঁখি ধাঁধা, না দেখিলে পাপের ফাঁদা,
তাহে কেন থাক বাঁধা, মুক্তি অন্বেষণ কর।

২ যত অবিচারক বর্ণ, বৃথা তাদের চক্ষু কর্ণ,
সর্ব্ব দর্প হবে চূর্ণ, নিকট মহাবিচার।

৩ দেখিয়া না দেখ কেন, শুনিয়া নাহিক শুন,
অপূর্ব্ব মঙ্গলাখ্যান, অমঙ্গল হবে না আর।

৪ জগত যার নির্ম্মিত, তাঁহাকে হইয়া বিস্মৃত,
আপনার হস্তকৃত, বস্তুকে কেন আদর।

তা. দ.

---

১৮৭ (খ্রীষ্টের আশ্চর্য্য প্রেম)

Christ's wonderful love commended to sinners

তোমরা সভাই চল তাঁর কাছে,
যে জন পাপির কারণ প্রাণ দিয়াছে,
যার যদি মৃত্যু লোকে তবু পাপির জীবন বাঁচে।

১ করিবারে পাপির ত্রাণ, আস্যা দিলেন দরশন, সেই মহাজন
যীশু খ্রীষ্ট তাঁহারি নাম জগতে প্রকাশ হইয়াছে।

২ কুমারীর উদরে জাত, যীশু খ্রীষ্ট পাপির নাথ,
সেই ত্রাণের পথ,
তাহা বিনা এ ভুবনে যত দেখ সকল মিছে।

৩ আসি তিনি এ সংসারে, বেড়াইলেন ঘরে২, পাপির তরে,
অনন্ত মুক্তি লয়্যা ধর২ বলি যাচে।

৪ হাতে পায় পেরেক গাঁথা, তাতে পাইলেন কত ব্যথা,
জগত্রাতা,
পাপি তাপি নিস্তারিতে টাঙ্গান গিয়াছিলেন গাছে।

১৮৮ (যীশু সকলের গ্রহণীয়)

Christ Jesus worthy of all acceptation.

প্রভু আছেন জগৎ পতি,
চল যাই মোরা শীঘ্র গতি।

১ শুন তবে ভাই, আইস যীশুর গুণ গাই, তাতে প্রাণ বাঁচাই,
তিনি আছেন ত্রাণের নিধি সবে তাঁরে কর স্তুকতি।

২ তিনি লোকের রাজা, সবাই হউক তাঁহার প্রজা,
নহিলে দিবেন সাজা,
কর্ম্ম অনুসারে ফল দিবেন তিনি সবার প্রতি।

৩ সম্মুখে উপায় আছে, চল যীশু খ্রীষ্টের কাছে.
এ সুখ সকল মিছে,
পাপ হইতে মুক্তি পাবে শুন সবে মম যুকতি।

৪ দীন হীনের নিবেদন, শুন সকল বন্ধুগণ, হও একি মন,
দিনে ২ প্রভুর প্রতি কর সবে ভক্তি স্তুতি।

৫ ওহে প্রভো কর দয়া, দেহ মোরে পদছায়া,
কাট কালের মায়া,
প্রভু তোমায় করি সাধন ধর্ম্মাত্মা দিয়া কর মুক্তি।

যা. ম৭.

১৮৯ (পরিশ্রান্ত ব্যক্তিদিগের বিশ্রাম)

The Heavy laden invited to rest in Jesus.

চল ভাই গিয়া সেবি যীশু ব্রহ্মকে,
মুক্তিপদ দিতে তিনি ডাকিছেন পাপিকে।

১ আইস সর্ব্ব পরিশ্রান্ত, মনকে করহ শান্ত,
নিতান্ত যাইবা তবে প্রভু যীশুর অন্তিকে।
নির্ভয়েতে চল ভাই, তাঁহার নিকটে যাই,
মায়া ত্যজি সবে মিলি ভজি গিয়া তাঁকে॥

২ যত ভার তোমাদের আছে, নিয়া রাখ যীশুর কাছে,
অকাতরে সব দুঃখ জানাও তাঁহাকে।
অতিশয় দয়া তাঁর, তোমাদের পাপ ভার,
ঘুচাইয়া মুক্তিপদ দিবেন সভাকে॥

৩ কৃপাময় প্রেম সিন্ধু, তিনি পাপি তাপির বন্ধু,
দেখ তিনি মৃত্যুকালে তারিলেন দস্যুকে।
দিতে জীবে মুক্তি দান, ত্যজিলেন নিজ প্রাণ,
তিনি বিনা হেন কার্য্য করিয়াছে কে॥

৪ ওহে প্রভো প্রেমালয়, মোরা সবে নিরাশ্রয়,
দীনহীনে কর দয়া নিবেদি তোমাকে।
আমাদের যত পাপ, কৃপা করি কর মাপ,
তব প্রেমে চিত্ত যেন মগ্ন হইয়া থাকে॥

৯০　(খ্রীষ্ট ধর্ম্মাস্ত্রে সুসজ্জ হওন)

Putting on the Christian armour.

যীশু নামে ধর ঢাল,
নিকট সঙ্কট কাল।

১ মলিন বসন ত্যাজ, খ্রীষ্টরূপ বস্ত্রে সাজ,
তিলেক না কর ব্যাজ, প্রস্তুত হও সকল।
ঈশ্বরাজ্ঞা ভয় করি, যাহ মন বরাবরি,
উত্তরিবে অরাতরি, যথা অখণ্ড মণ্ডল॥

২ তিমির অন্তর পুর, তাহে লুকায় এ তস্কর,
এখনি যাইবে দূর, সত্যতার আলো জ্বাল।
লইয়া যীশু দত্ত অসি, নির্ভয়েতে থাক বসি,
কি করিবে কাল আসি, জাগ্রৎ থাক সকল॥

জা. দ.

১৯১ (খ্রীষ্টাশ্রয় লওন)

Embracing Christ.

কেন আর ঐহিক যাতনা সই,
আইস ভাই মোরা যীশু নাম লই।

১ যীশু নাম বদনে বলিয়া, শ্রবণে শুনিয়া,
অন্তরে প্রফুল্ল হই।

২ তিনি কালেরে ধ্বংসিয়া, স্বর্গ পুরে গিয়া,
হইলেন ত্রিভুবন জয়ী।

৩ হইয়া অবশ, নিত্য করি দোষ,
তোমারি দাস বই নই।

৪ প্রভু দিয়ে ধর্ম্ম শিক্ষা, সদা কর রক্ষা,
যত দিন জগতে রই। তা. দ.

---

১৯২ (পাপিকে চৈতন্য দান)

Sinners admonished.

এমন মঙ্গল সমাচার কেন গ্রহণ কর না,
মরণ বাদে নরক খাদে পড়িতে হবে জান না।

১ দেখিয়ে লাগিবে ত্রাস, কিমতে করিবে বাস,
সে অতি বড় যন্ত্রণা।
তোমার দিবা নিশি জ্বলিবে অনল নির্ব্বাণ হবে না,
তেঁই করি বারণ যীশুর চরণ ভুলো্য থেক না॥

২ এ ছার জগতে আইসে, নিশ্চিন্তে আছ বৈসে,
না করিলে পিতার ভজনা।
তোমার নিদানকালে কি হবে তা কিছুই ভাব না,
ও ভাই দিন থাকিতে শীঘ্র ফির লও প্ররোচনা॥

৩ মোর মিনতি শুন ভাই, এইতো সত্য উপায়,
করে্য দেখ বিবেচনা।
যীশু পাপির কারণ নিজ প্রাণ দিলেন আপনার,
তাঁরে বিশ্বাস না করিলে পরিত্রাণ পাইবে না॥

৪ লইয়া তাঁহার শরণ, কর রে পরামনন,
বিষয়ে ভ্রান্ত হইও না।
কখন আচম্বিতে হবে যাইতে নাইকো ঠিকানা,
তাঁরে যত্ন করে্য সাধিলে পরে পাবে সান্ত্বনা॥

হ,

১৯৩ (স্বর্গপথে গমনার্থে আহ্বান)

Sinners invited to walk in the way to Heaven.

আইস হে সকল প্রিয় ভাই,
মনের মিলন করি প্রভুর গুণ গাই।

১ প্রভু যীশু খ্রীষ্টের বাণী, উচিত মোরা সবাই শুনি,
নিরাশ্রয়ের আশ্রয় তিনি শাস্ত্রে মোরা পাই।

২ তাঁহার ভক্তগণে, আনন্দিত আছে মনে,
চল মোরা সেই স্থানে স্তবের গীত গাই।

৩ ভরসা পাইয়ে এখানে, তাছে প্রফুল্লিত মনে,
মরো মোরা তাঁহার সনে কিবা সুখ পাই।

৪ আইস পাপি লোক সবে, যদি তাঁর সদনে যাবে,
আর স্বর্গ সুখ পাবে শুনেছি ইহাই। জ. না

স্বমনের চৈতন্য উদয়।

SELF ADMONITION.

১৯৪ (যীশুর গুণধ্যান)

The soul awakening to a sense of its need of Christ

মন কেন রে শরণ লও না তাঁর,
যীশু নাম ভুল্যা আছ নিরন্তর।

১ শুন ২ প্রভুর গুণ, দয়া ক্ষমা যার ভূষণ,
সত্যময় দেখ প্রভু প্রেমেতে নিপুণ।
নিজ দয়ার গুণে মৃতগণে জীবন দিলেন পুনর্ব্বার॥

২ যীশু হইয়া অবতার, তিনি হরিলেন পাপের ভার,
যন্ত্রণা ভুগিলেন প্রভু অনন্ত অপার।
এই যে ক্রুশেতে হইয়া হত করিলেন উদ্ধার॥

৩ ভব অকূল পাথার, কেমনে হবে পার,
তখন তোমায় কে আর করিবে নিস্তার।
তুমি অবশেষে বাঁচিবে কিসে কি হবে মরণের পর॥

৪ যত আত্ম পরিবার, কেহ নয় রে আপনার,
ভাব্যা দেখ মন রে সকলি অসার।
হে মন যীশুর প্রেমে মগ্ন থাক ঘুচিবে সব অন্ধকার ॥

৫ পাপহইতে স্বতন্তর, বলে কাঙ্গাল দুরাচার,
ঈশ্বর আজ্ঞা পালন কর এই সারোদ্ধার।
হে মরণ তারণ বল্যা খেদ হইল না কিছু তোমার ॥
কা,

১৯৫ (খ্রীষ্টাশ্রয় অত্যাবশ্যক)

The soul feeling its need of Jesus.

মন ভবার্ণবে যদি হইবে পার,
তবে যীশু খ্রীষ্টের চরণ কর সার।

১ মন আনন্দিত হয়্যা কর যীশু গুণ গান,
নাহি কর ভয় ভবে দেখিয়া তুফান,
সভয়ে অভয় দাতা যীশু পরাৎপর।

২ জগতের সার যীশু খ্রীষ্টের মরণ,
ভবে পার হবে তাঁর লইলে শরণ,
তাহা ভিন্ন অন্য কোন উপায় নাহি আর।

৩ মন যীশু খ্রীষ্ট ভবার্ণবে তরণি সমান,
প্রেমে তিনি জগৎ কারণ দিলেন তনু প্রাণ,
তাঁরে ভক্তি কর মুক্তি হইবে তোমার।

৪ মন দৃঢ় করি যীশু তরি কর আলম্বন,
কোন মতে ছাড়্যা তাঁরে দিও না কখন,
তোরে মন পুনঃ পুনঃ বলি সারোদ্ধার।

১৯৬ (খ্রীষ্টের প্রতি মনোনিবেশ)

The soul fleeing from the world to Christ.

যীশু খ্রীষ্ট নামে তৈয়ার কর প্রেমের লা,
যদি পার হবে মন নিদানের বেলা।

১ খ্রীষ্ট যীশুর প্রেম জলে ধোয়া যাবে মনের মলা,
তাঁহার ধর্ম্ম গুণে দিনে ২ জ্ঞান হবে উজ্জ্বলা।

২ জীবন দাতা দয়াল প্রভু তাঁরে কভু না করিও হেলা,
তাঁহার মরণে শরণ নিলে এড়াবে নরকের জ্বালা।

৩ ধর্ম্ম পথ সূক্ষ্মবৎ পাপের পথ বড় মেলা,
তাতে গেলে বিচারকালে অন্ধকারে যাবে ফেলা।

৪ মৃত্যু নিতে আসিবে যখন ভাঙ্গিবে তখন সকল খেলা,
ঘর পরিবার ত্যজ্য করে্য চলিতে হবে একেলা।

৫ তখন বুদ্ধি জ্ঞান হত হবে মুখে না বেরোবে রা,
নয়ন দৃষ্টি হীন হইবে কর্ণ দুটি হবে কালা।

৬ চেতন সঙ্গ রহিত হইলে অঙ্গেতে লাগিবে ধূলা,
কাঙ্গাল বলে ভ্রমে ভুলে রইও না মন রে ভোলা।

কা.

১৯৭ (স্বমনকে চৈতন্য দান)

Self admonition.

পাপ বলো্য ভয় না হইল মনে,
ও মন কি হবে বিচার দিনে।

১ শুন ২ পাপি মন, প্রভুর বিনয় বচন,
ছাড় সকল দেবা দেবী যত অকারণ।
হে মন তোমায় দিতে অনন্ত ত্রাণ অবতার এই ভুবনে ॥

২ মন ধর রে বচন, যাতে অনন্ত জীবন,
না ধরিলে হবে তোমার নরকে গমন।
হে মন এখন সময় আছে আইস খ্রীষ্টের সদনে ॥

৩ তুমি হইয়া অচেতন, ভ্রমিতেছ অনুক্ষণ.
পরমায়ু তো শেষ মন শুন রে কারণ।
হে মন কি বলিয়া উত্তর দিবা মহাবিচারের দিনে ॥

৪ দেখ যীশু দয়াবান, তিনি করুণা নিধান,
উদ্ধারিতে তোমারে দিলেন নিজ প্রাণ।
হে মন ঈশ্বরে তুষিলেন তিনি শরীর বলিদানে ॥

৫ বলে অধীন দুরাচার, যীশুর মরণ কর সার,
তবে মন হইবে তোমার নিস্তার।
ও মন ভাব্যা দেখ যীশু বিনা কে আর আছে নিদানে ॥

হ.

১৯৮ (মনকে চৈতন্য পদান)

Self Admonition.

ওরে দুরাচার আমার মন,
তুমি কি সুখে ভুলিয়াছ ভুবনে।

১ তোমার সম্মুখে আছয়ে বিষম তরঙ্গ,
পার হইয়া যাইবে কেমনে?
যীশুর শ্রীচরণ নাহি ধর কেন?
হিয়াকে বান্ধিয়াছ পাষাণে॥

২ যীশু মহাজন মৃত্যুঞ্জয়ী হন,
দেখা গিয়াছে পুনরুত্থানে।
খ্রীষ্ট প্রেম ধন যোগাও সদাক্ষণ,
পরিত্রাণ পাইবে নিদানে॥

কা.

১৯৯ (আত্ম মনকে প্রবোধ দান)

Repentance urged.

ত্বরা করে্য খেদান্বিত হও আমার মন,
এখনও সময় আছে ধর খ্রীষ্টের শ্রীচরণ।

১ আমি পাপী অতি দুরাচার, উপায় পথ নাহি দেখি।
হবে আমার,
পাপে মত্ত হয়্যা তুমি তাঁহায় আছ বিস্মরণ।

২ ঈশ্বর আজ্ঞা অবজ্ঞা কর্য়ো, অন্ধ মনুষ্যের ন্যায় আছ
সংসারে,
এমনো ভ্রান্তির মধ্যে কেন থাক অবোধ মন।

৩ মানব জনম পায়্যা তুমি, পাপে মজ্যে হারাইয়াছ
আপনার স্বামী,
পরামনন কর্য়া তুমি তাঁহার সঙ্গে হও মিলন।

৪ অনাথ দীন হীনের মিনতি, যীশু খ্রীষ্ট কর ভকতি
পাইবে মুক্তি,
অনায়াসে অবশেষে হইবে স্বর্গে গমন।

২০০ (পরামননার্থ প্রবৃত্তি)

Motives to conversion.

মন তোমার কি হবে রে সেই মহাবিচারের দিনে?
পাপের কারণ পরামনন তোমার হইল না কেনে?

১ সুখে কাটাইলে কাল, শেষে ঘটিবে জঞ্জাল,
জ্বলিবে অনন্তকাল, অনির্ব্বাণ নরক আগুনে।

২ খেদ কর পাপের প্রতি, যন্ত্রণা এড়াবে যদি,
তবে পাবে ধর্ম্ম মতি, প্রভু যীশুর প্রেম গুণে।

৩ এখন আছে উপায়, যাতে এড়াবে নরকের দায়,
ভক্তি করি হে ত্বরায়, ধর খ্রীষ্ট যীশুর চরণে।

৪ পাতকী ত্রাণের কারণ, প্রভু যীশু খ্রীষ্টের মরণ,
তাতে বিশ্বাস করিলে যাইবে তুমি অনন্ত জীবনে।

কা.

---

২০১ (জীবনের অনিশ্চয়ত্ব)

The vanity and uncertainty of life.

গেল রে ২ বহিয়া দিন,
ও মন রে বৃথাই বহিয়া গেল দিন,
যাইতে ঈশ্বরের কাছে কিছু না রহিল চিন।

১ মন রে নিজ অভিলাষের দোষে ঈশ্বরে হয়্যাছ ভিন,
তোমার পাপে তনু জর ২ দেখ হইয়া যায় রে ক্ষীণ।

২ মন রে আচম্বিতে কোন ক্ষণে আসিবে সদর আমীন,
বিনা রসি বিনা কাঠায় মাপিবে সকল জমিন।

৩ মন রে ভক্তি মূল্যে ত্রাণ বিকাইছে ত্বরা করি যাইয়া কিন
তুমি বুঝিয়া দেখ না কেন হইয়া আছ পাপাধীন।

৪ মন রে ঈশ্বরের কৃপার গুণে বলে কাঙ্গাল দীন হীন,
হে মন যীশু প্রেম সাগরে থাক জলে যেমন আছে মীন

কা.

২০২ (অচেতনে থাকা অনুচিত)

Indifference to Christ lamented.

আরে ও মনরে জীবন যীশুর মরণে,
তবে আর ভুলিয়া রহিয়াছ কেনে।

১ দিন গেল বহিয়া, কি কর বসিয়া, ধর গিয়া যীশুর চরণে,
তিনি দিয়াছেন, আপন প্রাণ, পাপির ত্রাণ কারণে।

২ যীশুর প্রেমে মন, ডুব না রে কেন, ভুলিয়াছ অচেতনে,
কি জানি কখন, আসিবে মরণ, জানিতে পারিবে কেমনে।

৩ তারক যীশুর নাম, ভুল না কখন, যোগাইয়া রাখিও যতনে,
খ্রীষ্ট প্রেম ধনে, ধরে যেই জনে, সেই যাবে স্বর্গ ভুবনে।

৪ বন্ধু পরিজন, কিছু নয় আপন, সঙ্গে যাবে না কেহ নিদানে,
তবে জেনে শুনে, রহিয়াছ কেনে, ভুলিয়া যীশুর গুণ গাও
সঘনে। কা.

২০৩ (অভক্তির কারণ খেদ)

The soul lamenting its neglect of Christ

পাইয়া করিয়াছ তার কি সাধন যীশু খ্রীষ্ট ধন,
প্রভু কৃপা করি দিয়াছিলেন আপন ভাণ্ডারের প্রেম রতন।

১ আমার দেহের বিকার গেল না, পূর্ব্ব স্বভাব ঘুচিল না,
মন জান্যা জানিলে না,
তুমি রিপুর বশে ঘুরে বেড়াও মনে নাই কিছু তার আকিঞ্চন।

২ আমার জমায় শূন্য মূলে ভুল, হইয়াছে মন কড়ার মূল,
এখন হারাইলে দুই কুল,
মন রে কিসে মুক্তি কিসে ভক্তি কিসে হয় ভক্তের জীবন।

৩ দেহে তমো অহঙ্কার ভরা, মত্ত মাতঙ্গ পারা,
মন হইয়াছে হারা,
তোমার দেহের ইন্দ্রিয় বাদী তারা মনরে সদাই করে বিস্মরণ।

৪ ইন্দ্রিয় করিয়া দমন, সদায় কর প্রার্থন,
তবে মিলিবে প্রেম রতন,
মন রে দীন হীন কাঙ্গালে বলে মনরে ভজ যীশুর শ্রীচরণ।

চা. বৈ.

২০৪ (পাপ প্রযুক্ত খেদ)

Sin bewailed.

হায় কেন মন ভুল্যা রইলে পাপের বশে,
তুমি ঈশ্বর ভজন করিবে কখন দিন কাটাইলে পরিহাসে।

১ জগৎ মায়ায় মত্ত হৈলে, ত্রাণকর্ত্তাকে ভুল্যা গেলে,
যীশুর চরণ ধর রে মন নতুবা ত্রাণ পাবে কিসে।

২ খ্রীষ্টে মন হও স্থির, পাপ ভ্রান্তি ত্যজ্য কর,
পরলোকে পাপ সাগরে তর্য্যা যাবে অনায়াসে।

৩ মোর দেহে থাকি মন, কেন করাও পাপে পতন,
বিচার দিনে কোন প্রমাণে বসিবে যীশুর দক্ষিণ পাশে।

৪ যিনি তোমার পাপের জামিন, তাঁরে কেন ভাব ভিন্,
ঈশ্বর স্থানে যীশু বিনা আর কে আছে তরায় দোষে।

২০৫　(আপনার মনকে সচেতন করা)

Self Admonition.

আমার মন তোমারে করি সাধনা,
যীশু খ্রীষ্টের চরণ ধর এড়াইবে যন্ত্রণা।

১ মন প্রাণ দিয়া সদা সর্ব্বক্ষণ,
পিতা ঈশ্বরের স্থানেতে করহ প্রার্থন,
স্বর্গে তবে পাবে তুমি অশেষ সুখ সান্ত্বনা।

২ যে সকল পাপ মন করেছো তুমি,
সে সকল জ্ঞাত আছেন জগৎ স্বামী,
তাঁহার কারণ তুমি এখন কর সদা প্রার্থনা।

৩ যত দিন মন তুমি সংসারে থাক,
তত দিন যীশুর সেই ক্রূশ দেখ,
কি প্রকারে তোমার তরে ভোগিলেন যাতনা।

৪ দেখ তিনি ঈশ্বর তনয় হইয়া,
পাপির পাপের যন্ত্রণা দেহেতে লইয়া,
নর মেধ যজ্ঞ সিদ্ধ করিলেন করো করুণা।

২০৬ (খ্রীষ্টের নিমিত্তে পাপ সংসার ত্যাগ করণ)

Sinful world rejected for Christ.

কেন মন তুমি ভুব না,
খ্রীষ্টের মরণ সুধার সমান নিষ্ঠা করে্য কেন ভক্ষ না।

১ জন্মিয়া জগতে ওরে পামর মন,
পাপের কার্য্যেতে ফের অনুক্ষণ।
যীশুর মরণ গুণ, কর রে ধারণ,
এড়াইবে নরক যন্ত্রণা ॥

২ পাপের সংসার সব মিথ্যাময়,
কুহকের বাধ্য কিছু সত্য নয়।
অতএব শুন, খ্রীষ্টের মরণ,
নিরন্তর কর ভাবনা ॥

৩ খ্রীষ্ট অবতার নিজ দয়াতে,
আইলেন দেখ এই জগতে।
যীশু গুণ যত, ভাব অবিরত,
দুষ্ট সকল ভাব ত্যজ না ॥

৪ ঐহিক সুখেতে ত্যজ অভিলাষ,
মিথ্যা বাক্য আর হাস পরিহাস।
এ সব ত্যজিয়া, ভক্তরূপ হইয়া,
ঈশ্বরের কর সাধনা ॥

২০৭ (ত্রাণার্থে মনের ভাবনা)

Call to reflection.

মন কর যীশু গুণ ভাবনা,
তবে মৃত্যু পরে স্বর্গপুরে পাইবে সুখ সান্ত্বনা।

১ মন এ ভবে আস্যা, নিশ্চিন্ত বস্যা, রয়্যাছ কিসের আশে?
কে তোমারে ভব ঘোরে ত্রাণ করিবে বল না।

২ ভব সাগর অপার, কিসে হবে পার, ডাক যীশু কর্ণধার,
দিন কাটাইলে অবহেলে হয়্যা পাপে মগনা।

৩ মন এ ভবে তোমার, কেবা আপনার, তখন কারে দিবা ভার?
মাতা পিতা সব বৃথা সঙ্গে তো কেহ যাবে না।

৪ মন ধনাদি যত, সকলি অনিত্য, কিছু নহেত সত্য,
হয়্যা মত্ত পরমার্থ জ্ঞান তুমি হারাইও না।

৫ পাইয়াছ রতন, খ্রীষ্টামৃত ধন, তাতে করহ যতন,
তায় অযতন কৈল্লে রে মন আর তো উপায় হবে না

২০৮ (মনের প্রতি আক্ষেপ)

Self Admonition.

মন তোমায় কি বলিব আর,
আত্ম সুখে মত্ত হইয়া ঘটাইলে যন্ত্রণা ভার।

১ ঈশ্বরের মহা আজ্ঞা তুমি লঙ্ঘিয়াছ বারেবার,
তোমার ভয় কিছু হইল না ওরে দুষ্ট দুরাচার।

২ কালের ফাঁসে, যখন বান্ধিবে কষ্যে, তখন দোহাই দিবা কার?
ভব নদী ভয়ঙ্কর কেমন কর্যে হবে পার।

৩ ভব মাঝে যত আছে তোমার আপ্ত বন্ধু পরিবার,
বুঝে দেখ সকল মিছে নিদান কালে কেবা কার।

৪ উপায় আছেন খ্রীষ্ট যীশু, যদি মরণে বিশ্বাস কর তাঁর
তিনি পাপি লোকের পাপের ভার কর্যেছেন অঙ্গীকার

৫ পাপী কাঙ্গাল দীনে বলে মন তুমি যীশুর চরণ কর সার
ভক্তি গুণে মুক্তি পাবে বিশ্বাস থাকিবে যার।

কা.

২০৯ (খ্রীষ্টাশ্রয় লওয়া অত্যাবশ্যক)

An interest in Christ felt to be all important.

বিশ্বাস না কর কেন ওরে ভোলা মন,
আমাদের সঙ্গে আছেন প্রভু সর্ব্বক্ষণ।

১ চলিলে ঈশ্বরের পথে, রক্ষা পাবে পাপ হইতে,
কি করিতে পারিবে শয়তান।
অনায়াসে স্বর্গে যাবে, পরীক্ষায় না ঠেকিবে,
বিচারিবেন ঈশ্বর নন্দন॥

২ পাপি নিস্তারিবার তরে, আসি তিনি এ সংসারে,
অতি ক্লেশে সহিলেন মরণ।
শুন তাঁর বিবরণ, তিনি স্বয়ং ভগবান,
দয়াময় করুণা নিধান॥

৩ শুনেছি শাস্ত্রেতে আমি, তিনিই জগতের স্বামী,
তাঁর মৃত্যু নরের জীবন।
ত্যজ ধনাদিতে আশ, না হইও তার দাস,
যীশুর করহ অন্বেষণ॥

৪ তাঁহাতে প্রত্যয় যার, পাপকে কি ভয় তার,
তিনি প্রভু জগত্তারণ।
জানিয়া শুনিয়া ইহা, সকলেতে ছাড়ি মায়া,
লইয়াছি তাঁহারি শরণ॥

২১০ (পরমার্থের চৈতন্য)

Admonition to spiritual mindedness.

যীশু নাম জান্যা কেন ভজিলে না রে,
ও মন বিষয়ে ভুলিয়া রইলে কি হবে মরণের পরে।

১ ঈশ্বরের অভিষিক্ত আইলেন খ্রীষ্ট মর্ত্যপুরে,
নর রূপে অবতরি প্রেম বিলাইতে ঘরে ২।

২ কোন দিনে আচম্বিতে হবে যাইতে দেখ না বিচার কর্য্যে,
ধর্ম্ম পথে হইয়া রত তৈয়ার হও মরণের তরে।

৩ যত সব দেবী দেব অন্য সেবা দূর কর্য্যা দেও ত্বরা কর্য্যে
যীশুর মরণে শরণ লইয়া সাধনা কর ঈশ্বরে।

৪ ছাড়িয়া স্বর্গধাম আইলেন যীশু দয়াবান এই নব পুরে,
প্রভু দিলেন আপন প্রাণ পাতকি ত্রাণের তরে।

৫ যীশুর মরণে ভরসা রাখ শুন রে মন সারোদ্ধারে,
কাতরে বিনতি করি বলে কাঙ্গাল দুরাচারে।

কা।

২১১ (খ্রীষ্টাশ্রয় লইতে প্রবৃত্তি দান)

The Soul admonished to fly to Christ.

যীশু নাম মহাবস্তু থাক তাহার পাশে রে,
মন রে ভুলিয়া রৈলে কোন রসের আশে রে।

১ সতত অসৎ বেশ,
মন রে তোমার পুণ্যের নাহিক লেশ,
সর্ব্বদা লিপ্সিত হইলে লোভ কাম আলিসে রে।

২ বৃথা তোমার কাল গেল,
মন রে তোমার খ্রীষ্টের ভজন নাহি হইল,
দিনে ২ এই তনু মৃত্যুতে গ্রাসে রে।

৩ দারুণ ফাঁদের ঘর,
ওরে তুমি না বুঝিলে মূঢ় নর,
বিনা অন্ত সাগর তাতে সকলে ডুবেছে রে।

৪ তাতে তরে কোন জন,
ওরে যাহার অচেতন আছে মন,
প্রভু যীশু খ্রীষ্ট বিনা পার হবা কিসে রে।

২১২ (বিচার দিনের নিমিত্তে সচেতন হওন)

Preparation for death exhorted to.

যীশু খ্রীষ্টের চরণ ধর মন,
তা নহিলে নরকে হবে গমন।

১ পাপেতে হইয়া জাত, কেমনে হবে উদ্ধৃত,
মন রে যীশু খ্রীষ্ট মুক্তি দাতা তাঁহার শরণ লও এখন।

২ জন্মাবধি পাপ কৈলাম, তাতে এত দুঃখ পাইলাম,
ও মন পাপের বেতন জরা মৃত্যু তাহা ভোগ করি এখন।

৩ যীশু খ্রীষ্ট কাণ্ডারী, তাঁহার চরণ কর তরি,
ও মন ত্বরায় তরিয়া যাবে দুরন্ত মহামরণ।

৪ অনায়াসে স্বর্গে যাবে, মহানন্দে সুখ পাবে,
মন রে তখন পিতার দক্ষিণে পাবে অটল সিংহাসন।

২১৩ (দশ কন্যার দৃষ্টান্ত)

Prepare to meet thy God, or the Parable of the Virgins.

মন রে ত্যজি নিদ্রা থাক চেতনে,
যেন গ্রাহ্য হই বিচার দিনে।

১ যখন যীশু বরের ন্যায়, স্বর্গহইতে দীপ্তিময়,
প্রকাশ হবেন অসংশয়,
তাঁহার স্বরে মৃত নরে উঠিবেক সভয় মনে।

২ তৈল শূন্য প্রদীপ যার, এমত কন্যা সভাকার,
হবে তখন হাহাকার,
যাবে সভে তৈলের লোভে পাবে না কোন স্থানে।

৩ পাইবারে পরিত্রাণ, চেষ্টা করে সাধু জন,
তাতে পাপির হেয়জ্ঞান,
কিন্তু পাছে তাদের কাছে রক্ষা চাবে সযনে।

৪ মানুষ কিম্বা ঈশ্বর ঠাঁই, যদি কেহ উদ্ধার চায়,
বিচার দিনে নাহি পায়,
তখন নরে কিবা করে আর প্রভু নাহি শুনে।

৫ তবে প্রভুর অপেক্ষায়, যেবা তখন প্রস্তুত রয়,
তারে জ্ঞানী বলা যায়,
এমন জ্ঞানী যেন আমি হয়্যা থাকি ভুবনে। G. P.

২১৪ (মরণার্থে সচেতন হওন)

Call to watchfulness.

জাগ্রৎ হও আমার মন রে,
তুমি জান না কোন সময় মৃত্যু আসিবে তোমার উপরে।

১ পাপেতে দিন কাটাইলে, যাইতে হবে নরকানলে,
পাপের বেতন মৃত্যু কেবল দেখ না সুবিচারে।

২ পাপেতে নিমগ্ন হয়্যা, রহিয়াছ ঘুমাইয়া,
শীঘ্রগতি জাগ্রৎ হও যদি যাবে স্বর্গপুরে।

৩ অকস্মাৎ মৃত্যু আসিবে, বিলম্ব নাহিক সবে,
ঘোর নরকেতে পড়্যা কান্দিবে তখন হাহাকারে।

৪ এখন সময় আছে, চল শীঘ্র যীশুর কাছে,
পরিত্রাণ চাহ যদি অনন্ত নরক দুস্তরে।

২১৫ (খ্রীষ্টের সেবায় প্রবৃত্তি)

Christ commended to the Soul

যীশু খ্রীষ্টের গুণ গান গাইয়া,
ঈশ্বরের করিব ধন্যবাদ প্রাণ দিয়া।

১ খ্রীষ্টের মরণ, অমূল্য রতন, রাখ না যতন করিয়া মন ,
এ ধন সম্পদ দেখ বিপরীত কিছু কৃত সত্য নয়,
যীশু খ্রীষ্ট বিনা ঈশ্বরে মিলন, নাহি হবে অন্য উপায়ে।

২ খ্রীষ্ট প্রেম ধন কর রে যতন, শরণ লইয়া কর তাঁর,
আজ্ঞা পালন প্রেমের লক্ষণ মরণ আশ্রয় করিয়া মন,
যীশু ধর্ম্ম সত্য তাহা সেব, যীশু নিত্য অনিত্য সকল ভাবিয়া।

৩ কর প্রেম ভক্তি, তবে হবে মুক্তি, ভরসা সংগ্রহ করিয়া,
মন এই নিরূপণ, পাপির কারণ ছিল ভবিষ্যৎ বাক্যেতে,
যীশু পুত্ররূপে জগৎ তারিবে অনন্ত যন্ত্রণা ভুগিয়া।

২১৬ (সাংসারিক সুখ নিরর্থক)

The vanity of the world.

তবে কেন মুগ্ধ হইয়া কহ সদা আমার,
চক্ষুর্দ্বয় মুদি দেখ তুমি কাহার কেবা তোমার।

১ দেখ মহারাজাগণ, পায়্যা থাকে মহাধন,
তবু নাহি কদাচন, তিলার্দ্ধেরও অধিকার।

২ মণি মুক্তা প্রবালাদি, রজত কাঞ্চনাবধি,
সে সকলি প্রতিবাদি, অনর্থক মিছে সংসার।

৩ পিতা মাতা ভ্রাতা যত, বন্ধু দারা প্রিয় সুত,
সময়েতে কোল গত, অসময়ে নয় আপনার।

৪ অস্তেয় অক্ষয় ধন, নিত্য কর তায় যতন,
আছেন খ্রীষ্ট মহাজন, সকলি তাঁহার অধিকার।

৫ বিষয় চিন্তায় মগ্ন হইয়া, চিন্তামণি হারাইয়া,
রহিয়াছ ঘুমাইয়া, দেখ হে সকলি অসার।

ই. লা.

২১৭ (ধনের আশা বৃথা)

Vanity of riches, or the Parable of the covetous fool.
Luke XII. 16.

মরণ দিনে নাহি হবে ধনে ত্রাণ উপায়,
কিন্তু কেবল ধর্ম্ম তখন হবেন মৃত্যুঞ্জয়।

১ দেখ কোন মূর্খ নরে, বহু শস্য রাখিবারে,
ক্ষুদ্র গোলা হেতু করে চিন্তা অতিশয়।

২ শেষে স্থির করিল মন, ভাঙ্গি গোলা পুরাতন,
বড় করি অভিনব বান্ধিব নিশ্চয়।

৩ উৎপন্ন হইলে তূর্ণ, শস্য করি তাহে পূর্ণ,
মনেরে বিশ্রাম দিতে করিল আশয়।

৪ ধন হইলে বর্দ্ধমান, সুখে হবে ভোজন পান,
নানা বিধ হর্ষ পাব নাহিক সংশয়।

৫ হেন কালে তাঁহার প্রতি, কহিলেন স্বর্গপতি,
অদ্য তব মৃত্যু হবে কেন এ সঞ্চয়?

৬ ঐ অবোধ ধনির মত, যেন না হই লোভে রত,
দয়া করি প্রভো ইহা শিক্ষা দেও আমায়।

৭ যাহার কীটে নাহি ক্ষয়, এবং চোরে নাহি লয়
স্বর্গে এমন নিত্য অর্থ যেন আমি পাই। G. P.

২১৮ (সাংসারিক বিষয় বিফল)

The vanity of the world.

কি সুখে ভুলিয়া আছ ভুবন মাঝে,
হারাইলে আপন আয়ু ও মন মিছা কাযে।

১ মন আসিয়া সংসারে, কি কার্য্য রে করো,
আপনার সুখে থাকিলে মজো,
সকলে বিফল রে হইল যীশু না ভজো।

২ ও মন প্রপঞ্চ চাতুরী, আর ফাকিগিরি,
করিলে অনেক লোকের কাছে,
যাবৎ জীবন রে গেল রিপুর বশে।

৩ ও মন খ্রীষ্টামৃত বাণী, অতি সুধাধ্বনি,
ভাব সদা ক্ষণি হৃদয় মাঝে,
যীশুর মরণে জীবন রে আছে দেখ না বুঝে।

কা।

২১৯ (সংসারের নিষ্ফলত্ব)

The World vain, Heaven substantial.

জগতে কিছু নাহি আর,
ও ভাই কেবল যীশুর প্রেম সার,
যে কিছু দেখি সকল ফাকি চক্ষু মুদিলে অন্ধকার।

১ দারা পুত্র বন্ধু আদি, আপন ২ বল্যা কান্দি,
মায়া জালে বদ্ধ আছি তেঁই সে বলি আমার ২।

২ যে দেহেতে আত্মা রয়, সে দেহ ফেল্যা চল্যা যায়,
দেখ কায় প্রাণে নাই সম্বন্ধ তবে হেথা আছে কে আর ?

৩ অট্টালিকা ধন কড়ি, দারা পুত্র বাগান বাড়ী,
সকল রবে হেথায় পড়ি কিছুই নহে সঙ্গে নিবার।

৪ মৃত্যু নদীর পর পারে, অমরপুর শোভা করে,
শোক দুঃখ নাই সেথায় কেবল সুখানন্দ সার।

৫ চল সহ যাত্রি ভাই, ত্বরা করি তথা যাই,
অনন্ত জীবন পাব মৃত্যু নাহি হবে আর।

২২০ (সংসার অসার)

The world forsaken for Christ

কি কার্য্যেরে মন ঐহিক কালিক সম্পদমান,
নরের জন্যে যীশুর দক্ষিণে সঞ্চয় আছে সম্মান.

১ নাহিক সংশয়, জেনেছি নিশ্চয়,
ত্রাণে এই বিধান।

২ পাপ পরিহরি, লও যত্ন করি,
যীশু খ্রীষ্টে পরিত্রাণ।

৩ জগৎ নির্লজ্জ, দেখাইয়া ঐশ্বর্য্য,
ভুলাইতে যত্নবান্‌।

৪ তাহা করি ত্যজ্য, সুখে কর গ্রাহ্য,
পরমেশ্বরের আহ্বান। তা. দ.

---

২২১ (ঐহিক সুখ ত্যজিয়া খ্রীষ্টকে গ্রহণ)

The soul admonished to forsake the world for Christ.

আমার মন মনরে কর উল্লাস।

১ সাংসারিক সুখ যত, মিছে মায়া ছায়া মত,
তাহাতে না থাক রত, হও প্রভুর দাস।

২ দারা বন্ধু আদি যত, সময়েতে অনুগত,
সকলে হবে বিরক্ত, ছাড়িয়া আশ্বাস।

৩ অন্ধকার রাত্রি মত, মৃত্যু হইবে আগত,
তখন হইবে ভীত, লাগিবে তরাষ।

৪ কাল নিশীর প্রভাত, ধর্ম্ম সূর্য্য সুশোভিত,
জ্ঞান চক্ষু খোল যত, পাইবে প্রকাশ।

৫ খ্রীষ্ট যীশু জীবন দাতা, এমন দয়াল পাবে কোথা
বিশ্বাসী হইলে হেথা, হবে স্বর্গ বাস।

৬ প্রভু যীশু প্রেম গুণে, স্বর্গ পরে সর্ব্বক্ষণে,
শেষে রেখো দীন হীনে, না করো উদাস।

মনুষ্যের মনে পবিত্র আত্মার ফল।

THE WORK OF THE SPIRIT.

২২২ (ধর্ম্মাত্মার কর্ম্ম)

The operations of the Holy Spirit

১ হে পরমাত্মা কৃপাময়,
চমৎকার কার্য্য তোমার হয়।
যে কিছু পিতা করেন দান,
তোমারি শক্তি ভোগ করান॥

২ তোমারি তেজে সবাকার,
ঘুচিয়া থাকে অন্ধকার।
তোমারি দত্ত উপদেশ,
পাপ ও উপায় জানায় বিশেষ॥

৩ মনেতে দারুণ পাপের বাস,
তোমারি শক্তি করে নাশ।
হয় তাহে নূতন মনোদয়,
লোভাদি ভাবও দমন হয়॥

৪ সম্পূর্ণরূপে তোমার স্বর,
উদ্বিগ্ন মনের শান্তিকর।
ঝড়বৎ চিন্তার করে শেষ,
থাকে না মনে দুঃখের লেশ॥ G. P.

২২৩ (পাপজ্ঞানোদয় ও সুস্বভাব প্রার্থনা)

The Soul sensible of sin, desiring salvation.

পাপিষ্ঠ অশিষ্ট দুষ্ট মন কর সচেতন,
ধর্ম্ম আত্মা দিয়া প্রভো করাও হে পরামনন।

১ আমি আছি অবিরত, নানা পাপ কর্ম্মে রত,
না হয় যেন প্রাণ হত, করি হে সাধন।

২ জ্ঞান নাহি ধর্ম্মাধর্ম্ম, সদা করি পাপ কর্ম্ম,
না জানিলাম তব মর্ম্ম, অতি অভাজন।

৩ দম্ভে আছি পরিপূর্ণ, ত্বরায় তাহা কর চূর্ণ,
পূণ্য আত্মা দেহি তূর্ণ, পতিত পাবন।

৪ দান হীন ভক্তে বলে, নষ্ট না হই বিচার কালে,
স্থান দিয়া পদতলে, বাঁচাইও জীবন।

৫ করিবারে পাপোদ্ধার, হৈলা খ্রীষ্ট অবতার,
তেঁই তোমায় বারেবার, করি নিবেদন

৬ পাপরূপ অন্ধকারে. ভ্রমিতেছি এ সংসারে,
দেহি যীশু ভব ঘোরে, ধর্ম্মের কিরণ।

By a Hindu.

২২৪ (মনের পবিত্রতা হওনের আকিঞ্চন)

Desiring a clean heart.

ও হে ঈশ্বর দয়া করি দেহ শুচি মন,
নিরবধি সেবি যেন তোমার চরণ।

১ পালিতে তোমার বিধি, প্রভো যেন নিরবধি,
প্রস্তুত থাকে হে মোর মন।
তোমার মনের গতি, জানিতে আমার প্রতি,
কৃপা করি দেহ দিব্য জ্ঞান॥

২ তোমার সকল আজ্ঞা, পালন করিবারে প্রজ্ঞা,
ধর্ম্মাত্মা দ্বারাতে দেহ দান।
মন্দ ক্রিয়া মিথ্যা পথ, ছাড়িয়া হে মনোরথ,
সুপথেতে করে হে গমন॥

৩ বাদিয়ার বাজিপ্রায়, এ সংসার মায়াময়,
তাহাহইতে ফিরাও মোর মন।
ধন জনে সেই মন, মগ্ন না থাকয়ে যেন,
অনুগ্রহ করহ এমন॥

২২৫ পাপ স্বীকার পূর্ব্বক দয়া প্রার্থনা)

Sin confessed and Mercy implored.

ওহে ঈশ্বর কৃপা করি কর মোরে পার,
তুমি বিনা এ অধমের গতি নাহি আর।

১ অসংখ্য আমার পাপ, তাহে ভোগি তব শাপ,
মম সম পৃথিবীতে নাহি দুরাচার।
সদা ভ্রান্ত মম চিত্ত, কুপথে গমনে রত,
পাপে মজে সর্ব্বক্ষণ উপায় কি তার॥

২ সমুদ্রের বালি যত, তাহা হইতে অসংখ্যাত.
দোষ মোর তব পথে ভ্রান্তি হে আমার
আছি অধর্ম্মের দাস, তাহাতে সদাই ত্রাস.
পাপ বই পুণ্য মাত্রের নাহিক সঞ্চার॥

৩ এই মাত্র আছে আশ, হবে মোদের পাপ নাশ,
বিশ্বাস করিলে যীশু খ্রীষ্টের উপর।
পাপিদের জন্যে তিনি, ত্যজিয়া আপন প্রাণি,
প্রায়শ্চিত্ত করয়া গেলেন স্বর্গপুর॥

৪ ওহে প্রভু করি দয়া, দেহ মোরে পদ ছায়া,
দয়া কর পাপি নরে আশ্রিত তোমার।
অকিঞ্চন দীন হীনে, শুদ্ধ কর নিজ গুণে,
তুমি বিনা এ অধমের কেহ নাহি আর॥

২২৬ (মন পরিবর্ত্তন)

Conversion.

আমার মন ২ কর পরামনন,
পুরাতন স্বভাব ত্যজে কর নূতন স্বভাবে গমন।

১ যীশু খ্রীষ্ট তোমার লাগি, স্বর্গের বিভব হইয়া ত্যাগী
পৃথিবীতে জন্ম লইলেন তোমায় দিতে ধর্ম্ম মন।

২ জন্মিলেন এ মর্ত্ত্য পুরি, টাঙ্গা গেলেন ক্রুশোপরি,
পাপের প্রায়শ্চিত্ত হেতু প্রভু লভিলেন নিধন।

৩ খ্রীষ্টের যন্ত্রণা দেখি, তুমি হও সতত দুঃখী,
পাপে খেদযুক্ত হইয়া বিশ্বাসী হও তাঁর মরণ।

৪ সাংসারিক ক্রিয়া যত, তাহার প্রতি হও মৃত,
খ্রীষ্টেতে জীবিত হয়ে পর হে আলোর বসন।

৫ স্বর্গের রাজ্য নিকটবর্ত্তি, চল রে মন শীঘ্র গতি,
অতুল বিভবে যদি করিতে চাহ গমন।

২২৭ (ত্রাণার্থে প্রার্থনা)

Salvation desired.

১ যীশু মোর পাপের কারণ ধরি তব চরণ,
রক্ষা কর মোরে ফেল না।

২ যীশু করি নিবেদন, দেহ ধর্ম্ম মন,
যেন করি সত্য প্রার্থনা।

৩ যীশু বিচারের দিনে, দাণ্ডাইব কেমনে,
এই আছে মোর ভাবনা।

৪ যীশু মোরে নরক পথে যাইতে দিও না,
আমি করি হে তোমায় সাধনা।

৫ যীশু করিবারে ত্রাণ, হইলে বলিদান,
ভোগিলে অনেক যন্ত্রণা।

২২৮ (পবিত্র আত্মার কারণ প্রার্থনা)

The Holy Spirit desired.

ইচ্ছাপূর্ণ কর যীশু নিজ গুণে,
ধর্ম্মাত্মা ঢেলে আমার মনে।

১ তোমায় করি মিনতি, ওহে জগৎপতি, আমার ঘুচাও কুমতি,
এখন তব প্রেমে কর প্রেমী থাকিব চেতনে।

২ আমি মহাপাপী, তোমারে ডাকি, পাইলে হৃদয়ে রাখি,
আমি ক্ষণে ২ ভাবি জ্ঞানে কি হবে নিদানে।

৩ দুঃখ তোমারে জানাই, আমার অন্য কেহ নাই,
ত্রাণ মাত্র তোমার ঠাঁই,
ওহে তুমি না তরাইলে ভবে তরিব কেমনে।

৪ না মানিয়া উপদেশ, দোষ করিলাম অশেষ,
আমার মাথার যত কেশ,
ওহে তাহা হইতে আর অধিক দোষ কারু নাই এ ভুবনে।
হ.

২২৯ (পাপ প্রযুক্ত খেদ)

Contrition for sin.

আমার পাপের কে করিবে মার্জ্জনা,
দয়াল যীশু বিনা নরক দায়ে তরায় কোন জনা।

১ আমি করেছি অশেষ পাপ বেড়েছে যন্ত্রণা,
বুঝি মনের ফেরে যাইতে হইল বিষম নরক থানা।
হায় শুন রে পাপিষ্ঠ মন তোরে করি রে সাধনা,
এখন সকল ছাড়্যা যীশু খ্রীষ্ট কর রে ভজনা॥

২ ও মন যীশুতে বিশ্বাস কর পাইবে সান্ত্বনা,
নহিলে নিজ কর্ম্মের ফলে ভুগিবে অনন্ত যন্ত্রণা।
যত সব দেব দেবী তারা সব পাপেতে মগনা,
ও মন তোমার পাপের জামীন এমত নাহিক কোন জনা॥

৩ হে মন মরণ তারণ বল্যে তোমার নাহিক কিছু ভাবনা,
দেখ তোমার কারণ দারুণ মরণ করিছে আনা গোনা।
অধীন কাঙ্গাল দীন হীন বলে তুমি আর ভুলে রইও না,
এই যে যীশুর গুণ ত্রাণধন খেদ বিনা পাবে না॥
কা.

২৩০ (নম্রলোকের প্রার্থনা)

Prayer of the contrite.

অন্তর হইতে অন্তর হইও না।

১ আমি যে পামর, পাপ মন মোর,
হে পরমেশ্বর করহ করুণা।

২ অসার সংসার, কেহ নহে কার,
তোমা বিনা আর কে করে সান্ত্বনা।

৩ আমি অতি ক্ষুদ্র, দুঃখিত দরিদ্র,
যীশু নামে সম্পদ মম সম্ভাবনা।

৪ যীশু প্রেমধন, কর বিতরণ,
ঐহিক সম্পদ সম্ভ্রম চাহি না।

৫ সমূহ পরীক্ষা, দিতেছে বিপক্ষে
যীশু কর রক্ষা বিলম্ব করো না।

৬ ক্ষম অপরাধ, দেহ আশীর্ব্বাদ,
যীশু খ্রীষ্টের গুণে কর হে মার্জ্জনা।

জা. দ.

২৩১ (সুমতি প্রাপ্তির প্রার্থনা)

Sanctification desired.

যীশু কর হে মোরে সান্ত্বনা,
কিসে এড়াইব নরক যন্ত্রণা।

১ কর হে ধর্ম্মাত্মা দান, হউক আমার ধর্ম্মজ্ঞান,
দূর কর আমার কুমন্ত্রণা।

২ আমি নিতান্ত পাপিষ্ঠ, না করিলাম তব ইষ্ট,
ক্ষম অপরাধ এই বাসনা।

৩ আমার ক্রিয়ার প্রতিফল, অনন্ত নরকানল.
তব মরণেতে পাপের মার্জ্জনা।

২৩২ (ধর্ম্ম মন প্রার্থনা)

Sanctification desired.

প্রভু হে তুমি আমার দেহ ধর্ম্ম মন,
তোমার কাছে প্রার্থনাতে যেন থাকি সর্ব্বক্ষণ।

১ অসার সংসারে এস্যে, দিন কাটাইলাম পরিহাসে,
যীশু তুমি কৃপা কর্যে দেহ জ্ঞানাঞ্জন।

২ কোন মতে অন্য পথে, আমারে না দিও যাইতে,
ধর্ম্ম ডুরি দ্বারা মোরে কর আকর্ষণ।

৩ পাপ রূপ অগ্নি যবে, মম হৃদেতে জ্বলিবে,
নিবাও তাহা করে্য ধর্ম্ম বৃষ্টি বরিষণ।

৪ যীশু তুমি জগৎপতি, শুন মোর এই বিনতি,
কৃপা করি দুষ্ট মতি কর বিমোচন।

২৩৩ (কুমতির সহিত মনের বিবাদ)

The flesh and the Spirit.

আমার না হইল ভজন সাধন বৃথা গেল দিন,
হয়্যাছি দীন ২ গো হয়্যাছি দীন হীন।

১ মানব জনম যীশু আমার বিফলে গেল,
তোমার স্মরণ না লইলাম মরণ নিকট হইল।
এখন দিনে ২ যাইতেছে বয়েস,
তনু ছাড়্যা প্রাণ গেলে নরক হইবে শেষ।
আমি জনমাবধি দোষো পাপ কৈলাম রাশি ২,
সেই দোষে হয় পামর তনু দিনে ২ ক্ষীণ॥

২ যীশু হে আমায় কুমতি করে বসতি,
যায় না দূরে বেড়ায় ঘুরে্য পাপে মোর মতি।
মনে করি কোন পাপেতে না যাইব আর,
মোর স্বভাবেতে টান্যা পাপে লওয়ায় বারম্বার।
আর আমার মন নহে ধীর যীশু তুমি কর স্থির,
নিজ গুণে অধম জনে না ভাবিও ভিন॥

৩ যীশু হে আমার পাপি মন তুমি দয়াল জন,
ধর্ম্মাত্মা দিয়া কর পরিবর্ত্তন লোভে টানে মন ঘনে ঘন।
ছাড়িতে না পারি যীশু তব আজ্ঞা আছে বারম্বার,
পুনর্জ্জন্ম বিনা কেহ না পাইবে নিস্তার।
আমার পাপে মন রহিল মনের বদল না হইল,
বাঁচাইয়াছ সকল দায়ে হইয়া জামিন ॥

২৩৪ (যীশুতে ভক্তি অত্যাবশ্যক)

Faith all important.

ভক্তি না কর্ল্যে মুক্তি পাবে না,
ও মন বিচার করে্য দেখ না।

১ ভক্তি ডোরে নিরাকারে কর গে বন্ধন,
পাবে মুক্তির অন্বেষণ,
আগে ভক্তি শেষে মুক্তি, জেনো কি তা জান না।
২ সকল আজ্ঞার প্রধান আজ্ঞা দেখ দেখি তাঁর,
তাতে আছে ভক্তির সার,
তায় যদি কর মন স্থির, সিদ্ধি হবে সাধনা।
৩ ঈশ্বরীয় ক্রিয়া যত জগতে প্রকাশ,
তাতে কল্যে রে বিশ্বাস,
তবে যাবে ভ্রান্তি পাবে শান্তি, দুর্গতি আর থাকিবে না।
৪ ভক্ত না হইয়া ঐহিক সুখে মত্ত হয়,
ধর্ম্মশাস্ত্রেতে কয়,
তার ইহকালে যেমন তেমন পরকালে যন্ত্রণা।

৫ প্রভুর এ ভাবে মগন হবে যেই জন,
সেই ভক্তের উত্তম,
পাবে যীশুর দয়া পদছায়া, স্বর্গে পাবে সান্ত্বনা।

২৩৫ (খ্রীষ্টের প্রতি প্রেম)

Love to Christ.

সর্ব্বাপেক্ষা যীশু প্রেমের মহাজন,
যথা সাধ্য তাঁতে ভক্তি কর মন।

১ শুন ওরে আমার মন, হও তুমি সচেতন,
মান আমার এই বচন,
যীশুর প্রতি ভক্তি আছে কি না বল এখন।

২ তিনি বন্ধে উদ্ধারণ, আঘাতেরো নিবারণ,
পথ ভ্রান্তে অন্বেষণ,
চক্ষুর মোচন তোমার করয়া বাঁচাইলেন কৃপাবান।

৩ শিশুর প্রতি নারীগণ, প্রেমেতে নিবৃত্ত নন,
বরং তাঁরা কভু হন,
কিন্তু তোমার প্রতি তাহার নাহি বিস্মরণ।

৪ প্রভুর প্রেমের এই লক্ষণ, নাহি হয় পরিবর্ত্তন,
সে অক্ষয় অনিবারণ,
তাহার সীমা বলিবে কেবা, অসাধ্য তাহার কথন।

৫ যীশুর ইচ্ছা পূর্ণ যখন, তোমার ত্রাণ হবে তখন,
পাইবা স্বর্গ দরশন,
ইথে মন রে বল এখন, তাঁহার প্রতি প্রেম কেমন?

৬ প্রভু এই মোর নিবেদন, অল্প প্রেমে দুঃখি মন,
কিন্তু আছে প্রেম যতন,
যেন মম ভক্তি বাড়ে কৃপা কর বিতরণ। G. P.

২৩৬ (খ্রীষ্টের প্রেমে মগ্ন হওন)

Desiring to be filled with love to Christ.

১ মন শুন২ মন, ওরে আমার মন, ডুব যীশু খ্রীষ্টের প্রেমেতে,
না হইও বিরত, প্রেমে থাক রত, নিত্য ২ এই ভাবেতে।
মন যীশু প্রেমধন, করহ যতন, পাইবে রতন তাহাতে,
কর প্রেম ভক্তি, তবে হবে মুক্তি, যীশুর প্রেম জপ হৃদেতে॥

২ মন ঘৃণা কর পাপে, নরক অনল তাপে, মুক্ত হবে তবে এ
বন্ধনেতে,
পাপের কারণ, দুঃখী হও মন, পরিত্রাণ পাবে যীশুতে।
মন তেজি লাজ ভয়, পাপ কর জয়, বিশ্বাসী হও প্রভু যীশুতে,
না হইও মূঢ়, পাইবে নিগূঢ়, পরিত্রাণ হবে খ্রীষ্টেতে॥

৩ মন যীশুর প্রেমে ধৃত, হইয়ে পুলকিত, সদাই চল মন
প্রেমের পথেতে.
প্রেম প্রকাশিয়া, নিজ প্রাণ দিয়া, উদ্ধারিলেন নরক হইতে।
মন প্রভু পতিতের গতি, প্রেমেতে স্থিতি, প্রেম বিনা মন
যাবে না তাঁতে,
যীশু প্রেমানন্দ, সদাই আনন্দ, নিরানন্দ নাহি তাঁহাতে॥

---

২৩৭ (খ্রীষ্টের নিকটে বিশ্রাম প্রার্থনা)

The soul seeking rest in Christ.

আমার মন মন্দিরে কর হে বাস।

১ পাপ পীড়াতে বিরক্ত, হইয়াছি অতিরিক্ত,
প্রভু যীশু কর মুক্ত, এইত পিয়াস।

২ নানারূপে হইয়া ভ্রান্ত, হইয়াছি অতিশ্রান্ত,
যীশু মোরে কর শান্ত, করিএ আশ্বাস।

৩ দেখি ঐহিক ঐশ্বর্য্য, সতত মন অধৈর্য্য,
প্রভু করিয়া সাহায্য, রিপু কর নাশ।

৪ মোর অতি দুষ্ট মন, কুপথেতে সর্ব্বক্ষণ,
করিতে চাহে গমন, নাহি করে ত্রাস।

৫ খ্রীষ্ট প্রেমডুরি ধরি, চল্যে যাব স্বর্গপুরী,
আমি এই কামনা করি, বাড়াও বিশ্বাস॥

২৩৮ (খ্রীষ্টের প্রতি বিশ্বাস করিলেই শান্তি)

Peace through believing.

প্রেমেতে তরাইলেন যীশু পাতকি,
ও ভাই আর কিছু নাই বাকি।

১ খ্রীষ্টের মরণ নরের জীবন তবে আমার ভাবনা কি?
নিতান্ত পাইব ত্রাণ এই ভরসা করেছি।

২ পাপে পূর্ণ ছিলাম মোরা পাইযা নানা ভ্রান্তি,
এখন দিনে২ যীশুর গুণে হইতেছে অতিশান্তি।

৩ শুন হে ভাই সত্য উপায় তিনি জগতের পতি,
তাঁরে বিশ্বাসিলে নিদান কালে হইবে না কিছু ক্ষতি।

৪ শক্ত করো ধর তাঁরে মন রাখ তাঁহার প্রতি,
অবশেষে অনায়াসে স্বর্গে যাইতে চাও যদি।

হ.

২৩৯ (পরস্পর প্রেম করণ).

Brotherly love and its fruits

আইস প্রেম করি মোরা সকলে,
যে প্রেমেতে যীশু প্রাণ দিলেন অবহেলে।

১ মর্ত্যে প্রেম বৃক্ষ মূল, জগৎ ব্যাপিয়া ডাল,
স্বর্গে পাবে মহাফল, প্রত্যয় বারি দিলে।

২ প্রেমের কি কব গুণ, নির্গুণেরে দেয় গুণ,
বিনাশয়ে তমোগুণ, মনে উদয় হইলে।

৩ প্রেম সাগরে দিলে ঝাঁপ, নাশিবে অশেষ তাপ,
রুদ্ধ হবে মহাপাপ, মনে বিচারিলে।

৪ প্রেমানন্দে কর গান, যীশুর প্রেম কর পান,
তবে পাবে পরিত্রাণ, নরক অনলে

তা. দ.

২৪০ (যীশুতে মনের স্থিরতা)

Peace by Christ.

১ ও মন স্থির৩ না হইও অস্থির,
আস্যেছেন প্রেমের সাগর।
এই যীশুর নামে হবে পার,
ও মন ত্রাণকর্ত্তা কেহ নাহি আর॥

২ ও মন দেখিয়া দেখ না কিমত যন্ত্রণা,
পাইয়াছেন যীশু প্রাণেতে।
সেই খ্রীষ্টের চরণ কর সার,
ও মন ত্রাণকর্ত্তা কেহ নাহি আর॥

২৪১ (প্রভুতে আনন্দ)

Joy in the Lord.

যীশুতে আনন্দ রাখ, নিরানন্দ হবে নাক।

১ কেন সতত অস্থির, চিন্তামণি চিন্তা কর,
সব চিন্তা যাবে দূর, নিশ্চিন্ত হইয়া থাক।

২ কভু না করিও বিষাদ, যীশুতে রাখ আহ্লাদ,
কাটিবে পাপের ফাঁদ, হৃষ্ট চিত্তে খ্রীষ্টে ডাক।

৩ কর সদা সাধু সঙ্গ, গাও ঈশ্বর প্রসঙ্গ,
এরূপে জীবন সাঙ্গ, হইলে পাবে স্বর্গে সুখ।

তা. দ.

২৪২ (ঈশ্বর আমাদের শক্তি)

The Lord our Strength.

যীশু প্রেম জোর করিয়াছেন অতিশয়,
ও ভাই বিচার করে্য দেখ তবে কিসের ভয়।

১ তিনি হন রক্ষা কর্ত্তা, জীবন দাতা, তাঁরে কর্যেছি আশ্রয়
দয়াল প্রভুর মরণ নরের জীবন বিশ্বাসিলে পাওয়া যায়

২ যদ্যপি পর্ব্বত প্রমাণ, বালির সমান, আমার পাপে বোঝা হয়,
তথাপি তাঁর পূর্ণের গুণে নিতান্ত হইবে ক্ষয়।

৩ ভাই প্রয়োজন যেমন, পাবে সাধু জন, শাস্ত্রে ইহা স্পষ্ট কয়
দেখ ধর্ম্মাত্মা থাকিলে মনে অসাধ্য তা কিছুই নয়।

৪ ছাড়িব না আছি ধর্য্যে, স্বর্গ পুরে, যাইব হে সুনিশ্চয়,
তখন সকল দুঃখ যাবে দূরে দেখিয়া ত্রাণের উদয়।

হ.

---

২৪৩ (পীড়িতাবস্থার প্রার্থনা

Prayer of the afflicted. Ps. VI.

ত্বরা করি প্রভো মোরে কর হে নিস্তার,
আমি অতি দুরাচার।

১ দিও না হে দণ্ড, ক্রোধেতে প্রচণ্ড,
না করিও কোপে মোরে তিরস্কার।

২ আমি শক্তি বিহীন, রোগে তনুক্ষীণ,
দয়া কর প্রভো করুণা আধার।

৩ অস্থি কম্পান্বিত, প্রাণ ব্যাকুলিত,
আমার দুঃখ দেখ্যে কর প্রতীকার।

৪ হয়্যা অতি ক্লান্ত, কোঁকাই অবিশ্রান্ত,
অশ্রু জলে নিত্য ভিজে খাট্ আমার।

৫ মৃত্যু অতি বিকট, হইল সন্নিকট,
তুমি না বাঁচাইলে রক্ষা নাহি আর।

৬ ওহে পাপির বন্ধু, যীশু দয়ার সিন্ধু,
তোমায় আশা করি ডাকি বারে বার। G. P.

২৪৪ (দুঃখের সময়ে মনের সান্ত্বনা)

Resignation under bereavements.

যিনুহ দিয়াছিলেন পুন লইয়েছেন,
তাহে মোদের খেদ কি আছে ?
আপন বস্তু আপনি লইয়েছেন।

১ যাহা বলি আমার ২, অধিকার নহে কাহার,
যত দেখি সকল তাঁহার, শাস্ত্রে প্রমাণ দিযাছেন।

২ নরের অবস্থা যত, সকলি তাঁহারি কৃত,
ধর্ম্ম গ্রন্থে আছে ব্যক্ত, তিনি অভিমত করেচ্ছেন।

৩ এখন মোদের উচিত এই, তাঁর বাক্যে শাসিত হই,
তাঁহার অভিপ্রায় সেই, আমাদিগকে কহিয়েছেন। S. R.

২৪৫ (দুঃখাবস্থায় ধৈর্য্যাবলম্বন)

Support in trouble.

সুখের কারণ দুঃখ সহিতে হয়,
তাতে ক্লান্ত হওয়া উচিত নয়।

১ পড়িলে পরীক্ষার খাতে না করিও ভয়,
তরাইতে আসিয়াছেন যীশু ঈশ্বর তনয়।

২ তাঁহাতে থাকিলে বিশ্বাস বাঁচিবে নিশ্চয়,
ও মন নিতান্ত পাইবে ত্রাণ করি সবার জয়।

৩ কর রে ২ পামর মন খ্রীষ্টকে আশ্রয়,
তিনি দিবেন অনন্ত জীবন হবে না তার ক্ষয়। হ.

২৪৬ (দুঃখাবস্থার সান্ত্বনা)

Comfort in trouble. S. M.

১ হে আমার চঞ্চল মন।
কি জন্যে হও অস্থির?
ধ্যান কর প্রভু যীশুর গুণ,
সব দশায় হইও ধীর।

২ তিনি সর্ব্বজ্ঞ হন,
তাঁর দৃষ্টে সব প্রচার,
করুণা পূর্ণ দয়াবান,
তাঁর সর্ব্ব গুণ অপার।

৩ তোমার যে কোন দুখ,
সে তাঁর অগোচর নয়,
যে রূপে হবে তোমার সুখ,
করাইবেন দয়াময়।

৪ এই কালে তাঁহার লোক,
নানা পরীক্ষা পায়,
তাহাদের ঘটে মহাশোক,-
তথাচ মঙ্গল হয়।

৫ যে সকল নেত্র জল,
খেদেতে বহিয়া যায়,
তাঁর হবে শেষে পরম ফল,
অনন্ত সুখোদয়।

৬ তবে স্থির হও মোর মন,
করিয়া প্রত্যাশা,
নিতান্ত পাবে মুক্তি ধন,
যথা তোর লালসা।

৭ মন তোমার যতভার,
সব ফেল তদুপর,
তাঁর কৃত যত অঙ্গীকার,
অবশ্য হবে স্থির।

২৪৭ (নিদানকালে সান্ত্বনার জন্যে প্রার্থনা)

Support in the time of sickness and death. 8. 7.

১ যখন বড় ক্লেশ ও ব্যথা,
ধরিবে মোর অঙ্গে সব,
তখন যেন আমার আত্মা,
শুনে তোমার মধুর রব।
ওহে যীশু তুমি ত্রাতা,
কর মনে শান্ত্যুদ্ভব॥

২ ক্ষীণ হইলে আমার নিশ্বাস,
যখন হবে দুর্ব্বল কায়,
তখন বাড়াও আমার বিশ্বাস,
যেন কিছু না হয় ভয়।
ও হে যীশু আমার আশ্বাস,
তোমায় থাকে সে সময়॥

৩ পাপের স্মরণ হবে তখন,
কিন্তু তোমায় পাপের নাশ,
যাতে পাইব বিমোচন,
জন্মাও হেন সুবিশ্বাস।
শরীর হৈতে আত্মার গমন,
হইলে হয় মোর স্বর্গবাস ॥

২৪৮ (খ্রীষ্টের জীবদ্দশায় ধর্ম্মাত্মার কর্ম্ম প্রকাশ)

The work of the Spirit seen in the life of Christ. 7's.

১ নরের বন্ধু যীশুতে,
ধর্ম্ম আত্মার আধিষ্ঠান,
তাঁহার সকল ক্রিয়াতে,
তাহা হৈল প্রকাশমান্।

২ ব্যক্ত কৈলেন স্বর্গালোক,
মানুষগণের মধ্যেতে,
তিনি দুঃখিদিগের শোক,
ব্যস্ত ছিলেন নাশিতে।

৩ নম্র হইয়া মনেতে,
হইলেন তিনি শিষ্যের দাস,
আহা! তাদের সেবাতে,
কিবা দয়া সুপ্রকাশ।

৪ দূর্জন কৃত তিরস্কার,
মৃদুভাবে সহিলেন,
উদ্যত হইলে বধে তাঁর,
তবু তিনি ক্ষমিলেন।

৫ নরের পাপের ভারেতে,
হইয়া অতি ব্যথিত কায,
কহেন পিতার অগ্রেতে,
পূরুক তোমার অভিপ্রায়।

৬ যীশুর গুণের অনুসার,
আইস মোরা কাল কাটাই,
করো তদ্রূপ ব্যবহার,
যেন তাঁহার দর্শন পাই। G. P.

---

২৪৯ (খ্রীষ্ট বিশ্বাসির মরণে নির্ভয়ত্ব)

The Christian delivered from the fear of death.

মরণেতে ভয় কি করি,
যে মরণকে জয় কর্য্যাছেন মোদের ত্রাণকারী।

১ মরণ, কেন ভয় দেখাও রে যীশুর রাজ্যে আমি নিবাস করি,
যারা তোমার প্রজা, পাবে সাজা, তুমি তাদের দণ্ডকারী।

২ ধর্ম্ম শাস্ত্রে বলে তাতে ভয় করে ঈশ্বরের অরি,
যীশু বৃক্ষের বলে, যারা চলে, তিনি হন তাদের সহকারী।

৩ জগৎ ধন আর চাহিও না মন রে হয়্যা মোহকারী,
যাতে মোহিত হয়্যা, ফিরে চায়্যা, প্রাণ হারাইল লোটের নারী।

৪ যীশু আমি মূঢ় মতি তোমাকে মিনতি করি,
প্রভু নিজ গুণে, এ দীন হীনে, স্থান দিও স্বর্গ পুরি।

রা. কৃ.

২৫০ (সর্ব্বোত্তম ধারা)

The Golden Rule.

ঈশ্বর আজ্ঞা শুদ্ধসত্ত্ব নিশ্ছিদ্র বচন,
মনেতে প্রবিষ্ট হইলে করায় পরামনন।

১ মানব হইতে যে প্রকার, চাহি মোরা ব্যবহার,
তাদের প্রতি তেমন করা মোদের প্রয়োজন।
এ অপূর্ব্ব বিধির জন্য, ধন্য প্রভু যীশু ধন্য,
সে যথাযোগ্য পরিপূর্ণ তোমার সমান॥

২ কিবা স্পষ্ট সহজ বিধি, সুবর্ণ সদৃশ নিধি,
শিখিতে স্মরিতে দুঃখ না পায় কোন জন।
সবার কারণ প্রেমের নিয়ম, কিবা তাহার পরাক্রম,
প্রত্যেক জন শ্রবণ মাত্রে করিবে গ্রহণ॥

৩ সবে হৈলে অবিরত, প্রেমে সত্যে বশীভূত,
পরস্পরে মিত্র ভাবে থাকিত অনুক্ষণ।
কেহ কারো শত্রু তবে, না হইত এই ভবে,
মর্ত্ত্যপুরে স্বর্গধাম হইত স্থাপন

৪ তোমার বিধি অপালনে, নিদ্রায় আছি অচেতনে,
ইথে মোদের দোষ প্রভো কর হে মার্জ্জন।
হিংসা রাগ অহঙ্কার, না হয় যেন পুনর্ব্বার,
অদ্যাবধি করি তোমার আজ্ঞা সুপালন॥ G. P.

ঈশ্বরের বিশেষ অনুগ্রহ স্বীকার।

THE SOVEREIGN MERCY OF GOD.

২৫১ (নরের পতন ও উদ্ধার)

Fall and Recovery of man. L. M.

১ এদেনে বাসী প্রথম নর,
নির্দ্দোষে ছিল শোভাকর।
স্বস্রষ্টার মূর্ত্তিতে নির্ম্মিত,
হইয়া ছিল ধর্ম্মান্বিত॥

২ তৎপরে কৈল বিষম পাপ,
তাহাতে ঈশ্বর দিলেন শাপ।
যাহাতে সুখের অধিকার,
ঘুচিয়া গেলত্বরায় তার॥

৩ হায় ইথে আদম বংশগণ,
তত্তুল্য পাপী প্রত্যেক জন।
জন্মিল তাতে এই ফল,
ককর্ম্ম গুল্ম ধরাতল॥

৪ ঈশ্বরের প্রতি ভয় কি জ্ঞান,
মনেতে কিছুই দেয় না স্থান।
সাংসারিক সুখ ও ঐহিক ধন,
সর্ব্বদা করে আকিঞ্চন ॥

৫ যে বিষয় অতি লজ্জাকর,
ভ্রান্তিতে বুঝে সমাদর।
আর যত দুঃখ ঘটে তার,
মোহেতে পায় না প্রতীকার ॥

৬ দেখিয়া মানব নিরুপায়,
পাঠাইলেন ঈশ্বর স্ব তনয়।
দ্বিতীয় আদম দয়াধাম,
ত্রাণকর্ত্তা ভবে যীশু নাম ॥ G. P.

২৫২ (খ্রীষ্টদ্বারা ঈশ্বরের পুত্রাধিকার প্রাপ্তি)

Adoption.

ঈশ্বরের সংকল্প দেখ অতি চমৎকার,
নরক যোগ্য নরে দিলেন পুত্রের অধিকার।

১ শত্রু ভাবে অবিরত, মোরা ছিলাম অচিন্তিত,
তবু দয়া দৃষ্টি কৈলেন পিতা প্রেমাধার।
নিজ আত্মা কৈলেন দান, মোদের হৈল নব প্রাণ,
তেঁই তাঁকে পিতা বলি করি ব্যবহার ॥

২ বর্ত্তমানে সুকল্যাণ, আছে মোদের করি জ্ঞান,
শেষ কি হবে স্বর্গে গেলে কহিতে সাধ্য কার।
যেমন আছেন্ যীশু এখন, নিকটস্থ হৈয়া তখন,
তুল্য শুদ্ধ সত্ত্ব হব জানিয়াছি সার॥

৩ তুমি আছ অসংশয়, মম পিতা কৃপাময়,
এমত জ্ঞান নিত্য রাখ মনেতে আমার।
পরে হবে স্বর্গবাস, যদি হৈল এমত আশ,
তবে ত্যজি লোক ভয় করি সদাচার॥ G. P.

---

২৫৩ (ঈশ্বরের বিশেষ কৃপা অঙ্গীকার)

Recovering Mercy confessed. 11's.

১ মোর প্রাণ পূর্ব্বে ছিল ঘোর অন্ধকার,
ইথে চলিলাম আমি যেমন সব পাপী নর।
পাপ সিন্ধুতে পড়িয়া ডুবিলাম প্রায়,
হায়! যীশু না তারিলে মোর মরণ নিশ্চয়॥

২ শিব দুর্গা প্রভৃতির অসাধ্য মোর ত্রাণ,
কোন দেবতা না দেবী না নর বলবান্,
কোন যাজক না যজ্ঞ না ধর্ম্ম না দান,
উদ্ধারিতে পারে মোর পাপ গ্রস্ত প্রাণ॥

৩ ঐ সকল অসার তাহার সত্যতা নাই,
খ্রীষ্টের মরণে মাত্র আমি ভরসা পাই।
স্বর্গ পৃথিবী পাতাল তাঁহার নির্ম্মাণ,
সর্ব্বত্রেতে তিনি রাখেন সব প্রাণ ॥

৪ নিজ পুণ্য ও পাপ সব করিব ত্যাগ,
কি সম্ভ্রম কি নাম কি নিজ অনুরাগ।
যীশুর চরণে পড়িয়া এ করি স্বীকার,
তোমার কৃপাদান বিনা নাহি উদ্ধার। W. C.

২৫৪ (ঈশ্বরের দয়া স্বীকার করণ)

Saving mercy confessed.

তুমি ধন্য যীশু দীন দয়াময়,
দুঃখি দীন আনিয়া আজি পূর্ণ কৈলা নিজালয়।

১ আহূত ছিল হে যারা, তন তত্ত্ব জ্ঞান হইয়া হারা,
ও হে অবহেলা করেয তারা, নিজ নিজ কার্য্যে যায়।

২ মহা ভোজ প্রস্তুত করেয, ওহে রাজ পথ হইতে ধরেয,
ওহে আনিয়াছ এই সভারে, হইয়া প্রভু হে সদয়।

৩ আহারাভাবেতে মোরা, পথে যাইতে ছিলাম হে মারা,
কিন্তু তৃপ্ত হইলাম তোমার দ্বারা, অমৃত খাইয়া সভায়।

৪ কি কব তোমার গুণ, দিতে নাহি কোন অন্য তুলন,
ওহে শত্রুকে করাও ভোজন, আর তৃষিত তৃপ্ত হয়।

৫ গৌরব হউক হে তোমার, প্রশংসায় পূরুক এ সংসার,
দিনে২ গৃহ তোমার, পূর্ণ হউক কৃপাময়।

২৫৫ (খ্রীষ্টের দয়া পাইয়া আনন্দিত হওন)

Triumphing in saving mercy.

যীশু খ্রীষ্টের শরণ লইয়াছি,
আর ভব ভয়ের ভাবনা কি।

১ ত্যজ্য করে্যা স্বভাব পুরাতন,
এখন যীশু প্রেমে মজ্যো রে ভাই
স্থির করে্যছি মন।
ও তাঁর ধর্ম্ম আলো, অতি উজ্জ্বল,
আমি হৃদয় মাঝে জেলে্যছি॥

২ মন ভ্রান্ত ছিল অতিশয়,
তাতে পাপে ভারি প্রাণভরি জীবন সংশয়।
এখন ঘুচিয়ে দণ্ড নিরানন্দ,
আমি আনন্দেতে ভেসেছি॥

৩ শয়তানেরও দুষ্ট কারখানা,
এই ভোলা মনকে ভুলাইয়াছিল দিয়া মন্ত্রণা।
সব দেখি ফাকি মুদি আঁখি,
প্রভুর চরণ হৃদয়ে ভাবিতেছি॥

৪ কি করিবে শমন দুরাচার,
এই মন প্রাণ দিয়াছি সব খ্রীষ্টের উপর ভার।
আর নাইকো শঙ্কা বাজিয়া ডঙ্কা,
আমি যীশুর রাজ্যে এসেছি॥

৫ মিথ্যা ফাকি যত চাতুরী,
আর কুজ্ঞান কুমতি সকল পরিত্যাগ করি।
লয়ে যীশু তত্ত্ব মহামন্ত্র,
আমি খ্রীষ্টের দাস হইয়াছি॥

এবেনেজর

২৫৬ (অর্থাৎ অদ্যাবধি ঈশ্বর আমার সহায়)

Ebenezer. ৮. 7.

১ দয়াল ত্রাতা জগৎ স্বামী,
সহায় আছ অবিশ্রাম।
তোমার স্তবের অর্থে আমি,
স্থাপন্ করি স্মরণ থাম॥

১ নানা কালে আমার প্রতি,
যত তোমার উপকার।
এখন হৈল আমার স্মৃতি,
করি আমি অঙ্গীকার॥

৩ পরে হবে কি দুর্দ্দশা,
তাহে আমি ভাবিত নই।
আছে আমার দৃঢ় আশা,
রক্ষা পাব তোমার ঠাঁই॥

৪ পিতঃ আমার সকল বিষয়,
তোমায় করি সমর্পণ।
আমার তরে তব আশয়,
হউক সদা সম্পূরণ॥

৫ আছে বিপদ পদে পদে,
তাতে কর সাবধান।
রক্ষ গোপনীয় ফাঁদে,
দেও আমায় পরিত্রাণ॥

৬ আমার অবশিষ্ট সময়,
তব স্তবে ক্ষেপণ হউক।
তাহে মরণ কালে নিশ্চয়,
নাহি হবে ভয় কি শোক॥

৭ অন্য ২ বিষয় যত,
তাতে বড় চিন্তা নাই।
জীবৎ কিম্বা হই মৃত,
দয়ামাত্র কেবল চাই॥ G. P.

২৫৭ (প্রভুর কৃপা স্বীকার)

Saving grace acknowledged. 8. 7.

১ আমি ছিলাম অন্যদেশী,
দেবতা পূজক সজাত,
এখন প্রভুর গৃহবাসী,
শিক্ষি সত্য স্বর্গপথ।
ধন্য প্রভু, ধন্য প্রভু,
তুমি অনাথের নাথ॥

য়িহুদীয় পূর্ব্ব রাজা,
এবং ভাবিবক্তাগণ,
কিম্বা কোন দেশের প্রজা,
না পাইল খ্রীষ্ট ধন।
তারা কেহ, মম সম,
না পাইল কৃপাদান॥

৩ এতদ্দেশীয় অনেক নর,
তত্ত্ব করে পাপ উপায়,
না জানিয়া সত্য ঈশ্বর,
কষ্টে ভ্রমে রাজ্যময়।
ও হে যীশু তব কৃপায়,
হইল মম ত্রাণোদয়॥

৪ যদি মঙ্গল সমাচারে,
পরে হেলা করে মন,
তবে আমি শেষ বিচারে,
কোথা লইব কার শরণ।
তোমার কাছে দোষী হইয়া
ত্যাজ্য হইব হে তখন॥ J. C.

নানা বিষয়ক গীত।

ON VARIOUS SUBJECTS.

২৫৮ (জল প্লাবনের বিষয়)

The Flood.

পাপ দণ্ড হেতু আইল জলপ্লাবন,
তাতে হে কর ভয় যত নরগণ।

১ অধর্ম্ম দেখি সংসার, কুপিত হইয়া ঈশ্বর,
চল্লিশ দিবা রাত্রি বৃষ্টি করিলেন বরিষণ।

২ আট জন ব্যতিরেকে, ডুবাইলেন চতুর্দ্দিকে,
সকল জগৎ জলে ভাসিল তখন।

৩ ঈশ্বর আজ্ঞা অনুসারে, জাহাজ নির্ম্মাণ করে্য,
বাঁচিল কেবল দেখ নোকের পরিজন।

৪ ঈশ্বর ক্রোধ তুফানে, এখন রক্ষা হয় প্রাণে,
যীশু খ্রীষ্ট জাহাজেতে কৈলে আরোহণ।

২৫৯ (প্রতিমাপূজার দোষ)

Against Idolatry.

ধন্য আমাদেরো ঈশ্বর সর্ব্বশক্তিমান্,
জগৎ করেছেন নির্ম্মাণ।
দেবপূজকেরো প্রতিমা সোনারো রূপারো
কিন্তু মনুষ্য নির্ম্মাণ॥

১ বদন থাকিতে, পারে না কহিতে,
না পায় দেখিতে থাকিতে নয়ন।
আছে বটে শ্রোত্র, দৃষ্টি শোভা মাত্র,
কার্য্য কারণ তায় নাহি সামাধান॥

২ আছে কর দ্বয়, কার্য্যে শক্ত নয়,
চরণ থাকিতে খোঁড়ার সমান।
তাদের আছে ঘ্রাণ, না পায় আঘ্রাণ,
কিবা দোষ দিব তাহারা পাষাণ॥

৩ দেবতা এমন, যে করে নির্ম্মাণ,
সেবা করে পূজা দুয়েই সমান।
আহা! কি আন্ধারে, থাকি নিরন্তরে,
পাপ পথে তারা করিছে পয়ান॥

৪ ঈশ্বরে প্রত্যাশা, সে মাত্র ভরসা,
অন্য যেন মোদের না থাকে টান।
করি স্বর্গ আশা, ঈশ্বরে প্রশংসা,
অন্তকালে যেন পাই পরিত্রাণ॥

২৬০ (ভরসা রূপ গাঁথনির চেতনা)

The rocky and sandy foundations

ও মন বিষয় পায়্যা রইলি ভুলে দিন গেল বিফলে,
তুমি হয়্যা মত্ত পাপেতে রত, দেখলি নাক নয়ন খুলে।

১ আমার বিনয় বচন, শুন ওরে ভোলা মন,
ও মন যীশু খ্রীস্ট কর সাধন তর্য়্যা যাবে পরকালে।

২ বালিতে গাঁথিলে দেওয়াল, ও মন থাকিবে নাক চিরকাল,
ও মন বিষম তরঙ্গের ঢেউয়ে, তখন সে ঘর দিবে ফেল্যে।

৩ যীশু খ্রীষ্ট তোমায় বলে ওরে গৃহ বান্ধ পাষাণ স্থলে,
যখন আসিবে তুফান লাগিবে বেগে পড়িবে না সে কোন কালে।

৪ প্রভু যীশু আমার পানে ওহে দৃষ্টি কর নিজ গুণে,
এখন এই ভরসা করি আমি স্থান দিও পদতলে।

পা সে.

---

২৬১ (মৌখিক খ্রীষ্টানের দোষ)

Against hypocrisy in religion.

প্রিয় ভাই হে মৌখিক খ্রীষ্টীয়ান হওয়া ভাল নয়,
আইলে খ্রীষ্টের পথে সকল দুঃখ সহিতে হয়।

১ পাপিদের জন্যে খ্রীষ্ট, ভুগিলেন দুঃখ নানা কষ্ট, ভাই হে,
শরীর হইতে রুধির বাহির হইল সেই সময়।

২ যখন খ্রীষ্ট ক্রুশে ছিলেন, অনেক দুঃখ মনে পাইলেন, ভাই হে,
তিনি পাপের ভারে চূর্ণ হইলেন দিবস হইল তিমিরময়।

৩ যদি কেহ করে পাপ, খ্রীষ্ট পান মনস্তাপ, ভাই হে,
পুনরায় করিলে পাপ তাঁহাকে ক্রুশে চড়ায়।

৪ দেখ কাল্পনিক বেশে, যিহূদা আপনি এস্যে, ভাই হে,
সে ধন লোভে মত্ত হয়্যে প্রভুকে দেখাইয়া দেয়।

৫ হনানীয় নামে এক জন, ছিল ঈশ্বর পরায়ণ, ভাই হে,
সে আপন ধন গোপন কর্যে তখনি মরিয়া যায়।

---

২৬২ (অফল ডুম্বুর বৃক্ষের দৃষ্টান্ত)

The barren Fig tree. Luke. XIII. 6

হায় ২ ঈশ্বরের মহিমা
প্রকাশ বিনা গেল দিন বিফল।

যীশুর উদ্যান এই সংসার, তাহে বৃক্ষ যত নর, ওরে মন।
সময় ক্রমে নিশ্চয় তিনি এসো তত্ত্ব করিবেন হে ধর্ম্ম ফল।

১ না হইয়া ফলবান্, যদি বৃক্ষ যোড়ে স্থান, পূর্ব্বাপর.
তবে রুষ্ট হৈলা অতি, কাটিবারে অনুমতি, দিবেন হে,
তাহা কৈলে ফেল্যে দিবেন তবে যথা আছে অনির্ব্বাণানল।

২ কিন্তু কত দয়াময়, নচেৎ সবে নিরুপায়, পাপে হে,
সময় দেন শুধরাইতে, থাকেন তিনি অপেক্ষাতে, ফলের আশে,
এবং দয়াল যীশু পক্ষবাদী মোদের তরে আছেন অনুকূল।

৩ স্বীকার করি তোমার কাছে, আমার অনেক ত্রুটি আছে,
ক্ষমাকর
ম্লান বৃক্ষ না হই যেন, কর আমায় সচেতন, প্রভো হে,
ভক্তি প্রেম ও নির্ম্মল মন ফলাও মোতে সেঁচি ধর্ম্ম জল।

G. P.

২৬৩ (স্বর্গযাত্রিকের প্রার্থনা)

The Pilgrim's Prayer 8, 7.

১ হে যিহুহ, জানাও মোরে
সুপথ এ অরণ্যেতে,
এই দুর্ব্বল পথিক নরে
উদ্ধার কর স্বহস্তে।
স্বর্গাগত আহার দিয়া
সদাই পাল আমারে॥

২ হেথাও জন্মাও আমার তরে
তৃপ্তি জনক উনুই,
মেঘ ও অগ্নি স্তম্ভাকারে
অগ্রে চলুক নিত্যই।
বিপদ কালে অধীন জনে,
রক্ষা কর সত্বরে॥

৩ উত্তরিলে যদ্দন তীরে
সুস্থির কর আমার মন,
নিদান কালে স্বর্গের পারে
মোরে কর উত্তরণ।
সেথা আমি অবিরত
প্রশংসিব তোমারে॥ G. P.

২৬৪ (জীবদ্দশাই ত্রাণোপায় ধরিবার সময়)

Life time, the Day of Salvation.

প্রাণের কারণ, যীশুর ভজন, কর রে এই বেলা,
ভজন কর রে এই বেলা,
সাধন না জানি,কোন সময় তুমি জগৎছেড়ে করিবে মেলা।

১ নিদান কাল আসিবে, তখন কি আর ভজন হবে,
বাক্য নাহি যায় বলা,
চক্ষু থাকিতে দেখিতে নারিবে, কর্ণ থাকিতে হবে কালা।

২ যীশু খ্রীষ্ট না ভজিয়া, বিষয় মদে মত্ত হইয়া,
ভ্রমিতেছ ভোলা,
দুটি আঁখি মুদিবে যখন জানিবে তখন পাপের জ্বালা।

৩ জনমিয়া পৃথিবীর মাঝে, দিন গেল মিছাকাযে,
করো অবহেলা,
কত দিন আর ভ্রান্ত হইয়া পাপের সঙ্গে করিবে খেলা।
প্রা. কৃ.

২৬৫ (মূসার ব্যবস্থার ক্রিয়া সুসমাচারের নিদর্শন)

The Gospel prefigured by the Types of the Mosaic Law

১ পূর্ব্বে দেখো ইস্রেল লোক
শীনয় গিরি অগ্নিময়,
স্বপাপ ভাবি হইল শোক,
এবং অতি কম্পিত কায়।
কিন্তু ঈশ্বর কৃপাবান্
কৈলেন ত্রাণের লক্ষণ দান॥

২ নিস্তার পর্ব্বের বলিদান
যাহার রক্তে সিক্ত দ্বার,
তাহা জন্মায় এই জ্ঞান
যাহার মনে সুবিচার।
রক্ত বিনা পাপের ক্ষয়,
কোন মতে সম্ভব নয়॥

৩ পরের পাপ যে বহিবে,
আছে তাহার প্রয়োজন,
পূর্ণ ভাবে হইবে
তাহার শুদ্ধসত্ত্ব মন।
জানায় ইথে কপোত মেষ,
নাহি যীশুর পাপের লেশ॥

৪ সচল ছাগের শিরেতে
দিয়া লোকের পাপের ভার,
ছেড়্যে দিলে বনেতে
দেখা যাইত নাহি আর।
তদ্রূপ যীশু নরের পাপ
দূর করিলেন ভুগি শাপ॥

৫ অন্য পক্ষির রুধিরে
আর এক পক্ষী মগ্ন হয়,
সেই পক্ষী তৎপরে,
মুক্তি পায়্যা উড়ে যায়।
যীশুর রক্তে ধৌত নর,
তেমনি পাবে মুক্তি বর।

৬ যীশু তব গুন্থেতে
হর্ষে করি দৃষ্টিপাত,
তাহার সকল পৃষ্ঠাতে
তোমার বিষয় পূর্ণ নাথ।
অতেব যেন আমার মন
করে তাহা সুপালন॥ G. P.

২৬৬ (ভবসাগরে আত্মার বিপদ)

The voyage of life perilous.

পাপস্রোতে মগ্ন আমি, রক্ষা কর প্রভু তুমি,
তুমি না করিলে উদ্ধার, পাছে আমি ডুবে মরি।

১ কাতরেতে ডাকি আমি, ত্রাণ কর ওহে স্বামি,
যেমন পিতরে করিলে রক্ষা, তেমনি হও মোর রক্ষাকারী।

২ ভবের তুফান অতি ভারি, বহিতেছে মমোপরি,
প্রভু ভয়েতে ভাবিত আছি, পাছে ডুবে নিজ তরি।

৩ ভগ্ন তরি পাপে ভারি, বুঝি আমি ডুবে মরি,
প্রভু রক্ষা কর রক্ষা কর, রক্ষ তুমি কৃপা করি।

৪ কুম্ভীরের বেশ ধর্যে, পাছে শয়তান গ্রাস করে,
যেমন হবাকে গ্রাসিয়াছিল, হয়্যে সর্পের বেশধারী।

৫ এই তুফানে ভয় অতি, নাহি দেখি মোর গতি,
প্রভু তরঙ্গে তরণি দিয়া, আপনি হও তায় কাণ্ডারী।

৬ আমি অতি উপায় হীন, বৃথা গেল মম দিন,
প্রভু এ দুঃখ সাগর হইতে, টেন্যে লহ স্বর্গ পুরি।

যা. ম.

২৬৭ (স্বর্গীয় কাণ্ডারী)

The Heavenly Pilot.

ভাই ভবের ঘাটে খ্রীষ্ট যীশু হইয়াছেন কাণ্ডারী,
মোরা ভবে কেন পারে যাইতে ভয় করি।

১ ও ভাই ত্বরা ত্বরি করে্য চল তাঁরি চরণে ধরি,
তিনি সর্ব্বশক্তিমান ও ভাই যত দেখ সকল তাঁরি।

২ তিনি আসিয়াছেন সদর ঘাটে লাগাইয়াছেন প্রেমের তরি,
প্রভু ভক্তি দেখ্যা পার করিছেন চান না কিছু টাকা কড়ি।

৩ তিনি ক্ষমাতে তুল্যাছেন পালি সত্য দয়া তাহার দাঁড়ি,
প্রভু আপনি ধর্যাছেন হালি দেখ সুবাতাসে চলিতেছে তরি।

৪ যীশু খ্রীষ্ট নামে পরম গান গায় সানন্দে বদন ভরি,
অধীন কাঙ্গাল বলে সত্য ধর ওভাই ছেড়ে দিয়া ছল চাতুরী
কা.

---

২৬৮ (মনোরূপ তরির স্বর্গ গমন)

Voyage to Heaven.

মঙ্গল সংবাদ সুবাতাস বহিতেছে ভবার্ণবে,
ও ভাই মন তরি ত্বরা করি চালাও তুমি পবন বেগে,
যদি সেই জীবন পুরের ঘাটে যাবে।

১ ও ভাই তাহাতে তরঙ্গ অতি, পদে ২ আছে ভীতি,
দেখো সাবধানে চালাইও তরি চড়ায় লাগি পাছে ডুবে

২ ও ভাই দুরন্ত পাপের স্রোত জোরে টান উজান বাগে,
নৈলে জাহাজ ঠেকি অমূল্য প্রাণ আচম্বিতে হারা যাবে।

৩ ও ভাই যীশুর হাতে তরি রাখ পার হইবা দারুণ ভবে,
অধীন কাঙ্গাল বলে যীশু সম কাণ্ডারী নাহি এ মহাভবে।

৪ ও ভাই স্বর্গ কূলে উত্তরিলে সকল দুঃখ যাবে ভুলে,
তথা নিত্য সুখানন্দ ভোগ আর ঈশ্বর দর্শন পাবে সবে।

কা.

২৬৯ (মনোতরির স্বর্গ গমন)

Voyage to Heaven.

ভব মাঝে মন তরি অস্থির পাপ তুফানে।

১ ভব সাগর অকূল, দেখিতে না পাই কূল,
খ্রীষ্ট অনুকূল বিনে।

২ ধর রে প্রত্যয় হাইল, প্রত্যাশাতে তোল পাইল,
ভর করি প্রেম গুণে।

৩ সমূহ চোরের থানা, পথে যেতে করে মানা,
তরিব যীশু নিশানে।

৪ যীশু নামে পাব জয়, পার হব ভব ভয়,
যাইব স্বর্গ ভুবনে।

৫ যীশু কল্প বৃক্ষে ভেলা, যাইয়া বান্ধ এই বেলা,
আর কি করে তুফানে। তা. দ.

বিশেষ ২ সময়ের গীত।

FOR VARIOUS TIMES AND SEASONS

২৭০ (ঈশ্বরের সেবার্থে শিশুদিগকে আহ্বান।

Call to early Religion.

১ হৃষ্ট চিত্তে আইস সবে যত শিশুগণ,
ছাড় মায়া খেলা শুনে খ্রীষ্টের বচন।

২ জগতের পতি প্রেমে তব পানে চান,
অন্বেষণেন তব প্রেম স্বগুণ জানায়ে।

৩ বাঞ্ছা করে যেই জন তাঁহার দর্শন,
অবশ্য তাঁহার সহ হয়ত মিলন।

৪ প্রার্থনা করয়ে যেবা তাঁর কৃপাদান,
তাঁর প্রিয় পাত্র হয় ইথে নাহি আন।

৫ তাঁরে ভাল না জানিলে কোথায় ভাল আর,
তাঁরে সার না মানিলে সকলি অসার।

৬ দূরে যাও হে মিথ্যা সংসার মন ভ্রম,
খ্রীষ্ট সুখ সার মাত্র জান নিরুপম। A. S.

২৭১ (শিশুদিগের স্তব)

Praise from Children.

১ কি তেজঃ বিরাজে, স্বর্গের সমাজে,
আছেন ঈশ্বর যথা,
যাঁর নাম গুণ, করিতে গায়ন,
পারিবা শিশু সর্ব্বথা।

২ তাহার মহিমা, করুণা অসীম,
বলিবারে যদি চাহে,
পৃথিবীর জন, স্বর্গে সাধুগণ,
সামর্থ্য কাহার নহে।

৩ প্রভুর সাক্ষাতে, আছে যত দূতে,
তন্তের সীমা না জানে,
কি প্রশংসাকারী, কিবা আজ্ঞাধারী,
সদা থাকে সাবধানে।

৪ সাধুর সভাতে, মিলি এক চিত্তে,
উৎসর্গ করিব স্তুতি,
তাহে ভগবান, ক্ষুদ্র শিশুগান,
না করেন অপমিতি।

৫ একারণ স্তব, প্রভুর করিব,
প্রতি দিন অনুক্ষণ,
বালকের গান, শুনি হৃষ্টমন,
হবে স্বর্গে দূতগণ। A. S.

২৭২ (বালকের প্রার্থনা)

Youth seeking God. 7's.

১ ওহে ঈশ্বর তোমার ঠাঁই,
নম্র মনে ইহা চাই,
আমি শিশু কোমল প্রাণ,
দেহ আমায় তত্ত্ব জ্ঞান।

২ প্রভো আমার নিবেদন,
নূতন্ কর মুগ্ধ মন,
তাহা তোমায় কর যোগ,
হবে আমার কৃপা ভোগ।

৩ তব শাস্ত্রে যেন হয়,
মম চিত্ত হর্ষময়,
তাহা অতি মূল্যবান,
নিত্য আমি করি জ্ঞান।

৪ মম রক্ষক নাহি আন,
কর আমায় সাবধান,
সত্য পথে রাখ পদ,
যেন না হয় অপরাধ।

৫ যাবৎ থাকি জীবৎমান,
তোমার সেবায় দেই প্রাণ,
অন্তে যেন তোমার পাশ,
নিত্য হয় মোর সুখে বাস। G. H.

২৭৩ (প্রভাতি স্তব)

Morning Hymn. 7's.

১ প্রভাত হইলে আমার মন,
নিত্য গাইও যীশুর গুণ,
অহর্নিশি কর গান,
কভু নাহি কর আন।

২ যখন ছিলাম নিদ্রায় ঘোর,
তিনি ছিলেন রক্ষক মোর,
এখন জাগ্যা যীশুর স্তব,
কর তনু মন রব।

৩ দেখিতেছি দিনের ভোর,
তাতে অতি আহ্লাদ মোর,
ফিঙ্গে আদি পক্ষিগণ,
সুনাদ করে ক্ষণে ক্ষণ।

৪ দেখ ভানু তেজোময়,
পূর্ব্বদিগে তার উদয়,
সৃষ্টি তাতে চেতন পায়,
নানা রূপে স্তুতি গায়।

৫ চেতন হইও আমার মন,
যিনি রাখেন সর্ব্বক্ষণ,
যিনি সর্ব্ব সৃষ্টির সার,
নিত্য কর স্তুতি তাঁর।

৬ রক্ষ দয়াল ভগবান,
কর তনু প্রাণের ত্রাণ,
অহর্নিশি সর্ব্বক্ষণ,
শীতল রাখ আমার মন।

৭ শেষ প্রভাত যখন হয়,
মৃত হবে চেতন ময়,
ধার্ম্মিক তখন করে গান,
পাবে স্বর্গে দিব্য স্থান। J. C.

২৭৪ (প্রাতঃ কালীন গীত)

Morning Hymn.

ওহে প্রভু এই আমার রাখহ বিনতি,
আজিকার দিনে থাক আমার সঙ্গতি

১ প্রভাত কালীন স্তব, তোমাতে হউক সব,
ধর্ম্ম আস্থা আমার মনে করাও স্থিতি।

২ অজ্ঞান পাতকি আমি, কৃপা কর প্রভু তুমি,
পাপাপদ পরীক্ষা হইতে ফিরাও মোর মতি।

৩ পাপ দেখি চর্ব্বিত, সদা থাকি সশঙ্কিত,
নিজ কৃপা দৃষ্টি সদা রাখ মোর প্রতি।

৪ আমার পাপের ভার, দিয়াছি তোমার উপর,
তুমি আমায় কৃপা কর্যা করহ সদগতি।

৫ আমি এই বিনতি, করিতেছি তোমার প্রতি,
প্রভু তোমার চরণেতে বাড়াও মোর ভকতি।

২৭৫ (সায়ংকালীন গীত)

Evening Hymn.

১ সায়ংকালে চিন্ত সর্ব্ব,
যীশু খ্রীষ্টের বিবিধ গুণ,
এ সংকীর্ত্তন অত্যপূর্ব্ব,
নিত্য কর আমার মন।
যীশু নামের
উত্তম স্তুতি কর গান॥

২ দিনমণি অস্ত হইল,
প্রাণি সকল বিশ্রাম পায়,
যীশুর স্তুতি করা ভাল,
হে মোর আত্মা এ সময়।
শ্রান্ত হইলে
যীশুর কৃপায় বিশ্রাম হয়॥

৩ তিনি তোমার রক্ষণ পোষণ,
করিয়াছেন অনুক্ষণ,
নিত্য তাঁহার দয়ার লক্ষণ,
প্রাপ্ত আছ অগণন।
যীশুর কৃপা
কভু ভুল না রে মন॥

৪ অহর্নিশি মঙ্গলপ্রাপ্ত,
হইবা গাইব যীশুর গীত,
তাতে হইয়া অতি তৃপ্ত,
হবে আমার পরম হিত।
যীশু খ্রীষ্টের
রক্তে সর্ব্ব মঙ্গল ক্রীত॥

৫ প্রতি দিনে আমার আয়ুঃ,
বেগে লুপ্ত হইয়া যায়,
যেমন সদা বহে বায়ু,
গেলে উদ্দেশ নাহি হয়।
তদ্রূপ মম
আয়ুঃ শীঘ্র হবে ক্ষয়

৬ যখন নিদ্রাতে অচেতন,
আমি রাত্রিকালে রই,
করিবারে আমার রক্ষণ,
কে আর আছে তোমা বই।
ও হে যীশু
শুইয়া তোমার আশ্রয় লই॥ J. C.

২৭৬ (শয়নকালের গীত)

Evening Hymn. 7's.

১ গেল ২ দিনমান,
ধন্য ২ ভগবান্,
তাঁহার দয়া কৃপাবর,
দিয়া থাকেন নিরন্তর।

২ শিশু সময় বহে যায়,
আমার পাতক অতিশয়,
ক্ষম সে সব অত্যাচার,
কর্য্যো পুনঃ উপকার।

৩ থাকি যখন নিদ্রাতে,
রাখ দৃষ্টি কৃপাতে,
যেন না হয় দুর্ঘটন,
ইহাই আমার নিবেদন।

৪ যদি তোমার দয়া পাই,
অনায়াসে নিদ্রা যাই,
প্রাতে কর দয়া দান,
উঠে যেন করি গান। A. S.

২৭৭ (সায়ংকালীন গীত)

Evening Hymn.

ওহে প্রভো এই আমার প্রার্থনা তোমায়,
সর্ব্বক্ষণে কুশলেতে রাখ হে আমায়।

১ সায়ংকালীন স্তবস্তুতি, হউক প্রভু তোমার প্রতি,
ধর্ম্ম আলো আমার মনে করাও উদয়।

২ সকল দিন করেছ রক্ষা, হইতে সব আপদ পরীক্ষা,
এই রাত্রি নিরাপদে যেন গত হয়।

৩ যত দিন জগতে রই, তোমা ভিন্ন নাহি হই,
তুমি মোরে রক্ষা কর আপন কৃপায়।

৪ পাপময় সংসারে জন্ম, নাহি মোর পুণ্য কর্ম্ম,
কৃপা করি তুমি রাখ স্বপদ ছায়ায়।

৫ প্রভু যীশু তোমার প্রতি, হউক আমার দৃঢ় মতি,
কোন মতে শয়তানে ভ্রান্তি না জন্মায়।

২৭৮ (আয়ুঃ সন্ধ্যা সময়ে প্রস্তুত হওনোপদেশ)

The evening of life, or preparation for death.

দিন থাকিতে বান্ধ তরি যদি পার হবে ভব তুফানে,
ও মন ছাড়িয়া ভুবন, কবে করিবে গমন,
ভুল্যা আছ কেন এমনে?

১ ও মন সন্ধ্যাকাল হইলে, ঘেরিবে জঞ্জালে,
অন্ধকার হবে নয়নে।
আত্ম পরিবার, ডাকিবে বারে বার,
শুনিতে না পাবে শ্রবণে॥

২ ও মন যতক্ষণ জীবন, দিন ততক্ষণ,
বুঝ্যা দেখ আপন জ্ঞানে।
যখন আসিবে মরণ, না হবে স্মরণ,
দাগা পড়্যা যাবে ভজনে॥

৩ থাকিতে ২ ভবে, আচম্বিতে কবে,
ধরিবে আসিয়া মরণে।
সমুদ্র সাঁতার, অকুল পাঁথার,
সাঁতারে যাবে কেমনে॥

৪ হায় মন দুরাচার, বচন আমার,
শুন বলি আইস নির্জ্জনে।
যীশুর প্রেম জাহাজে, চড় তার মাঝে,
প্রভু কাণ্ডারী হইবেন আপনে॥

৫ কাঙ্গাল দীন হীন, ভাবে রাত্রি দিন,
কি হবে আমার নিদানে।
মনের প্রত্যাশা, প্রভু পূরাও আশা,
স্থান দিয়া রাখ চরণে ॥ কা.

---

২৭৯ (বিবাহের গীত)

Marriage Hymn.

তোমরা দুই জন বর কন্যাতে এক অঙ্গ হইলে আজি হইতে,
দুয়েতে এক বান্ধা গেল প্রভু যীশুর বিধি মতে।

১ যীশুর এই অঙ্গীকার, কেহ নহে পর কার, এই সারোদ্ধার,
যীশুর প্রেমে মগ্ন হয়্যা সদাই থাক প্রার্থনাতে।

২ মাতা পিতা সহোদরে, সকলকে তেজিতে পারে, জগৎনরে,
কিন্তু স্বামী ভিন্ন নহে কদাচিৎ জায়াহইতে।

৩ বিবাহেতে যীশুর বর, আছে দেখ পূর্ব্বাপর, নরের শুভকর,
তাহা যেন প্রাপ্ত হও তোমরা খ্রীষ্টের সেবাতে।

৪ দুঃখ সুখ যাহা ঘটে, দোঁহার ভোগা উচিৎ বটে, থাকি
নিকটে,
যীশু খ্রীষ্টের এই বিধি আছে ধর্ম্ম পুস্তকেতে।
প্রা. কৃ.

২৮০ (বৈবাহিক প্রার্থনা)

Prayer for a newly married pair.

প্রভো হেথা হয়্যা বিদ্যমান,
কর হে দম্পতির সুকল্যাণ,
হস্ত মিলন হইল যেমন,
তেমনি মিলুক তাহাদের প্রাণ।

১ অদ্যাবধি পিতামাতা, ত্যজি হইল একাত্মতা,
প্রেম ডোরেতে,
তুমি তাহাদের সহায় হয়্যা কর সদা আশ্রয় দান।

২ আপন পালন হেতু চেষ্টা, তাহাদের যেন না হয় ভ্রষ্টা,
ওহে স্রষ্টা,
অন্ন বস্ত্র আদি নিত্য দেহ যথা পরিমাণ।

৩ তারা শুদ্ধ স্বভাব পাইয়া, করুক তব ইষ্ট ক্রিয়া,
ভক্ত হইয়া,
তাতে প্রিয় পাত্র হইলে পাবে শেষে পরিত্রাণ।

৪ যদি তাদের আপদ্ ঘটে, ত্রাণ করিও সে সঙ্কটে,
থাকি নিকটে,
এমত হইলে সদাকালে সুখে হবে অবস্থান।

৫ ইহকালের সুখ যত, সে সব জলবিম্ব মত,
এ নিশ্চিত,
গেলে কিছুই ক্ষতি নাহি, যীশু কর সারজ্ঞান।

৬ এখন তোমরা প্রেমে মিলিয়া, সবার প্রিয়পাত্র হইয়া,
থাক গিয়া,
এলিসবা শিখরিয়ার তুল্য ভক্ত সাধুর মান। G. P.

---

২৮১ (শস্য নিমিত্ত ধন্যবাদ)

Praise for Harvest. 7's.

১ যাঁহার কৃপায় জগৎ ময়,
প্রতি বৎসর ফসল হয়,
তাঁহার স্তুতির অর্থে মন,
কর এখন জাগরণ।

২ ঈশ্বর আজ্ঞায় উপস্থিত,
গ্রীষ্ম বর্ষা আদি শীত,
তাঁহার অধীন সেবক বৎ,
কভু নহে অন্যমত।

৩ দেখি কৃষী সন্তোষ পান,
সোনার শস্য দোলায়মান,
লন্যা আটী বুনেন আর,
আশা করি পুনর্ব্বার।

৪ আমার মনে ভগবান,
ধর্ম্ম বীজের কর দান,
সেই বীজে আশীস্ দেও,
বহু ফসল দাতা হও।

৫ তবে শেষে যেই সময়,
জগৎ বিচার ফসল হয়,
তখন হবে সুমঙ্গল,
আশাতীত পাব ফল। G. P.

২৮২ (নূতন বৎসরের গীত)

The new Year. 8.7

১ দেখ বর্ষ হৈল গত,
শীঘ্র গেল ঋতু ছয়,
নূতন বর্ষের মধ্যে কত,
হবে মানবগণের ক্ষয়।
আহা! জল স্রোতের মত,
মোদের জীবন বহিয়া যায়॥

২ তবু ঈশ্বর কৃপায় জীবন,
অদ্যাবধি বর্ত্তমান,
এবার হৈলে শরীরান্ত,
কিসে রক্ষা হবে প্রাণ।
তাঁহার প্রতি হৈলে ভ্রান্ত,
নাহি রক্ষা হবে প্রাণ॥ G. I

২৮৩ (খ্রীষ্টকে স্বীকার করণ)

Confessing Christ in public. 7's.

১ মানিবাবে যীশুর নাম,
কেন আমি লজ্জা পাই,
নরে দিতে সুবিশ্রাম,
তিনি বিনে অন্য নাই।

২ তাঁহার বাক্য সত্যময়,
পাপের অতি শান্তি কর,
তাঁহার মরণ সত্যাশ্রয়,
ইথে তিনি মনোহর।

৩ যীশু বটেন ঈশ্বর মোর,
তিনি মাত্র সারাৎসার,
কভু নাহি করেন দূর,
দিলে তাঁকে আত্মার ভার।

৪ যাহা তাঁতে গচ্ছিত হয়,
তাহার ক্ষতি হয় না আর,
কারণ স্বর্গ মূলের ন্যায়,
অটল তাঁহার অঙ্গীকার।

৫ শেষে পিতার সম্মুখে,
গ্রাহ্য করে্য আমার নাম,
আশ্রয় দিবেন আত্মাকে,
যথা তাঁহার নিজ ধাম। G. P.

২৮৪ (অবগাহনের গীত)

For a Baptismal Occasion.

তারক যীশু তব আজ্ঞাপালক যেন হই,
আমরা এখন কাহারো নই।

১ যর্দ্দন নদীর জলে, তুমি ডুবিত হইলে,
তব মতে হওয়া মোদের উচিত হয়।

২ তুমি ডুবিত কালে, সত্য আত্মা পাইলে,
আমাদিগকে তথা দেহ ইহা চাই।

৩ আপনি নরের তরে, শুইলে কবরে,
মোদের জীবন নহে তব মৃত্যু বই।

৪ পুনরুত্থান কৈলে, আর না মরিলে,
তেমনি পাপের জয় করি যেন রই।

৫ ছিল মোদের গতি, কেবল নাশের প্রতি,
তব তোমার কৃপায় সেবক হইতে পাই।

৬ অদ্য তব শিষ্য, জানিয়া অবশ্য,
আমাদিগকে শেষে রাখ তোমার ঠাঁই। G. P.

২৮৫ (নূতন ভজনালয় স্থাপন)

For the opening of a new place of Worship.

তোমার মহিমা প্রভো হে,
প্রকাশ কর নিত্য এখানে।

ধর্ম্মগ্রন্থের এই লিখন, যীশু তব প্রিয় স্থান, নিরন্তর,
আপন দয়া প্রকাশ করয়া সেথা নিস্তার কর দীনহীন জনে

১ তোমার নামে যত জনে, একত্র হয় সেই স্থানে, এক মনে,
তোমার বচন যেখানে, প্রকাশ পায় সেখানে, তুমি আছ,
কল্যাণ করার জন্যে তোমার প্রিয় ভক্তগণে ধর্ম্মাত্মা দানে

২ হয়্যা তোমার আজ্ঞাবহ, বান্ধিয়াছি এই গৃহ, হে যীশু,
গ্রহণ কর এই স্থান, সদাই থাক বিদ্যমান, নিজ গুণে,
তোমার সেবা করিবার মোদের কর উপকার ভক্তিদানে

৩ যেমন রাত্রে প্রদীপ হয়, তেমনি হউক এভজনালয়, এদেশে
হেথা যেন অনেক জন, আসি শিখে ত্রাণ বচন, সত্যরূপে
তাতে তারা শান্তি পাবে এখন এবং পরে পরিত্রাণ
স্থানে। C. P.

২৮৬ (সুসমাচার প্রচারক নিযুক্ত সময়ের গীত)

For an Ordination Service. 7's

১ খ্রীষ্টের আজ্ঞাকারি দূত,
ওহে তাঁহার আহ্বানে,
চেতন হৈয়া তাঁহার পথ,
ধরি চল সুমনে।

১ তুমি প্রভুর সেবক হও,
তিনি দিবেন উপকার,
তাঁহার কৃপায় নির্ভর দেও,
নিত্য সাধ কর্ম্ম তাঁর।

৩ অগ্রে পশ্চাত হবে যাই,
বৃথা হবে বাধা সব,
থাকিলেও শত্রু শঠ,
হবে তারা পরাভব।

৪ তবে গিয়া নানা দেশ,
প্রচার কর প্রভুর গুণ,
আদম বংশের পাপাশেষ,
তাদের কহ ত্রাণ বচন।

৫ এখন যীশুর আশীর্ব্বাদ,
দাসে যেন প্রাপ্ত হয়,
পুরাও মোদের এই সাধ,
ওহে প্রভো দয়াময়। G. P.

মরণ ও মহাবিচার ও পরকালের বিষয়।

ON DEATH JUDGEMENT AND ETERNITY.

২৮৭ (আয়ুর চপলতা)

Brevity of human life. 7's.

১ সময় যাকে আয়ুঃ কয়,
তাহা অসার বাস্পের ন্যায়,
উল্কা কিম্বা যেমন বাণ,
তদ্রূপ অতি ধাবমান।

২ দেখ যেক্ষণ উপস্থিত,
দেখতে ২ হয় অতীত,
তাহা আছে এই ক্ষণ,
বল্‌তে নারে কোন জন।

৩ উড়িতেছে নরের প্রাণ,
মরণ হৈল সন্নিধান,
যে সময়ে জন্ম হয়,
আরম্ভিল আয়ুঃ ক্ষয়।

৪ ওহে সর্ব্ব শক্তিমান,
যেতে ২ লোকের প্রাণ,
তোমার দয়ার অধিকার,
পায়্যা থাকে অনিবার।

৫ যত যাহা পরে খায়,
তব প্রেমে নিত্য পায়,
পরিশেষে স্বর্গ বাস,
পায়্যা থাকে তব দাস।

৬ ইথে যেন আমার প্রাণ,
আশা করে পরিত্রাণ,
ঈশ্বর প্রেমে আমার হউক,
স্বর্গের নিত্যস্থায়ি সুখ। G. P.

---

২৮৮ (মরণের বিষয়)

On Death.

এ সংসার ছাড়িয়া যাইবার কালেতে,
কেহ নাহি সঙ্গে আপনার বলিতে।

১ ভাই রে যখন মৃত্যুর ভার, ঘটিবে অপার,
সাধ্য নাহি কার ঠেলিতে।
প্রতিবাসী যত, তারা হবে ভাবিত,
কিন্তু কেহ না পারিবে রাখিতে॥

২ ভাই রে দারা সুতগণ, আছে যত জন,
করিবে ক্রন্দন শোকেতে।
তারা দেখিবে নয়নে, মলিন ক্ষণে২,
বান্ধি লইয়া যাবে বিষম কালেতে॥

৩ ভাই রে তেঁই বলি শুন, হও সচেতন,
ধর যীশুর চরণ এক্ষণেতে।
তবে ভব ভয়ে পার, হইবে তোমার,
প্রভু আপনি কাণ্ডারী ত্রাণ নৌকাতে॥

৪ ভাই রে ঈশ্বরীয় কার্য্য, অতি সে আশ্চর্য্য,
নরে কি তা পারে বুঝিতে।
বলে কাঙ্গাল দুরাচার, প্রভুর মহিমা অপার,
দেখ কায়া বান্ধা আছে মায়া দড়িতে॥ ব

২৮৯ (ধার্ম্মিকের মরণ বিষয়)

On the death of a Believer. C. M.

১ যে ধার্ম্মিকেরা মৃত হয়,
শুন সে সবার ভাব,
এতদ্বিষয়ে শাস্ত্রে কয়,
সে তাদের পরম লাভ।

২ তাহাদের নামের সৌরভ যে,
সে স্থায়ি সর্ব্বক্ষণ,
স্বজনে তাহে শোক ত্যজে,
পায় অতি শান্ত মন।

৩ খ্রীষ্টাশ্রয় লইয়া মরিলে,
আশীর্ব্বাদ প্রাপ্ত হয়,
গোরে তারা ঘুমাইলে,
অত্যন্ত বিশ্রাম পায়।

৪ দুঃখ শোক ও বেদনা ছাড়িয়া,
পাপ হইতে মুক্ত হয়,
পরীক্ষায় আর না পড়িয়া,
সব আপদে এড়ায়।

৫ যেখানে ভ্রম ও বিরোধ হয়,
এমন যে পৃথিবী,
তা ছাড়িয়া প্রভুর সঙ্গে রয়,
পরম আনন্দেতে। J. C.

২৯০ (ধার্ম্মিকের কবরে শয়ন)

On the death of a Believer.

তোমরা শুন গো শুন ২ বন্ধুজন,
মোদের সখা ঘুমাইয়াছেন মিছে করহ রোদন।

১ দুঃখ শোক পরিহরি, পাপ পীড়া ত্যজ্য করি,
প্রভুর প্রেমে মন ভরি, পাইল গৌরবের ভূষণ।

২ যেখানে আনন্দময়, জরা মৃত্যু আপদ ভয়,
পরীক্ষার শঙ্কা নাহি হয়, তিনি তথা কৈলেন গমন।

৩ সঙ্গে শত সেনাগণ, ভূত ভব্য বর্ত্তমান,
ধর্ম্ম ও গান, সতত বিরাজিত মন।

৪ তার এই কলেবরে, শোয়াইয়া দেও গোরে,
মন দুঃখ নাহি করো, প্রভু করিলেন তায় শয়ন।

৫ দুঃখিত না হইয়া মনেতে, এই দেহ শোয়াইতে,
প্রভু ডাকেন এই মতে, আছে শাস্ত্রেতে লিখন।

৬ তুরীর ধ্বনি যখন হবে, মোদের সখা তায় উঠিবে,
তনু প্রাণে মিলিত হবে, মোরা দেখিব তখন।

রা. না

২৯১ (প্রভুর আগমনাপেক্ষা)

Waiting for the Lord's coming.

যীশুর প্রেম রত্ন জান্যা যত্ন করো রাখ চিরদিন,
কোন সময়ে আসিবেন প্রভু না হইও ক্ষীণ।

১ বুদ্ধিমতীর মত হইয়ে, সদা থাক চৌকি দিয়ে,
যীশুর প্রেমে মগ্ন থাক জলে যেমন আছে মীন।

২ দীপের সহিত তৈল লইয়ে, সদা থাক উজ্জ্বল হইয়ে,
প্রভুর প্রতি দৃষ্টি রাখ কোন সময়ে তাঁর আগমন।

৩ মন পাইয়াছ সুতালন্ত, কভু না হইও ভ্রান্ত,
যায় না চুরি সেই ধন চেতন থাক সর্ব্বক্ষণ।

৪ মন ঐরি তব পিছে ফিরে, সেই ধন লইবারে,
অচেতন পাল্যে পরে সত্বরে ধন করে হরণ।

৫ মন সতী বেশ ধারণ কর, তবে দেখা পাইবে বর,
অশুচি সব ত্যজ্য কর তাঁহার বস্ত্র কর পরিধান

৬ দীন মোহন বিনয় করে, শুন মন দুরাচারে
চেতন ভাবে রক্ষা কর যীশু খ্রীষ্টের প্রেম রতন।

যো.

২৯২ (মহাবিচার দিন)

The Judgment day.

প্রভুর মহাবিচার দিবস হইলে,
ভাই হে রক্ষা পাবে কিসেতে ?

১ ছাড়ি স্বর্গভুবন, করি মেঘারোহণ,
পুনর্ব্বার যীশু আসিবেন.
দূতের মহারবে, সর্ব্ব মৃত জীবে,
ভূমি বিদীর্ণ হইতে উঠিবে।
সর্ব্ব লোকের পুনরুত্থান হইলে,
বিচার হবে মহাতেজেতে ॥

২ ভাব আপন মনে, সেই বিচার দিনে.
খ্রীষ্টের দাসের কি ২ ঘটিবে,
প্রভুর বন্ধু হইয়া, মহানন্দ পাইয়া,
তাঁহার সঙ্গে নিত্য রহিবে।
বিচার কর্ত্তা যীশু বন্ধু হইলে,
সর্ব্ব ভয় যাবে দূরেতে ॥

৩ হইল তাঁহার শত্রু, কোথায় পাইবা মিত্র,
তারণকর্ত্তা হইতে পারে কে,
খ্রীষ্টই প্রধান, সর্ব্বশক্তিমান,
তিনি বিনা রক্ষা করে কে?
যীশু খ্রীষ্ট তোমার শত্রু হইলে,
থাকতে হবে সদা দুঃখেতে॥

৪ এখন কর মিলন, লইয়া যীশুর শরণ,
ভক্তি রাখ যীশুর নামেতে,
খ্রীষ্ট করুণাময়, খাণ্ডা নাহে ভয়,
তাহার সত্য আশ্রয় প্রাপ্তিতে।
যীশু খ্রীষ্ট শরণ এখন লইলে,
নিশ্চয় মুক্তি পাবে শেষেতে॥

---

২৯৩ (মহা বিচার দিন)

The Judgment day

১ বিচার দিনে মহাশ্চর্য্য,
তূরী বাদ্য অতিশয়,
তাহার সন্ধ্যাগর্জ্জন মত,
সৃষ্টি কম্পবান করায়।
পাপি লোকের
মনে হইবে বড় ভয়॥

২ মহা বিচারকর্ত্তা দেখ,
স্বয়ং ঈশ্বর নর কায়,
যারা তাঁরে আশা করে,
তারা হবে হর্ষময়।
ওহে তারক
তখন হইও মমাশ্রয়॥

৩ তাঁহার ডাকে মরা জাগে,
সিন্ধু পৃথ্বী তেজিবে,
সৃষ্টি শুদ্ধ কম্পান্বিত,
হইয়া তখন পলাবে।
ওরে পাপি
তখন তোমার কি হইবে॥

৪ ত্রাস অত্যন্ত ভয় অসংখ্য,
ধরিবে তোর কম্পিত মন,
যখন শুনিবা তাঁর বাক্য,
দূর শাপগ্রস্ত এই ক্ষণ।
যথায় শয়তান
তথায় তোমার অপমান।

৫ প্রভুর স্বীকার প্রেম ও সেবা,
যারা করে ক্ষিতিতে,
তিনি কহেন ধন্য তোমরা,
রাজ্য লহ স্বর্গেতে।
সর্ব্বক্ষণে
ক্ষমা প্রেম ভুগিবে॥

৬ দুঃখে ও বিপক্ষতাতে,
আমাদের আনন্দ ভাব,
প্রভুর দিবস সমাগতে,
সকল ক্রন্দন হইবে স্তব।
জগৎ শেষে
আমাদের আনন্দ লাভ॥ W. C.

২৯৪ (মহা বিচারের দিবস)

Christ coming to Judgment.

মহাবিচারের দিনে,
যখন লাজা হইয়া বসিবেন যীশু রাজসিংহাসনে,
যীশু যে জনে ধন অর্পণ করি গেলেন ভ্রমণে,
তাতে কে কত লাভ করিবে নিকাশ লবেন জনে জনে।

১ কাহাকে দিলেন এক তালন্ত কাহাকে দ্বিগুণ,
পাত্র বিশেষে সঁপিলেন যাক্তি যে যেমন।
যে জন পাঁচ তালন্ত দশ করিবে অতি যতনে,
তাকে বিশ্বস্ত জানিয়ে আরো দিবেন বহু গুণে।

২ হেন ধন কত জন করিছে অপব্যয়,
আমরা যেন মনে রাখি সতত এ ভয়।
যে জন মৃত্তিকাতে পুতিল এ ধন বেন্ধে বসনে,
তার হাতে পায়ে বান্ধি যীশু ফেলিবেন আগুনে॥

৩ জগৎবাসি মহাভীত হবে সে সময়,
পলাইতে চাবে কত মনে পাইয়ে ভয়।
তখন কেহ বা লুকাইতে যাবে গুহা কাননে,
তাদের চতুর্দ্দিকে ধর্ম্মদূতে ঘেরিবে তৎক্ষণে॥

৪ পাপ হেতু তাড়নাতে হইয়া নিরুপায়,
শিষ্য ভাবে কত জনে দিবে পরিচয়।
কেহ বলিবে প্রভু আমি ছিলাম তব ভজনে,
তারে বলিবেন যীশু চিনি নাক দূর হও এক্ষণে॥

৫ এই মত হবে ভাই রে জগতের শেষ,
রাখাল যেমন ভিন্ন ২ করে অজা মেষ।
যীশু অজার পাল হইতে মেষ লইবেন চিনে,
রাখিবেন অজগণ বামে মেষদিগকে দক্ষিণে।

২৯১ (বিচার করিতে খ্রীষ্টের আগমন)

The Second appearance of Christ.

যীশু খ্রীষ্ট মেঘারুঢ আসিলে,
তারণ পরিপূর্ণ হবে হে।

১ দেখ সর্ব্ব চক্ষে, যীশু খ্রীষ্ট প্রত্যক্ষে,
আকাশ মাঝে আসিতেছেন হে।

২ দুষ্ট লোকের ত্রাস ভক্তদের উল্লাস,
হবে যীশু খ্রীষ্টকে দেখ্যে হে॥

২৯৬ (বিচার দিনে ধার্ম্মিক অধার্ম্মিকের গতি)

The final separation of the Righteous and the Wicked.

মহাবিচার করিবেন বসি,
যীশু জগতের শেষ কালে আসি

১ হবে কুলা হাতে তাঁর, ঝাড়িবেন খামার,
শোধনার্থে শস্য রাশি।
তিনি গোম ঝেড়ে লইবে, গোলাতে উঠাইবে,
অনলেতে সকল পোড়াবেন ভূষি ॥

২ তাঁর মহাবিচার কালে, কাঁপিবে সকলে,
শুন হে জগৎ বাসি।
তাঁহার ধর্ম্মবিচারেতে, না পারে রহিতে,
কত ভাক্ত সাধু হইবে দোষী ॥ প্রা. কৃ.

---

২৯৭ (স্বর্গের আশায় আনন্দ)

Joy in the hope of Heaven.

স্বর্গে ঈশ্বরের কাছে যাইব যখন,
তৎকালীন সুখের আশে হৃষ্ট থাক মন।

১ তেজোময় সেই স্থান, কেবল ঈশ্বরের নির্ম্মাণ,
পবিত্র অক্ষয় রূপে হয়্যাছে স্থাপন।

২ ঈশ্বর যীশু খ্রীষ্ট তাতে, থাকেন দূতগণ সাতে,
সাধু লোকে হৃষ্ট মনে করে কাল যাপন।

৩ তথা নাহি মিথ্যাবাদী, ঘাতক দুষ্ট নিষ্ঠুরাদি,
নিত্যানন্দ পুরি সেই সতের ভবন

৪ ধাৰ্ম্মিকেরা দীপ্তিময়, পুণ্য মুকুট প্রাপ্ত হয়,
সবাদ্যে করয়ে যীশুর স্তব সংকীর্ত্তন।

৫ ধন্য ঈশ্বর পরিত্রাতা, মোদের অশেষ জীবনদাতা,
নিত্য স্তব স্তুতি করে সর্ব্ব জন।

৬ অনিত্য সংসার ত্যজ, পুণ্য সাস্ত্র খ্রীষ্ট ভজ,
এড়াইবে কষ্ট হবে স্বর্গেতে গমন।

---

২৯৮ (স্বর্গ সর্ব্বোত্তম স্থান)

Heaven the better Country.

১ হেথায় আছে নানা দুখ,
স্বর্গে আছে কেবল সুখ,
অতি রম্য স্থল।
শেষে আমরা গিয়া,
সেথা উত্তরিয়া,
সর্ব্ব ভয় এড়াইয়া,
পাইব কত সুমঙ্গল।

২ মর্ত্ত্যে বার ২ মিলন হয়,
কিন্তু তাহা ভঙ্গ হয়,
হেথায় সকল চঞ্চল।
স্বর্গে একবার সাক্ষাৎ,
হইলে খ্রীষ্ট সাত,
বিচ্ছেদ নাহি পশ্চাৎ,
হবে তাতে সুমঙ্গল ॥

৩ ভবে নিশ্চয় কিছু নয়,
ধন কি প্রাণ কি প্রেম প্রণয়,
আশা সব নিস্ফল।
স্বর্গে সত্য ভোগ,
কভু নয় বিয়োগ,
সকল হয় অমোঘ,
সেথা হবে সুমঙ্গল ॥

৪ হেথায় পাপও মৃত্যু হয়,
তাতে জন্মে নরক ভয়,
দোষের বিষম ফল।
স্বর্গ পুণ্য দেশ,
পাপও দুঃখ লেশ,
করে না প্রবেশ,
সেথায় বটে সুমঙ্গল।

৫ ধন্য যীশু দয়াধার,
খুলিলেন স্বর্গ দ্বার,
তারিতে পাপি দল।
হৈয়া সুপ্রকাশ,
ভবে করেন বাস,
ইথে পাপের নাশ,
কি আশ্চর্য্য সুকৌশল॥

৬ দুঃখ পাইলে অনুক্ষণ,
সুস্থির হইও আমার মন,
শীঘ্র যাবে সকল।
সেই সুখ স্থান,
পায়্যা আমার প্রাণ,
হইলে পরিত্রাণ,
তখন হবে সুমঙ্গল॥

৭ এখন হইও সাবধান,
লভিবারে পরিত্রাণ,
ত্যজি নরকানল।
যীশু সত্য পথ,
তিনি মাত্র পথ,
ধর সেই পথ,
শেষে হবে সুমঙ্গল॥ G. P.

Tune, "O that will be joyful."

২৯৯ (স্বর্গ দর্শন অর্থাৎ মুক্তলোকের সুখের কথা ।

A sight of Heaven, or the happiness of the Redeemed.

সাধুর জন্যে যীশু কৃত যেই নিকেতন,
কেন ভুলি তাহা, আইস করি অন্বেষণ।

১ বিশ্বাসেতে করি পক্ষ, উড়ি স্বর্গ করি লক্ষ,
তথাকার তিরোধান করি নিরীক্ষণ।

২ ধার্ম্মিকেরা তদুপরে, কিবা মহানন্দ করে,
উজ্জ্বল গৌরবে কিবা প্রফুল্ল বদন।

৩ হেথা তারা একবার, পাপে করি হাহাকার,
অশ্রুপাতে ভিজাইল আসন বসন।

৪ মোরা যেমন বর্ত্তমানে, পাপ সহ আছি রণে,
তারা ছিল মর্ত্য লোকে পূর্ব্বেতে তেমন।

৫ কোথা হইতে পাইলা জয়, জিজ্ঞাসিলে তারা কয়
ঐক্য ভাবে এক বাক্য হৈয়া সর্ব্বজন।

৬ প্রশংসা পূর্ব্বক কয়, ইথে হৈল পাপ জয়,
মেষ শিশু তুল্য যীশু লভিলে নিধন।

৭ যে পথে পদাঙ্ক তাঁর, দেখিল তাহারা সার,
সেই পথে বিধি মতে করিল গমন।

৮ খ্রীষ্টাচার অনুসারে, চলি তারা এ সংসারে,
স্বীকৃত বিশ্রাম পরে করিল গ্রহণ। G. P.

৩০০ (মৃতলোকদের পুনরুত্থান)

The Resurrection of the Dead.

প্রভু যীশু মৃত্যুঞ্জয় হওয়াতে,
জয় হবে মোদের শেষেতে।

১ মৃত্যুযুক্ত দেহ, ধুলা মাত্র সেহ,
ভরসা পাইয়া রবে কবরে।
কীটে খাইয়া যাবে, তবু আশা রবে,
কিছু নাহি হারা যাবে রে॥

২ আছে যত সৃষ্টি, তাতে তব দৃষ্টি,
তুমি সর্ব্ব শক্তি প্রভু হে।
তোমার রক্ত ক্রীত, যত আছে মৃত,
তুমি নিত্য দেখিতেছ হে॥

৩ যখন দূতের তূরী, মহা উচ্চৈঃস্বরে,
তোমার অগ্রে অগ্রে বাজিবে।
পুনরুত্থান হবে, সর্ব্ব লোকের হবে,
ভক্তগণের জয় ২ হবে হে॥

৪ দেখ গগণ পথে, মহাশ্চর্য্য রথে,
কোটী ২ দূত সঙ্গেতে।
যীশু মহারাজা, দেখি সকল প্রজা,
তখন তাঁহার পূজা করিবে॥

৫ সাগর ভূমিতে বদ্ধ, আপন শরীর শুদ্ধ,
সর্ব্ব দিগে লোক উঠিবে।
হর্ষিত হইয়া সর্ব্ব, গাইবে অপর্ব্ব,
মৃত্যু তোমার জয় কোথা রে॥

---

৩০১ (নরকের দায় বিষয়)

The Wrath to come.

এখন বুঝ্যা দেখিলে না যে তোমার শেষে হবে কি উপায়
তখন আতঙ্কে জ্ঞান হত হবে ঠেকিলে নরকের দায়।

১ ভাই, উত্তম অধম বাছিবেন যীশু মহা বিচারেতে,
বিশ্বাসিকে তুষ্ট হয়্যা রাখিবেন স্বর্গেতে।
শেষে মহা ক্রোধেতে ও রে ভাই,
তখন নরক কুণ্ডে ফেলিয়া দিবেন বান্ধি পাপির
হাতে পায়॥

২ ভাই, পাইয়া মানব জনম হেলায় দিন কাটালে,
কি বলিয়া উত্তর দিবে যীশু জিজ্ঞাসিলে?
তাহার উপায় করিলে না ও রে ভাই,
তখন ঘোর যাতনায় পড়্যা কান্দিবে বলিতে থাকিবে
হায় রে হায়॥

৩ ভাই, ধর্ম্মপথে শীঘ্র আইস পাপের পথকে ছেড়্যা,
নহিলে জ্বলিতে হবে নরকেতে পড়্যা।
তাহা সহিবে কেমনে ও রে ভাই?
তখন মর্য্যা না মরিবে কেবল জ্বালায় প্রাণ জ্বল্যা যায়॥

৪ ভাই, সামান্য অনল নহে নরক ভিতরে,
দিবানিশি দহিবে প্রাণ ত্রাহি ত্রাহি কর্য্যে।
কভু শান্তি পাবে না ও রে ভাই,
আর অনন্ত কাল জ্বলিবে তবু সে অনল না শীতল হয়॥

প্রী. কৃ.

৩০২ (স্বর্গ এবং নরক)

Heaven and Hell.

১ গগণ উপরিভাগে দৃশ্য মনোহর,
স্বর্গপুর নাম সুখ প্রেমের আকর।
ধর্ম্মের তনয় সব মরণের পর,
গমন করেন সেই ভুবন উপর॥

২ অধো ভাগে ভয়ঙ্কর নরক কল্পনা,
যাহাতে কেবল মাত্র অক্ষয় যাতনা।
ভূত সঙ্গে তথা বাস করে পাপিচয়,
অন্ধকার অনল শৃঙ্খলে বদ্ধ রয়॥

৩ আমার সমান পাপী হইলে কোন জন,
হেন স্থানে রক্ষা কি পাইবে কদাচন?
যেইকালে এ জীবন পলাইবে দূরে,
যাইতে কি পারি আমি সেই স্বর্গপুরে॥

৪ অতএব মম প্রাণ রহে যত ক্ষণ,
সদত করিব আমি ঈশ্বর ভজন।
যদি আজি কলেবর ধরাশায়ী হয়,
কি জানি যাইতে হয় নরক আলয়॥

By a Hindu.

---

৩০৩ (নরকের বিষয়)

Hell.

অসার সংসার হ্রদে না ডুবিও আর,
মায়া ত্যজ খ্রীষ্ট ভজ পাইবে নিস্তার।

১ শুন ওরে মন, করি নিবেদন, পাপ না করিও আর,
ঘোর দুঃখ পাবে, নরকে ডুবিবে, তাহাতে নাহিক পার।

২ বাড়িবে সন্তাপ, পাবে মনস্তাপ, উঠিতে নারিবে আর,
বন্ধুহীন স্থানে, অশেষ যাতনে, শরণ লইবে কার।

৩ ঈশ্বরের দণ্ড, বড়ই প্রচণ্ড, তাহার কে সহিবে ভার,
তাঁর কোপানল, অত্যন্ত প্রবল, কিসে হবে নিস্তার।

৪ অবিশ্বাসী আর, মিথ্যাবাদী নর, যত পাপী দুষ্টাচার,
বিগ্রহপূজক, মায়াবী ঘাতক, আর যে করে ব্যভিচার।

৫ এ দুঃখহইতে, আত্মাকে রাখিতে, যদি চাহ উপকার,
ত্যজ পাপাচার, খ্রীষ্ট কর সার, নিশ্চয় হবে নরকে উদ্ধার।

৩০৪ (যীশু সেবার ফল)

The value of Religion. 7's.

১ জীবন কালে সত্য সুখ,
ঈশ্বর সেবায় মাত্র হয়,
মৃত্যু যখন হয় সম্মুখ,
তাহে মনও সুস্থির রয়।

২ পরকালে চির স্থায়ি,
হবে যীশু দাসের সুখ,
ইথে তোমার দয়া চাই,
যশু হইও না বিমুখ।

G. P.

৩০৫ (সভা ভঙ্গের পূর্ব্বের প্রার্থনা)

For a blessing at parting.

১ যীশু খ্রীষ্টের কৃপা সহ,
পরম পিতার অশেষ প্রেম,
এবং আত্মার অনুগ্রহ,
মোদের প্রতি হউক আমেন।

২ তাহা পাইলে ঐক্য হইবে,
পরস্পরে প্রভুতে,
কাল কাটাইব সুখ ভাবে,
নিত্য আমরা ক্ষিতিতে। G. P.

৩০৬ (ত্রিত্ববিশিষ্ট ঈশ্বরের ধন্যবাদ)

Praise to the Triune God. 1 21

মর্ত্ত্যেতে সৃষ্ট সব লোকে,
প্রশংসা কর ঈশ্বরকে।
স্বর্গ নিবাসী প্রাণি সব,
করহ নিত্য তাঁহার স্তব,
পিতা ধর্ম্মাত্মা পুত্রেরে,
পশংসা কর আদরে। G. P.

গীতের প্রথম চরণের নির্ঘণ্ট।

গীতপুস্তকের প্রকরণ সকলের নির্ঘণ্ট।

গীত রচকদিগের সাঙ্কেতিক ও স্পষ্ট নাম।

রা. কৃ.	রামকৃষ্ণ.
কা. মং.	কালাচাঁদ মণ্ডল.
তা. দ.	তারাচাঁদ দত্ত.
কা.	কাঙ্গালী.
হ.	হরি.
প্রা. কৃ.	প্রাণকৃষ্ণ.
প.	পতিত.
যা. মং.	যাকুব মণ্ডল.
চা. বৈ.	চাটিগাঁর বৈরাগী.
ই. না.	ইন্দুনারায়ণ.
রা. না.	রামনারায়ণ.
গ. ম.	গঙ্গারাম মণ্ডল.
রা. ম.	রাধামোহন.
জ. না.	জয়নারায়ণ.
মো.	মোহন.
A. S.	Amos Sutton.
J. C.	John Chamberlain.
W. C.	Dr. Carey.
J. M.	Dr. Marshman.
S. B.	Silvester Bareiro.
G. P.	George Pearce.